

## অবধূত

মিত্র 😻 ঘোষ ১• শ্বাবাচরণ দে স্কীট, কলিকাভা ১২ ভূতীর স্থাণ ডিসেম্বর ১৯৬২

নিত্ৰ ও বোৰ, ১০ ভাষাচরণ দে ক্ৰীট, কলিকাতা ১২ হইতে এন. এন. রায় কর্ড্ক প্রকাশিত ভাগনী প্রেন, ৩০ কর্নওআলিন স্থীট, কলিকাতা ৩ হইতে শ্রীসূর্বনারারণ ভটাচার্ব কর্ড্ক মু এই লেখকেয় লেখা---

সাগৰ থেকে ফেরা,

ভাবিৰাল, কুৱাশা, অুমুৰন্ত, পুতুল ও প্ৰতিমা,

পঞ্চলর, যুত্তিকা, মহাৰগর,

नरानी, (वनामी वन्तन,

यमानावं गडा।



রংপুর ফৌলন। প্রাইকর্ম লোকে লোকারণ্য। নিশিল বন্ধ করা চিকিৎসক সন্মিলনীর মনোনীত সভাপতি ডাক্তার রায় আসছেন কলকাতা থেকে, ভাই সন্মিলনীর সম্বর্জনা সমিতির সভাপতি থেকে আরম্ভ করে অস্থাস্থ কর্ম্মীদের সকলেই এসে জড় হরেছেন কেশন প্রাটফর্মে। নানাবিধ পোফার এবং পতাকায় কেশন প্রাক্ষণ নেলা-ভলার মত রং-চংএ হরে উঠেছে। পোফারগুলির মধ্যে সকলের আগে চোল পড়ে প্রকাণ্ড ত্ব-পাটি দাঁত সংযুক্ত পোফারটির ওপর। পড়াকা-গুলিতেও নানারকম বাণী শোভা পাচেছ। সেই সব বিচিত্র বাশীর মাত্রা করেকটি এখানে উল্লেখ করছি:

দাঁত ভোলালে দাঁতের ষদ্ধণা বাবে না। দাঁত ভোলাও আর বাঁধাও। দাঁত থাকতে দাঁতের মর্য্যাদা বোঝ।

দাঁভের গোড়ার রোগ সকল রোগের গোড়া।
আকেল হাঁভ উঠিলেই আকেল হয় না।
মান্থবের আদিন অন্ত হাঁভ।
জর সভাগতি দক্তবাদীশ ডাকোর রায়ের জয়।

निविश्वकृतः एक क्रिकिश्यक् मुश्रिमनी, दश्कृत ।

ট্রেশ আসবার আর বিশেব দেরী ছিল না আর নেই কার্যনেই সবর্জনা সমিতির সভাপতি রায়বাহাতুর অধ্যরনাথ থেকে তল্যানিরার্ত্ত পর্যন্ত রীতিমত ব্যস্ত এবং উত্তৈজিত হরে পড়েছিল। অনেকে জ্যে ফুলের মালা পর্যান্ত হাতে নিয়ে ড়েরী।

নায়বাহাত্ত্ব একজনকৈ জিলাসা ক্রেলেন, চিনতে পাশ্বৰে ক্রেন্ট হে। গুণদাচনও থেকে<sup>ন্ট্র</sup>কালে, চিনতে পাশ্ববো না, বলেন ক্রিন্সপাই। কনকানেজ্যের প্রেসিড্ডন্ট ভার স্থানেবিকা কেন্ত ক্রেট্ট দাভেন ভারতার। রায়বাহাত্র বললেন, আহা, দাঁতের ডাক্তার বলে তো আর দাঁভ দেখে চেনা যাবে না।

গুণদা বললে, না, না, তা কেন। আমাদের বিনোদবাবু তো তাঁকে সঙ্গে করে নিয়ে আসছেন।

রায়বাহাতুর বললেন, না হে. সেই তো হয়েছে বিপদ। বিনোদ বে আসতে পারবে না বলে টেলিগ্রাম করেছে—পবেব ট্রেণে স্মাসবে জানিয়েছে।

রায়বাহাত্বর গলাবন্ধ চায়না সিল্কের কোটের পকেট থেকে টেলিগ্রামটা বার করে গুণদাকে দেখালেন। গুণদার উৎসাহ তবু কমলো না। সে বললে, তাতে আর হয়েছে কি। আমরা না চিনলেও এত বড় মিছিল দেখে তিনি কি আর আমাদের চিনতে পারবেন না ?

ট্রেণ স্বাসবার ঘণ্টা পড়ে গেল। চাষী গোছের একটা লোক ভয়ে ছুটতে ছুটতে টিকিট ঘরের সামনে এসে টিকিটবাবুকে বললে, শুনছেন বাবু, ভিনটের গাড়ি কটায় ছাড়বে কইতে পারেন ?

টিকিটবারু ঘাবড়ে গেলেন। মিনিটখানেক তার মুখের দিকে ই। করে চেয়ে থেকে বললেন, কি বললে ?

লোকটা বললে, আজ্ঞে তিনটের গাড়ি কটার সময়---বলভে বলতেই সেঁবন নিজের বোকামীটা ব্রুভে পারলো, ফ্যালফ্যাল করে একবার টিকিটবারুর মুখের দিকে চেয়ে পিছু হাঁটভে হাঁটভে সরে পড়লো। ঠিক ভার পিছন দিয়ে যাচ্ছিলেন স্থানীয় থিয়েটারের ম্যানেজার নকড়িবারু। কলকাতা থেকে বিখ্যাত গাইয়ে এবং আভিনতা নটবর লাহিড়ী আসছেন এই ট্রেণে স্থানীয় থিয়েটায়ে অভিনয় করতে। নকড়িবারু তাঁর সহকারী ফ্যালারামকে নিম্নে এসেছিলেন তাঁকে অভ্যর্থনা করে নিয়ে বেভে। হাতে ছিল ভার মন্ত একটা পোক্টার—লাল শালুর্ব উপর তুলো দিয়ে নটবর

লাহিড়ীর নাম লেখা। টিকিট্যরের সামনে থেকে পিছু হাঁটতে হাঁট. 5 লোকটা একেবারে নকড়ির ঘাড়ে এসো পড়লো—পোফারটা ছিটকে পড়ে গেল মাটিভে।

ম্যানেজার দাঁতমুখ খিঁচিয়ে চিৎকার করে উঠলেন, দেখেছো, দেখেছো ব্যাটার কাণ্ড। কোথায় বিজ্ঞাপনটা পড়বে, না উল্টে দিয়ে চলে গেল।

পোন্টারটা তুলতে তুলতে ফ্যালারামকে বললেন, খুব বিজ্ঞাপন দিয়েছি কি বলো ফ্যালারামবাবু ? বঙ্গরক্সঞ্চের কন্দর্পকান্তি, কিমরকণ্ঠ অপ্রতিঘন্দী নট্ নটবর লাহিড়ী আপনাদের মাঝখানে…

ফ্যালাবাম বললে, আজ্ঞে ওটা মাঝধানে নয়, সামনে হবে। থিয়েটার তো জার বাত্রা নয়।

ম্যানেজার চটে উঠলেন: তাথ ফ্যালা, বিশবছর থিয়েটার চালাচ্ছি, তুই এসেছিস আমায় বিজ্ঞাপন লেখাতে ? আমায় খুশী আমি মাঝধানে লিধবো। আমি যদি সামনের বদলে পিছনে লিধি কি করতে পারিস তুই ?

ফ্যালারাম বললে, পেছনে কেন আপনি ল্যান্ধে লাগান, আমার বাকী ছ-বছরের মাইনে চুকিয়ে দিন, থিয়েটারে কাল আমি করভে চাই না।

ম্যানেজার স্থর নরম করে বললেন, আহা চটিস কেন, চটিস কেন। এবারটা যা হয়ে গেছে যাক, আসছে বারে ঠিক সামৰে লাগিয়ে দেব দেখিস। কিন্তু ব্যাপার কি বল্ দেখি! গোটা প্ল্যাটফর্মটাই যে দন্ত বিকাশ করে হাসছে…

ফ্যালারাম সগর্বের জবাব দিলে, ভাভে আর আশ্চর্য্য কি ! আভ বড় অভিনেতা আসছেন····

দন্ত চিকিৎসক সম্মিলনীর সম্বৰ্জনা সমিতির একজন সদস্য একটি প্রভাকা হাতে নিয়ে এই দিকে আসম্ভিলেন, ফ্যালারামের কথাটা তাঁর কানে গেল। ডিনি বললেন, অভিনেতা আবর কে ? ডেন্টিষ্ট কন্ফারেন্সের সম্ভাপতি ডাক্টার রায় আসছেন।

ম্যানেকার তার কথাটা প্রায় লুকে নিয়ে ব্যক্ত কণ্ঠে বললেন, আসছেন নাকি! তাই বুঝি ফেঁশনে এমন দাঁত কপাটি লেগেছে! কিন্তু তিনি তো আর গোটা ট্রেণটা কামড়ে আসছেন না, ট্রেণে অয় ত্র-চারক্তন লোকও আছে। নটবর লাহিন্টার নাম শুনেছেন—বিখ্যাত গাইয়ে ও অভিনেতা। তিনিও আসছেন এই ট্রেণে আমাদের ধিয়েটারে অভিনয় করতে, বুঝলেন ?

বাঁকে উদ্দেশ্য করে কথাগুলো বলা হোলো তিনি বুঝলেন কি-না বলা শক্ত, তবে আর বাক্যব্যয় না করে সেধান থেকে সরে গেলেন।

চলস্ত টেশের কামরার ডাক্তার রায় এবং তাঁর সহকারী গোবিন্দকে দেখা গেল। রংপুর আসতে আর দেরী নেই, কাজেই ছলনে স্টুকেশ এবং বিছানা গুছোতে ব্যস্ত। ডাক্তার রায় এ-সব ব্যাপারে একেবারে আনাড়ি, স্টুকেস গুছোতে গিরে বতই অগোছাল করে ফেলছেন এবং ঘর্মাক্ত হয়ে উঠছেন ততই তিনি অপ্রসন্ম হয়ে উঠছেন গোবিন্দর উপর। অবশেষে তিনি হতাশ হয়ে বেঞ্চের ওপর বসে পড়ে বললেন, তুমি একটি হাঁলা গোবিন্দ। সব ছড়িয়ে পড়ে রইলো, এদিকে টেশন এসে গেল।

গোবিন্দ বললে, আজ্ঞে না স্থার, এখনও ডিফ্ট্যাণ্ট সিগছাল পার হয় নি. দেরী আছে।

—দেরী আছে! দেরী আছে! ভোমার ওই এক কথা। ভারপর টেলন এসে পড়ুক, ভবন নামবার সময় পাওয়া বাবে বাং নাও ভাড়াভাড়ি নাও, কাজের সঁময় কথা আমি পছন্দ করি না। ভাক্তার রায় উত্তেজিত ভাবে কোটের বোডাম আঁটেডে লাগলেন, গোবিন্দ আবার স্থট কেসের দিকে মন দিল। বোডাম আঁটা শেষ করে ডাক্তার রায় চিস্তিত ভাবে প্রশ্ন করলেন, আচ্ছা, এই বান্নই রংপুর ফৌশন আসবে ঠিক জানতো ?

- না এসে যাবে কোথায় স্থার, পালিয়ে তো আর **যাবে না** !
- আহা তাই বলছি নাকি। কিন্তু ধরো যদি ফেশনে কেউ না আসে?
- —বলেন কি স্থার। নিখিলবঙ্গ দন্ত চিকিৎসক সম্মিলনীর সভাপতিকে অভার্থনা করতে কেউ থাকবে না তা কি হ'তে পারে ?
- —ফেশনে তা হ'লে নিশ্চয় লোক থাকবে কি বলো ? কিন্তু ধরো যদি আমাদের চিনতে না পারে ?

এ-কথাটা অবশ্য গোবিন্দর এর আগে মনেও হয় নি। সে দাঁড়িরে দাঁড়িয়ে ভাবতে লাগলো।

ভাক্তার রায় বললেন, ওই ভোমার বড় দোব গোবিন্দ ! কাক্ত সারবে না দাঁড়িয়ে দাঁড়িয়ে ভাববে !

গোবিন্দ আবার স্থট্কেসের দিকে মন দিল।

## এই ট্রেনেরই আর একটি কম্পার্টমেন্ট।

ফকির জানালা দিয়ে মুখ বাড়িয়ে কি যেন দেখবার চেন্টা করছিল, তার হাতের খবরের কাগজখানা হঠাৎ হাওয়ার ঝাপটার তার মুখ চেকে ফেললো।

স্থাজিত জিজ্ঞাসা করলে, কিহে ফকির চাঁদ, কি দেখছো ? রংপুর আসতে আর কভ বাকী ?

ফকির জবাব নিলে: দেখতে দেখতে চাপা পড়ে গেল বে!..

- চাপা পড়ে গেল! সে কি হে ? চেন্টানবো না কি ?

— না, না, চাপা কেউ পড়েনি, ওই কাগজটা।—বলেই জানালা দিয়ে আর একবার মুখ বার করে বললে, নাও তৈরী হয়ে নাও, বংপুর এসে শড়লো।

স্থাজিতের কোন ব্যস্তভার লক্ষণ দেখা গেল না। সে ধীরে স্থাজ্থে স্থাট্রেসটা বন্ধ করতে করতে আর্তির স্থারে আওড়াতে লাগল:

> এবার তবে খুঁজে দেখি অক্লেতে কুল মেলে কি বীপ আছে কি ভব সাগরে …

ক্ষির বললে, তোমার ও সব হেঁয়ালী আমার ভাল লাগে না।
শুধু বখেয়া সেলাই নিয়ে এমন বাউণ্ডুলের মতো ঘুরে বেড়িয়ে
শিক্ষিবে ?

স্থান্ধিত তেমনি নিরুদ্বিগ্ন কণ্ঠে বললে, তুমি বুঝতে পারছো না কবিবটাদ, বল্পীয় বেকার-সঙ্বের অবৈতনিক সেক্রেটারীর একটা কর্ত্তব্য আছে তো!

— রেখে দাও ভোমার বেকার-সঞ্জ আর ভার কর্ত্তব্য !— কবির বললে একটু ঝাঝালো শ্বরে: বেকার-সঞ্জ্বের সেক্রটারী হরে এভ ঘোরাত্মরি করেও তো একটা কান্ধ ক্লোটাতে পারলে না।

স্থাজিত তাতেও দমলো না, বললে, আরে কান্ধ জুটলেই তো সাকার হয়ে বাব, তথন তো আর বেকার থাকবো না। তার আগে বেকার বুবকদের তরক থেকে সমস্ত শহর জরীপ করে বেড়াচ্ছি---কোথায় কান্ধের কি ভরসা হঠাৎ মিলে যেতে পারে কে জানে!

ট্রেণ এসে থামতেই চারিদিকে যেন হড়োছড়ি স্কুল হয়ে গেল।
বারা মালা নিরে অপেকা করছিল তাদের মধ্যে স্কুল হোলো
কে আগে ডাক্তার রারের কাছে পৌছবে তারি প্রভিষোগিতা।
চারিদিকের ছুটোছুটি, ঠেলাঠেলির মধ্যে বার বাহান্তরের গলা শোনা
গেল: কই হে, তাঁকে দেখতে গাছছ ?

স্থঞ্জিত আর ফকির ভাদের কম্পার্টমেণ্ট থেকে নামবার উপক্রেম করছিল, কে একজ্বন স্থঞ্জিতকে দেখিয়ে বললে, আজ্ঞে ওই বে—ওই সেকেণ্ড-ক্লাস কম্পার্টমেণ্টে—ওই তো দাঁড়িয়ে আছেন, চেহারা আর পোষাক দেখে স্পন্ট বোঝা যাচছে...

ব্যস, আর যার কোথায় ? সবাই ছুটলো সেই সেকেণ্ড-ক্লাস কামরার দিকে। সমবেত কণ্ঠে অভ্যর্থনা স্থরু হয়ে গেল: আস্থন, আস্থন, নেবে আস্থন।

স্থানিত এবং ফকির তুজনেই রীতিমত আশ্চর্য্য হয়ে গিয়েছিল। কিন্তু স্থান্ধিত নিজেকে সামলে নিয়ে বললে, নামবার জয়ে ব্যাকুল হয়েই আছি, কিন্তু আপনারা…

অভ্যর্থনা সমিতির একজন প্রবীন সদস্য এগিয়ে এসে বললেন, আমরা আপনার অভ্যর্থনার জন্মেই এখানে সমবেত হয়েছি। ইনি রায়বাহাতুব অধরনাথ, রিসেপসান কমিটির চেয়ারম্যান।

রায়বাহাতুরকে দেখিয়ে দিয়ে তিনি হাঁকলেন, কই হে, মালা কোথায় ? মালা হাতে করে কয়েকজন স্থাঞ্জতের সামনে এসে দাঁড়াল । বায়বাহাতুর এবং আরও কয়েকজন মিলে সেগুলি স্থাঞ্জতের গলায় পরিয়ে দিলেন । ফকির কি বলবে, কি কয়বে কিছুই ঠিক কয়তে পারছিল না, এক একবার ভাবছিল, লাফ দিয়ে প্লাটকর্ম্মে পড়ে চোঁচা দৌড় দেয়, কিন্তু তার আগেই কে একজন একগাছি মালা নিয়ে ভার সামনে এসে বললে, আপনাকেও পরতে হ'বে।

ফ্কিরের কপাল দিয়ে দরদর করে যাম পড়তে লাগলো। নিশ্চরই এদের কোথাও ভুল হয়েছে, নইলে তাকে----!

স্থাজিতের দিকে চাইতেই স্থাজিত তাকে মালাটা পরবার জক্তে চোখে চোখে ইশারা করলে, ফলে ফকিবটাদ বিনা প্রতিবাদেই মালা পরে ফেললো।

সভাপতির আগমন উপলক্ষে স্থানীয় হাইস্কুলের পণ্ডিত মলাইকে দিয়ে যে গান লেখান হয়েছিল ছেলের দল এইবার সমবেতকণ্ঠে সেটা গাইতে শুরু করে দিল।

ক্ষকিরচাঁদের মনে হোলো তার কাণের কাছে কতকগুলো বোমা কাটছে।

স্থৃঞ্জিত ট্রেণ থেকে নামতেই রায়বাহাতুর বললেন, কলকাভা থেকে আসতে থব বেশী কফ হয়নি তো ?

স্থাজিত নিরাসক্ত কণ্ঠে জবাব দিলে: না, কফ আর কি ' শুধু বা টিকিট কেনবার…

- —টিকিট কেনবার কন্ট। রায়বাহাতুর ক্ষুক্ত, ক্ষুপ্রভাবে বঙ্গে উঠলেন, আহাম্মুকরা আপনাদের দিয়ে টিকিট কিনিয়েছে। কি অক্সায়।
- অস্থায় বই কি ' আমাদের দিয়ে টিকিট কেনান অভ্যন্ত অস্থায় !— স্থান্ধিত তেমনি নিস্পাহভাবে বলে উঠলো।

রায়বাহাতুর বললেন, ছি, ছি, কি লড্জার কথা।

স্থাজিত বললে, যাক আর লচ্ছিত হবেন না। যা হবার তা হয়ে গেছে। ব্যাপার কি জানেন, পারতপক্ষে আমরা টিকিট কিনি না।

রায়বাহাতুর বললেন, ঠিক কথাই তো! আপনারা টিকিট কিনবেন কি!

স্থঞ্জিত ফকিরের দিকে চাইলে, ভারপর বললে, আমিও ঠিক এই কথাই রেলকোম্পানী আর ফকিরটাদকে বোঝাতে চাই।

ফকিরকে দেখিরে স্থজিত অমায়িকভাবে বললে, এঁরই নাম ফকিরটাদ, আমার সহকারী····

স্বায়বাহাচুর বললেন, বেশ, বেশ, আলাপ করে স্থা হলাম। স্বান্ধিত হাসতে হাসতে বললে, পরে আরও হরেন। এদিকে থিয়েটারের ম্যানেঞ্চার নকড়িবাবু সহকারী ফ্যালারামকে নিয়ে নটবর লাহিড়ীর সন্ধানে প্লাটফর্মের এধার থেকে ওধার পর্যান্ত ছুটোছুটি করে বেড়াচ্ছিলেন। শেষ পর্যান্ত কলকাতার সেই বিখ্যান্ত গাইয়ে এবং অভিনেতাকে কোথাও আবিদ্ধার করতে না পেরে তিনি ফ্যালারামের দিকে চেয়ে হভাশ কণ্ঠে বললেন, কি হে, হোলো কি! কোন পাত্তাই তো নেই। না আসবার কারণও তো কিছু বুঝান্তে পারছি না। রওনাই হয় নি নাকি?

ফ্যালারাম চুপ করে একটু ভাবলে, তারপর বললে, রওনা হরতো ঠিক হয়েছিলেন, কিন্তু শাঝপথে গাড়ী বদলেছেন।

- —গাড়ী বদলেছেন ?
- —আজ্ঞে হাা, গাড়ী ছেড়ে হয়ত বোতল ধরেছেন।

ম্যানেজার এতটা বিশ্বাস করতে পারলেন না, বললেন, তোর বেমন কথা। দাঁড়া, আর একবার প্ল্যাটফর্মটা ভাল করে খুঁজে দেখি…

তিনি আবার নটবর লাহিড়ীর থোঁজে চললেন।

প্লাটফর্মের স্থার একপ্রান্তে ডাক্তার রায় তাঁর বিছানা এবং স্থটকেশ নিয়ে নেমে কি করবেন ভেবে পাচ্ছিলেন না। তাড়াভাড়ি নামবার সময় তিনি বিছানাপত্র এমন ভাবে চারিদিকে ছড়িয়ে ফেলেছিলেন যে সেগুলোর মাঝখানে তাঁকে প্রায় ছোট ছেলের মতো অসহায় মনে হচ্ছিল। গোবিন্দ বাকী কটা জিনিষ নিয়ে ট্রেণ থেকে নামতেই ডাক্তার রায় জিজ্ঞাসা করলেন, কি হে, আর কিছু গাড়ীভে নেই তো?

গোবিন্দ সবিনয়ে বললে, শুধু গদিগুলো আছে স্ঠার!

--- আহা, গদিগুলো কি ভোমার আনতে বলেছি? কিন্তু এদিকে

বে কারও দেখা নেই। তোমাকে তখনই বলেছিলাম কাজ নেই এমন বেপোট জায়গায় এসে। এদের কি আর বুদ্ধিশুদ্ধি আছে, হয়তো ভুলেই গেছে লোক পাঠাতে।

নকড়ি ফ্যালারামকে নিয়ে এই দিকে আসছিলেন; ডাক্তার রায়ের কথার শেষটুকু তাঁর সজাগ কাণকে ফাঁকি দিতে পারলো না; নকড়ি এগিয়ে এসে ব্যগ্রকণ্ঠে ডাক্তার রায়কে জিজ্ঞাসা করলেন, আপনারা কার জন্মে অপেকা করছেন ? নিশ্চয় আপনারা কলকাতা থেকে আসছেন ?

ডাক্তার রায় বললেন, আজ্ঞে ইয়া।

নকড়ি উৎসাহিত হয়ে উঠলেন: ত। বলতে হয়। আমরা এতক্ষণ গরু খোঁজা করে বেড়াচ্ছি। চলুন, চলুন। আপনাদের জন্মে ভেবে এতক্ষণ সারা হচ্ছিলাম। নাও না হে ফ্যালারাম, ঞিনিষপত্র তোলো, গাড়ি ডাকো।

ফ্যালারামের কোথায় যেন খট্কা লাগছিল, সে একটা ঢোক গিলে বললে, দাঁড়ান, আগে পরিচয়টা নিন!

ম্যানেজ্ঞার বললেন; পরিচয়! কিসের পরিচয়! মুখ দেখে লোক চিনিস না? বিশ বছর থিয়েটারের ম্যানেজ্ঞারী করছি, হাঁয় করলেই গুণী লোক চিনতে পারি। নাও, জ্ঞিনিসপত্র তোলো—নকড়ির আগ্রহের ভোড়ে ফ্যালারামের আপত্তি খড়ের কুটোর মতো ভেসে গেল। মোটামুটি ব্যাপার দাঁড়াল এই: নিখিলবঙ্গ-দস্ত-চিকিৎসক সাম্মলনীর সম্বর্জনা সমিতির উৎসাহী সদস্যরা ডাক্তার রায় মনে করে বেকার সজ্জের অবৈতনিক সম্পাদক স্থুজিভকে নিয়ে চললো শোভাষাত্রা সহকারে এবং রংপুর পূর্ণিমা থিয়েটারের প্রবীণ ম্যানেজার নকড়ি ডাক্তার রায়কে নটবর লাহিড়ী মনে করে ঘোড়ার গাড়িতে নিয়ে চললেন তার বিখ্যাত থিয়েটারের উদ্দেশ্যে।

কিন্তু সভি বিনি নটবর লাহিড়ী—সেই স্থনামধন্য অভিনেত ও গায়ক, ভিনি কোধায় ?

ট্রেণ রংপুর ফেশন ছাড়তেই বিভীষ শ্রেণীর একটি কামরায় সংস্লোধ্যক্ত পরবেপ্তিত অবস্থায় তাঁকে দেখা গেল। শুধু দেখা গেল বললে সবটুকু বলা হয় না, বলতে হয় দর্শন লাভ করা গেল। চারিদিকে মদের বোতল, কাচের গ্লাস, সিগারেটের টুকরো, পানের পিচ ভারই মধ্যে বসে নটবর লাহিড়ী, হাতে একটি বোতল। বোতলে তরল পদার্থের আর এক বিন্দুও অবশিষ্ট নেই, সেইটিকেই ভার গ্রাদের ওপর উপুড় করে ধরে এগছে। বহুক্ষণ ধরে বহু প্রকার চেন্টা করা সত্তেও যখন এক ফোটাও পড়লো না, নটবর তখন বললে, কই পড়ছে না কেন বাবা।

বন্ধুদের মধ্যে একজনের তখনও একটু হুঁস ছিল, সে বললে, নাকলে তো পড়বে, বোতল যে একেবারে খালি। নটবে চটে উ'লো: খালি কি রকম ? এই তো খানিক আগে ভর্ত্তি ছিল। তা হ'লে বার করো আর এক বোতল।

বন্ধৃতি বললে, না, না, নটবর আর খেয়ো না, শেষে মাইরি ফেশন চিনে নামতে পারবো না। রংপুরে নটবর লাহিড়ীর অভাবে একটা কেলেক্কারী হয়ে যাবে।

অতদূর ভাববার অবস্থা নটববের ছিল না, সে বলেল, আপাড্ডঃ বোভল বার না করলে আমি নিস্কেই কেলেকারী করবো।

অগত্যা বন্ধুটি টলতে টলতে উঠে বাক্স খুলে আর একটি বোডল বার করে নটবরের কাছে নিয়ে এলো।

রংপুর ফ্রেশন যে পার হয়ে গেছে সে কথা নটবরও জানলে। না, ভার বন্ধুরাও না। স্থজিতকে নিয়ে শোভাষাত্র। চলেছিল শহরের রাস্তা দিখে মোটরের পিছনদিকের সীটে রায়বাহাত্তর অধীরনাথ, স্থজিত এবং গুণদাচরণ। ফকিব এবং ড্রাইভার সামনের দিকে। ষেতে ষেতে গুণদাচরণ স্থজিতকে বললেন: দেখুন, আপনি সভ্যি দয়া করে এই এতদূর স্বাসবেন আমরা ভাবতে পারিনি।

স্থাজিত বললে: আমিও ঠিক পারিনি, তবু কি রকম এদে পড়লাম।

গুণদাচরণ বললেন: আমরা সে জ্বন্য অত্যস্ত কৃতজ্ঞ। কি করে আপনাকে ধন্যবাদ জানাব ভেবে পাচ্ছি না।

স্থাকিত একটা ঢোক গিলে বললে, আমিও একটু ভাবনায় পড়েছি, আচ্ছা, আপনাদের কোন রকম ভুলটুল....

— ভূল ? বলেন কি ? স্থজিতের মুখের কথা কেড়ে নিয়ে রায়বাহাত্তর বললেন, এর চেয়ে ভাল নির্বাচন আর কি হতে পারে ? বাংলাদেশের দস্ত চিকিৎসক সম্মিলনীতে সভাপতি হবার পক্ষে শাপনার চেয়ে যোগ্য লোক আর কে আছে ?

স্থজিত একটা নিঃখাস লুকিয়ে ফেলে বললে, শুনে স্থী হলাম। ছেলেবেলা থেকে দাঁতের কদরটা ভাল করেই বুঝেছি, এক রকম দাঁতের জারেই ছনিয়ায় টি কৈ আছি বলতে পারেন। কিন্তু পুরস্কারটা বোধ হয় একটু বেশী হয়ে বাচেছ; সম্মিলনীর সভাপভিত্ব করাটা কি উচিৎ হবে—তার চেয়ে বেকার সমস্যা সম্বন্ধে…

গুণদাচরণ বললেন, আজ্ঞে আপনি সম্ভাগতি, আপনাকে আমরা কি বলবো। অভিভাষণে আপনি বে বিষয়ে ইচ্ছা বলবেন। তা ছাড়া বেকার সমস্তাই বলুন আর যাই বলুন, সব সমস্তার মূলে ওই দাঁত।

- —নিশ্চয়। কিন্তু আপাতভ: কোথায চলেছি বলুন তো ?
- —আমাদের চেয়ারম্যান রায়বাহাতুবের বাড়ীতে। সেধানেই আপনার থাকবার ব্যবস্থা হয়েছে। আগেই তো আপনাকে একণ জানান হয়েছিল…

স্থঞ্জিত এবার একটু বিত্রত বোধ করতে লাগলো। অতাস্ত অপ্রতিভ, ডানপিটে ছেলে, জীবনে কোন অবস্থায় হার স্থীকাব করতে নাবাঙ্গ, কিন্তু এখন মোটরের খোলা হাওয়াতেও কপালে ঘাম দেখা দিল। বংপুরে থাকবার জায়গা নেই, তাই এদের ভুলের স্থযোগ নিতে সে দ্বিধা কবেনি, কিন্তু তাই বলে একেবাবে রায়বাহাত্বের বাডীতে—

মুজিত একটা ঢোক গিলে বললে: কিন্তু....

বাষবাহাত্ব হাসতে হাসতে বললেন, আপনার কোন অস্কৃবিধে হবে না ৷

স্কৃতিৰ বললে, না, তা হবে না। সত্যি কথা বলতে কি, এতটা স্থাবিধে আমরা আশাই করি নি। কি বল হে ফকির চাঁদ ?
ফুকির চমকে উঠে বললে: কি বলবো বুঝতে পারছি না…

নটবর লাহিড়ীর আগমন উপলক্ষে পূর্ণিমা থিয়েনারের বাড়ীটি আমপাতা এবং কৃল দিয়ে যথারীতি সাজান হয়েছিল এবং বাড়ীব দেওয়ালে ও তার আলেপালে এমন এক্ট্রুকু জায়গা ছিল না যেখানে কলকাতাব বিখ্যাত অভিনেতার জাগমনসূচক বিজ্ঞাপন ও প্ল্যাকাড পড়ে নি। স্কুল কলেজের ছেলেরা তো সকাল থেকেই থিয়েটার বাড়ীর আলেপালে ঘোরাফেরা হুরু করে দিয়েছিল। ম্যানেজার নকড়ি ডাক্তার রায়কে নিয়ে যখন পূর্ণিমা থিয়েটারের সামনে পৌছলেন তখন সেখানে রীভিমত একটি ভিড় জমে গেছে—

কলকাতার য়াক্টর, তাকে একেবারে সামনা সামনি দেখা, সে কি কম সোভাগ্য। ম্যানেজার সেই কৌতুহলী জনতার মাঝখান দিয়ে ডাক্টোর রায় এবং গোবিন্দকে নিয়ে সগর্ব্ব-পদ ফেলে ভিতরে চুকে গেলেন। ফ্যালারামও বেভে ঘেভে কুপামিশ্রিভ দৃষ্টিতে সকলের দিকে চাইতে ভুললো না।

থিয়েটারের ভিতরে ফেজের উপর করেকটি মেয়ে নাচের মহলা দিচ্ছিল। নকড়ি প্রভৃতির আবির্ভাবের সঙ্গে সঙ্গে নাচ বন্ধ হয়ে গেল। ডাক্তারবাবু একটু সন্দিহান হয়ে উঠেছিলেন, তিনি বিত্রত ভাবে ম্যানেজারকে বললেন, দেখুন, এটা থিয়েটার বলে মনে হচ্ছে না ?

নকড়ি স্বমায়িকভাবে উত্তর দিলেন: আজ্ঞে ই্যা, এই তো আমাদের বিখ্যাত পূর্ণিমা থিয়েটার। এইখানেই আপনাদের থাকবার সব বন্দোবস্ত করে দিয়েছি। কোন অস্ত্রবিধে হবে না। অভিনয়ের পব কোণাও যাবার পর্যান্ত দরকার হবে না।

ডাক্তার রায়ের মনেব থটকা ক্রমশ: প্রবল হয়ে উঠছিল, তিনি অসহায়ভাবে গোবিন্দর দিকে চাইলেন, গোবিন্দ চেয়ে রইলো ভার দিকে।

ডাক্তার রায় বললেন, কিন্তু আমরা যে শুনেছিলাম স্বয়ং চেয়ারম্যান····

নকড়ি ভাক্তারের কথাটা শেষ করতে দিলেন না, বললেন, বাইরে ওরকম কত কথা শুনবেন মাশাই। চেয়ারম্যান— চেয়ারম্যান আবার কে মলাই ? যা কিছু তা এই শর্মা, ম্যানেজার বলতে ম্যানেজার,, প্রোপ্রাইটার বলতে প্রোপ্রাইটার, পষ্টার বলতে পষ্টার। আপনি ও-সব কারও কথার কাণ দেবেন না, শুধু আমাকে চিনে রাখুন।

ক্যালারাম কাসতে কাসতে ত্বপা এগিরে এসে বললে: আর, এই. ক্যালারামকে। তা ছাড়া আর সবাই জানবেন ভাঙচি দেবার তালে... ডাক্তার নিশ্চিম্ভ হ'তে পারেন নি, দম্ভ চিকিৎসক সম্মিলনীর সঙ্গে পূর্ণিমা থিয়েটারের যোগসূত্রটাও খুঁজে পাচ্ছিলেন না, একুটু ইভস্তভ: করে বললেন, কিন্তু থিয়েটারের ভেতর থাকাটা—

কেন তাতে দোষ কি মশাই ? নকড়ি ক্ষুগ্ধকণ্ঠে প্রশ্ন করলেন।

জ্বাব দিলে গোবিন্দ: না, না, তা নয়, ভবে যদি কোন বদনাম টদনাম হয় সেই ভয় কি না…

ক্যালারাম মুখে একটা ব্দত্তত শব্দ করে বললেঃ হুঃ, ব্যাণ্ডের আবার সর্দ্দি।…

গোবিন্দ কথাটার মাহাত্ম্য বুঝতে না পেরে ডাক্তার রায়ের মুখের দিকে চাইলো।

নকড়ি বললে, না না, ও সব কথা ভাববেন না, আফুন আপনাদের ঘর দেখিয়ে দিই। তারপর একটু বিশ্রাম করে, মানে একটু চা টা খেয়ে গানের রিহাস্ত্রালে বসা যাবে—কি বলেন ?

গান। বলে কি লোকটা ? ডাক্তার রায় যেন আকাশ থেকে পড়লেন, বললেন, কই, গানের কথাতো ছিল না ! আমি শুধু—

গানের কথা ছিল না '— নকড়ির গলার স্বর চড়ে গেল: আমার পথে বসাবেন না কি ? গান গাইবেন না তো আপনাকে এভগুলো টাকা দিয়ে আনলাম কি জন্মে ?

ভাক্তার রায়ের মাধার মধ্যে সব গোলমাল হয়ে বেভে লাগলো।
প্রথমটা ভাবলেন, তামাসা। নকড়ির মুধের দিকে চেয়ে মত বদলাতে
হোলো। কিন্তু দন্ত চিকিৎসক স্ক্রুম্মিলনীর সভাপতিকে গান,
গাইভে হবে, তাও আবার রিহাস্যাল দিয়ে? আমেরিকার মভ
প্রগতিশীল দেশেও কেউ এতটা কল্পনা করেছে কি না …

ভাক্তার বললেন, আপনি ভুল করছেন, আমি দাঁভের—

—দাঁতের ব্যথা হয়েছে ? ওমুধ আনিয়ে দিচিছ। তাতে গানের অস্থবিধা কি ? ও সব বাজে কথা রাধুন মশাই, ব্যগ্রভা করছি, দোহাই আপনার, আপনারা আমার এমন করে ভোবাবেন না। পূর্ণিমা থিয়েটার অমাবস্থা হয়ে বাবে।

- কিন্ত দাঁতের....

— ওষুধ যা চান এখুনি আনিয়ে দিচ্ছি— চানতো দাঁতও তুলিয়ে দিচ্ছি। কিন্তু দোহাই আপনার, গান আপনাকে গাইতেই হ'বে—

ভাক্তার রায়কে কোন কথা বলবার অবসর না দিয়ে নকড়ি তাঁর হাত ধরে টেনে নিয়ে চললেন।

রায়বাহাত্বর স্থান্ধিত এবং ফকিরকে নিজের বাড়ীতে নিয়ে এলেন। প্রকাণ্ড বাড়ী, পুরোদস্তর হাল ফ্যাসানে সাজ্ঞান এবং গোছান। ফকির হ'হাতে হুটো স্ফুটকেশ নিয়ে নেমে ফ্যালফ্যাল করে চেয়ে রইলো, ভিতরে যাবার সময় হোঁচটও থেলে হ'চার বার। স্থান্ধিতও কম বিত্রত বোধ করছিল না, কিস্তু যে কোন অবস্থায় নিজেকে মানিয়ে নেবার একটু ক্ষমতা ছিল বলে বাইরে পেকে তার অস্বস্তির ভাবটা মোটেই বোঝবার উপায় ছিল না।

ভারা রারবাহাছরের পিছনে পিছনে হল ঘরটায় ঢুকভেই ছদিক থেকে গুল্পন চাকর এসে ফকিরের হাভ থেকে স্ফুটকেশ ছটি নিয়ে অদৃশ্য হয়ে গেল। ফকির আপত্তি জানাবার চেফ্টা করভে বাচ্ছিল, কিন্তু স্থান্ধিতের দিকে চোথ পড়ভেই তাকে সে চেফ্টায় ক্ষাস্ত হ'ভে হোলো।

যরের মধ্যে রাজ্ঞশক্ষী এবং রমা বসেছিল। রায়বাহাতুর পরিচয় করিয়ে দিলেন: ইনি আমার বোন আর এট আমার ভাগী র রমা। ইনিই ডাক্তার রায়, এর কথা তো সবই শুনেছ। আর ইনি হ'লেন ডাক্তারবাবুর এসিফ্টাণ্ট ফ্কিরবাবু।

স্থাজিত আর ফকির ওদের নমস্কার জানাল।

রায়বাহাত্বর বললেন, মঞ্জু কোথায় গেল ? মঞ্জু আর মায়াকে তো দেখছি না। রমা কি ষেন বলতে বাচ্ছিল, কিন্তু তার আগেই সিঁড়িতে কাদের ছুটোছুটি এবং থিল্ থিল্ হাসির শব্দ পাওয়া গেল। পরমূহুর্ত্তেই মায়ার পিছনে পিছনে ট্রাউজ্ঞার পরা একটি তরুণী ছুটতে ছুটতে নেমে এলো।

মারা বায়বাহাত্বরের কাছে এসে ইাফাতে হাঁফাতে বললে, বাবা দেখনা—ট্রাউজার পরা মেয়েটি মঞ্জু। তার হাত থেকে রক্ষা পাবার জন্ম মায়া রায়বাহাত্বরের চারিদিকে ঘুরতে লাগলো এবং যুরতে ঘুরতেই বললে: বাবা দেখনা, দিদি আমায় ধরে নিয়ে যাচেছ•••

মঞ্জু বললে: বারে ৷ তুমি আমার টেনিস ব্যাকেট লুকিয়ে রেখেছিলে
কেন ?

মায়া বললে: বা:। আমি তো কবে বার করে দিয়েছি।

মঞ্জুর এই রকম ধিঙ্গীপনা রমার ভাল লাগে না। সে বলে উঠলো: আ: মঞ্জুদি। কি অসভ্যতা হচ্ছে। দেখছ না কারা এসেছেন প

মঞ্জু এভক্ষণে স্বন্ধিতের দিকে চাইলো; সে চাওয়ার মধ্যে দেখার চেরে ভাচ্ছিল্যের ভাবটাই বেশী। পরক্ষণেই মুখ ফিরিয়ে বললে: ও:। I am sorry.

রায়বাহাতুর এতকণ প্রসন্ধমুখে বড় আর ছোট মেরের দৌরাক্স্য উপভোগ করছিলেন, এবার স্থান্ধিতের দিকে চেয়ে বললেন ঃ এটি আমার বড় মেরে মঞ্জু আর এটি আমায় ছোট মেরে মারা।

স্থাজিত তাড়াতাড়ি একটা নমস্কার জানাল মঞ্চে। মঞ্জুও নিতান্ত নিয়মবক্ষা হিসাবে একটা প্রতি নমস্কার জানাল। মায়া এই কাঁকে সরে পড়বার চেক্টা করছিল কিন্তু সেটুকু মঞ্জুর দৃষ্টি এড়াল না, সে তখনই তার পিছু নিল। ভারপুর চুজনেই ছুটতে ছুটতে বেরিয়ে গেল, নূর থেকে শোনা গেলো ভাদের খিল খিল হাসির শব্দ। রায়বাহাত্মর একটু কৃষ্টিভভাবে বললেন, মা-মরা মেয়ে, একটু বেশী ত্তমন্ত আর ধামধেয়ালী। কিছু মনে করবেন না ডাক্তার রায়।

রাজলক্ষ্মী বললেন, মনে নিশ্চয় করেছেন। এত বড় মেয়ের একটা জ্ঞানগম্যি নেই, ভোমার বেশী প্রশ্রয় পেয়েই তো এই রকম হয়েছে।

রায়বাহাতুর স্থজিভের দিকে চেয়ে বললেন, দেখুন, প্রভায় আমি ঠিক দিই না। ভবে কি জানেন…

স্থান্ধিত বললে, আপনি লাজ্জিত হবেন না রায়বাহাতুর। ছেলেরা ভো চিরদিন প্রশ্রেয় পেয়ে এসেছে, এখন মেয়েদের একটু প্রশ্রেয় দিয়ে দেখলে ক্ষতি কি!

স্থব্জিতের কথায় সবাই হেসে উঠলো।

রায়বাহাত্তর বললেন, চলুন, চলুন, ভিতরে চলুন। এতটা পথ টোণে এসে নিশ্চয় পরিশ্রাস্ত হয়ে পড়েছেন, বিশ্রাম করে একটু স্থস্থ হরে নিন।

দোভালার রমার ঘর। ড্রোসং টেবিলের সামনে রমা ঠোঁটে লিপপ্তিক ঘষছিল।

রাজলক্ষী ঘরে ঢুকে বললেন, আহা দিব্যি ছেলেটি! অভ বড় ডাক্তার কে বলবে! দেমাক নেই, কেবল হাসি খুশী।

े**ৰমা বললে,** এবি মধ্যে তোমার মায়া পড়ে গেল মা ?

—ভা পড়েছে বৈকি একটু! অমনি একটি জামাই বদি পেতাম।
রাজ্ঞলক্ষমী একটা দীর্ঘাস ফেললেন। রমার মুখে মুহুর্ত্তের জক্ষে
বৃধি লজ্জার আভা লাগলো, ভারপরই সে লিপপ্তিকটা নামিয়ে রেখে
বললে: ওসব আশা করো না মা। মামাবাবু মনে মনে কি এঁচে
রেখেছেন জানভো? মঞ্জুর সঙ্গে ভাক্তার রায়ের বিয়ের কথাটা
এইবার পাকা করে ফেলবেন। রাজ্ঞলক্ষ্মী মুখ ভার করে বললেন,

হাা, ডাক্তারের তো আর দায় পড়েনি ওই ধিন্সী মেয়েকে বিয়ে করবে। কেন, ভাল মেয়ে কি আর নেই! চোখ থাকে ভো দেখভে পাবে।

—চোখ কি সকলের থাকে।

বলে রমা লিপপ্তিকটা আবার তুলে নিয়ে আয়নায় মুধ দেখতে লাগলো।

রাজলক্ষী বললেন, চোধ যদি না থাকে, ফুটিয়ে দিতে হয় !

রায়বাহাছরের বাড়ীতে দোডালায় স্থব্জিত এবং ফকিরের জন্তে বে ঘরটি নির্দ্দিষ্ট হয়েছিল, দেখা গেল ফকির তার দরজাটি সম্তর্পণে বন্ধ করে দিয়ে স্থব্জিতের কাছে এগিয়ে এলো দ্বালত একটা শোফা দখল করে বসলো এবং একটা সিগারেট ধরিয়ে বললে, কোখায় উঠকে ভেবে অন্থির হচ্ছিলে ফকির্নোদ, এখন খুনী হয়েছ ?

ফকির বললে, হাঁ। এখন শুধু হাজতে গিয়ে উঠলেই নিশ্চিন্ত হই। ্ স্বজ্বিত হাসতে হাসতে বললে, তুমি ভড়কে গেলে ফকিরটাদ ?

- ভড়কাব না, কি কাঞ্জটি করে বসেছ ভাব দেখি।
- —আহা, আমি কি করলাম হে! সবই তো লীলাময়ের ইচ্ছা।
- —ভোমার ঠাট্টা ইয়ার্কি আমার ভাল লাগছে না, এখন কি করবে বলো দেখি ?
- —সেটা ঠিক বলতে পারছি না, তবে যে স্থনামধন্য ডাক্তার রাশ্ব নই, নেহাৎ স্থজিত চক্রবন্তী, বেকার সঞ্জের কপর্দ্দকহীন অবৈভনিক সেক্রেটারী এটা জানতে পারলে এঁরা বোধ হয় খুলী হবেন না।
  - —শুধু খুলী হবেন না ? ধরে পুলিশে দেবেন।

স্থান্ধিত নির্ধিকার ভাবে বললে, সে অবস্থায় এরকম একটা সদিচ্ছা এঁলের মনে উদর হওয়া আশ্চর্য্য নয়।

—ভবু তুমি নিশ্চিম্ভ হয়ে বঙ্গে আছো ? ককির উত্তেজিত ভাবে উঠে

দাঁড়িয়ে বললে: আমার যে ভয়ে হাত পা পেটের ভেতর সেঁধিয়ে যাচ্ছে।

—না, না, সেটা হ'তে দিও না। হাত পা গুলোর এখন হঠাৎ বিশেষ প্রয়োজন হ'তে পারে। তুমি একবার চট্ করে বাইরেটা দেখে এসো, অভিথি সৎকারের জন্ম বাইরে এদের কেউ ওৎ পেতে বসে আছে কি-না।

ফকিরের মুখ আরও শুকিয়ে গেল; সে প্রায় কাঁদ কাঁদ ভাবে বললে, ও বাবা! তা হলেই তো গেছি—তাও থাকতে পারে না-কি?

— কিছু বিশ্বাস নেই, এঁদের অন্তিথি বাৎসল্য যে রকম গভীর।
নাও, তুমি চটু করে ঘুরে এসো—

ফকির নিতান্ত জ্বনিচ্চুকভাবে চারিদিক লক্ষ্য করতে করতে ঘর থেকে বেরিয়ে গেল। স্থজিত শোকায় হেলান দিয়ে সিগারেট টানছে টানতে ভাবতে লাগলো সমস্ত ব্যাপারটা। জীবনে ত্র:সাহসিক কাজ সে কম করেনি, অবশ্য এবারের কাণ্ডটা একটু বেশী ঘোরাল, তা হ'লেও…

ফকির তখনই ফিরে এলো।

স্থুজিত বললে, কি হোলো ?

- —আছে।
- **—কে আছে** ?
- ---আছে বলছি।
- —কে আছে ছাই বল না।
- কুকুর।

স্থজিত হেসে উঠলো: তাই ভালো। কোন লোক টোক নেই ভো ?

- —না, আর কেউ কোথাও নেই। এই বেলা সরে পড়তে হবে।
- —একটু ভেবে দেখলে হ'ভো না ?
- --- আবার কি ভেবে দেখবে ?
- —বিশেষ কিছু না। এদের একেবারে হভাশ না করে এ বেলার

মত আহারটা এখানেই শেষ করে গেলে হ'তো না ? এদের আতিখ্যের একটা সম্মান রাখা উচিত।

ফকিরের আর এক মুহূর্ত্তও এ-বাড়ীতে থাকবার ইচ্ছা বা সাহস ছিল না, সে বললে : তা হলে তুমি সম্মান রাখ, আমি চললাম।

স্থৃজিত বললে, তা হ'লে আমার আর থাকা চলে কি করে! বাড়ীটার উপর আমার কেমন একটা মায়া পড়ে গিয়েছিল সেইজ্ঞাই… তা বাক গে. চল।

স্থান্ধিতের করুণ কণ্ঠ ফাকিরকে সঙ্কল্পচুত করতে পারলো না, সে নিজের স্থানিকশটা তুলে নিয়ে সোজা ঘর থেকে বেরিয়ে পড়লো। অগত্যা স্থান্ধিতকেও নিজের স্থানিকশ তুলে নিয়ে যাবার জন্মে ধীরে ধীরে পা বাডাতে হোলো।

স্থাজিত যখন ঘরের বাইরে এসে পৌছল ফকির তথন হন্হন করে সিঁড়ি দিয়ে নেমে নিচে চলে গেছে। স্থাজিত এদিক ওদিক চেয়ে তাকে আবিষ্কার করবার চেফী করছিল, এমন সময় পিছন থেকে কে যেন ডাকলে:

শুমুন, শুনে যান-

কণ্ঠস্বর মঞ্জর। স্থব্জিভের চিনতে দেরী হোলো না।

`মঞ্ নিচে নামবার সিঁড়ির কাঠের রেলিং এর উপর বসে আপেল শাচ্ছিল।

স্থান্ধিত সেই দিকে এগিয়ে গেল।

মঞ্ বললে, কোথায় বাচ্ছিলেন ?

বুকের মধ্যে স্থান্ধিতের হৃদপিগুটা পিং-পংএর বলের মতো লাফিয়ে উঠিলো; সে একটা ঢোক গিলে বললে, এই মানে—এই একটু ঘুরে টুরে দেখছিলাম—

এরপর স্থান্ধিত মঞ্জুর ভরফ থেকে আরও কয়েকটি কৌতুহলী প্রশ্ন মনে মনে আশা করছিল, কিন্তু মঞ্চু শুধু বললে: ও! বলেই ভার স্বাকঝকে দাঁতগুলি দিয়ে নিশ্চিন্তমনে আপেলটার একটা কামড় বসিয়ে দিল।

স্থৃঞ্জিত তবুও কয়েক সেকেণ্ড অপেক্ষা করে রইলো। ভারপর সবিনয়ে জিজ্ঞাসা করলে, এবার আমি যেতে পারি বোধ হয় ?

— না, দাঁড়ান। রেলিংএর উপর বসে পা দোলাতে দোলাতে মঞ্ছ হুকুম দিলে।

স্থৃজিত বললে, যথা আজ্ঞা, কিন্তু আপনার এ ভাবে বসাটা একটু বিপক্ষনক নয় কি ?

—ভা'তে আপনার কি ?

মঞ্জু ভ্রুকুটি করেই বললে কথাটা; বলতে গিয়ে একটু উত্তেজিত আর অভ্যমনস্থও হয়েছিল বোধ হয়; ফলে কেবল তুটি হাতের সাহায্যে রেলিংএর উপর নিজের ভারটা সামলাতে পারলো না, পড়ে যাবার উপক্রম করলো। বলা বাহুল্য স্থুজিত তাকে ধরে ফেললো; শুধু ধরে ফেললো না, রেলিং থেকে তাকে নামিয়ে দিয়ে হাসতে হাসতে বললে. এইজভেই শাস্ত্রে উচ্চাসনে বসতে মানা।

কিন্তু মঞ্জ চোথে চোথ পড়তেই তার মুখের হাসি তথনই মিলিয়ে গেল। রাগে ফুলতে ফুলতে মঞ্ছ বললে, আপনাকে তা বোঝাবার জন্মে আমি ডাকি নি।

স্থৃঞ্জিত বললে, কি জন্মে আহ্বান করেছেন তা জানবার সোভাগ্য কিন্তু এখনও আমার হয়নি।

—আপনি আমায় ধরতে গেলেন কেন ?—মঞ্জু ফেটে পড়লো।
স্থান্ধিত বললে, নিছক পরোপকারের প্রেরণা—ছেলেবেলা থেকে
কেমন একটা বিশ্রী স্বভাব, কারও বিপদ দেখলে চুপ করে থাকতে

পারি না।

মঞ্জুর কণ্ঠত্বর এবার রীভিমত তীত্র হরে উঠলো: নিজের সন্ধক্ষে আপনার ধারণা পুব উচু না ? নিজেকে মন্ত একটা লোক মনে করেন!

- আমায় লজ্জা দেবেন না। ওই আমার একটি মাত্র চুর্বলেতা।
- আপনার লজ্জা আছে! লজ্জা থাকলে আপনি এখানে আসতেন না। স্থজিত এতকণ সপ্রতিভ ভাবটা কোন রকমে বজায় রেখেছিল, এবার তার মুখটা ফ্যাকাশে হয়ে গেল মুহূর্ত্তের জন্য। তবে কি মঞ্জু আসল কথাটা....!

কোন রকমে নিজেকে সামলে নিয়ে স্থাজিত বললে: এখানে আমার—অনেক বাধা ছিল, কিন্তু লজ্জাটা তার মধ্যে ধর্ত্তব্য বলেই মনে হয় নি। এসে খুব অন্যায় করলাম বোধ হয়।

- —বোধ হয় নয়, নিশ্চয় করেছেন। আপনার মভলব আমি জানি।
- —তা হলে আমার চেয়ে একটু বেশী জানেন আপনি। এখনও আমি মতলবটা ঠিক করবার সময় পাই নি।

মঞ্ তবু শান্ত হোলো না, বললে, যা ভাবছেন তা হবে না, বাবা বাই বলুন, আমি আপনাকে বিয়ে করতে পারবো না।

স্থানি কারণটা কি শুনতে পাই ? আমি অবোগ্য কিসে ব্রুক্তে নার্চি নার কার্যিত পার্বার নার্চিতে ছুঁড়ে কেলে দিল। নিজেকে সামলে নিয়ে সে বললে, শুনে ভয়ানক হতাল হ'লাম। কিন্তু এ তুর্ভাগ্যের কারণটা কি শুনতে পাই ? আমি অবোগ্য কিসে ঠিক বুঝতে পারছি না।

মঞ্জু বললে, আপনি তো দাঁভের ডাক্তার—একটা দাঁভের ডাক্তারকে আমি বিয়ে করবো মনে করেছেন ?

—আমি কিছুই মনে করি নি। কিন্তু দাঁতের ডাক্তার হওয়া কি অপরাধ ? দাঁতের ডাক্তার ভো নিরীহ ভালো মামুষরাই হয়ে থাকে।

মঞ্জবাব না দিয়ে চুপ করে রইলো। সিঁড়ির নিচে হল ঘরের সাঝবানে দাঁড়িয়ে ফকির এডকণে ঘামছিল, এবার সে অধৈষ্ঠা হয়ে হাত নেড়ে ইসারা করলো স্থজিতকে নেমে আসবার জন্ম। স্থজিত তাকে ইন্সিতে আর একটু ধৈর্য্য ধারণ করতে বললে।

মঞ্জু বলে উঠলো: নিরীহ ভাল মানুষ লোক আমি স্থণা করি। আপনি যদি ভাল চানতো এই বেলা এখান থেকে সরে পড়ুন।

- —এভক্ষণ দেইটেই উচিত বলে মনে হচ্ছিল, কিন্তু এখন কেবল একটু সন্দেহ হচেত ভাচ্ছা ধরুন, যদি না যাই।
- —না, না, আন্ত লোভ দেখাবেন না, আমি বড় ছুর্ববল। মনে হচ্ছে বুঝি আর যাওয়া হোল না।
  - কিন্তু আপনাকে আমি সাবধান করে দিলাম, মনে থাকে ষেন।
  - —আহা, ভাইভেই ভো মুস্কিলে ফেললেন।

মঞ্র ব্যবের ব্যক্ত অপেকা না করে স্কুজিত এবার সিঁড়ির দিকে তাকালো। দাঁড়িয়ে দাঁড়িয়ে বিরক্ত হয়ে ফকির ইতি মধ্যে সিঁড়ির উপর উঠে এসেছিল।

স্থানিত তাকে এগিয়ে আসতে ইসারা করে চুষ্টুমীভরা একটা দৃষ্টি নিক্ষেপ করলো মঞ্চুর মুখের দিকে।

ফকির দরকার কাছে উঠে **স্পাস**তেই স্থজিত তাকে ঘরে ঢুকে পড়ভে বললো।

ফকির ঢুকে পড়লো ঘরের মধ্যে, সঙ্গে সঞ্জেভও।

মঞ্জুর সর্ববান্ধ জ্বলে বাচ্ছিল। কা অসভ্য লোক—uncultured ! বেভে বললে বার না, গালাগালি দিলে অমারিক ভাবে হাসে, রাগে না. উত্তেজিভ হর না····কী আশ্চর্য্য !

হাতের আধ ৰাওয়া আপেলটা মঞ্জ ছুঁড়ে মারলো স্থানিতের দিকে। সেটা কারও গায়ে লাগলো না। স্থানিত হাসতে হাসতে দরকা বন্ধ করে দিলে। ঘরের মধ্যে ফকির চাঁদ হতাশ হয়ে গাঁলে হাত দিরে বসে ছিল। স্থজিত কাছে আসতেই সে প্রায় কাঁদ কাঁদ স্বরে বললে, শেষে এই ভারে মনে ছিল। চলে যাবার কি আর কোন পথ ছিল না ?

স্থানিত হাসতে হাসতে বললে, তুমি বুঝতে পারছ না ফকির চাদ, ভেবে দেখলাম ভাগ্য বখন জুটিয়েই দিয়েছে ভখন এরকম একটা আশ্রয় ফট্ করে ছেড়ে যাওয়া উচিত হবে না। দেখাই যাক্ না কি হয়।

—কি হবে তা তো আগেই জানি। তোমার সঙ্গে বেরিয়েই আমার এই সর্ববাশ।

স্থান্ধিত কিছু বলবার আগেই বন্ধ দরজায় মৃত্র করাঘাত শোনা গেল। ফকির আর্ত্তকণ্ঠে বলে উঠলো: এই রে। ওই মেয়েটাই এনেছে আবার! বাবা, মেয়ে নয় তো চিতে বাঘ।

স্থাজিত অবিচলিত ভাবে এগিয়ে গিয়ে দরজা খুলে দিল। দে**খা** গোল, মঞ্জুর বদলে রমাকে। একটু কুষ্ঠিত ভাবে সে বললে, আসতে পারি কি ?

ञ्चिष्ठ रमाम : निक्ये है।

রমা ঘরে ঢুকতে ঢুকতে বললে, আপনাদের জন্মে একটু চা নিয়ে এ'সছিলাম।

রমার পিছনে পিছনে একজন চাকরকে দেখা গেল চায়ের সরঞ্জান্ধ সমেত ট্রে হাতে।

স্থানিত বললে, আপনি আবার এখুনি এ কট করতে গেলেন্ কেন? আমরা ভো স্নানটান সেরেই থেতে বসবো। এখন চায়ের কোন দরকার ছিল না।

রমা বললে, না, না, সে কি কথা! গাড়াতে ক্লাস্ত হয়ে এলেছেন। আর আমার এতে কিই-বা কট ! চাৰুর ট্রেচা টেবিলের ওপর নামিয়ে রেখে চলে গেল। রমা চা ভৈরী করতে লাগলো।

দরজার বাইরে মুহূর্ত্তের জন্ম মঞ্জুকে দেখা গেল—মুখ গন্তীর, চোথ ঘটো ছবির ফলার মতো শাণিত।

সেখান থেকে সরে এসে মঞ্জু বসলো নিজের ঘরে 'প্রানার সামনে। হঠাৎ মনটা কেমন বিস্থান হয়ে গেছে। বাজাতে শল লাগছিল না, তবু মঞ্জু বাজাতে লাগলো।

মারা ছুটতে ছুটতে এসে জিজ্ঞাসা করলে, মনে আছে ভো

— কি মনে আছে ?—মান্নার দিকে না চেন্নেই মঞ্জু প্রশ্ন করলো।
মান্না অবাক হয়ে বললে, বা: ! আব্দ্ধ বে আমাদের প্লে।

মঞ্জুর তরক থেকে কোন উৎসাহের পরিচয় পাওয়া গেল না, পিয়ানোর রীডগুলোর উপর এলোমেলো আঙ্গুল চালাতে চালাতে মঞ্জু বললে, তা জানি।

মারা বললে, এ'দের সকলকে নেমস্তর করতে হবে কিন্ত।

- —আবার কাদের নেমন্তর করবি ? সবাইকে ভো বলা হয়েছে।
- —বা:, এই ষে ধারা এলেন—এঁদের বলবে না ? তোমাকেই বলতে হবে দিদি।
  - খামার দায় পড়েছে। পারব না।

মঞ্জু আবার পিয়ানোর দিকে মন দিল। মায়া কিন্তু ছাড়বার মেরে নয়। সে হঠাৎ থিল থিল করে হেসে উঠে বললে: জানি কেন পারবে না। আমি জানি। আমি জানি গো—

—कि कानिज काकिन गाउँ ? (वादा अवीन (वार्क।

মারা এবার তুইনুমীভরা উজ্জ্বল তুটি চোখ মেলে চাইলো দিনির মুখের দিকে, তার পর বললে, ডাক্তারবাধু কিন্তু বেশ লোক দিশিঃ মঞ্জু মিউজিক টুল ছেড়ে উঠে দাঁড়াতে দাঁড়াতে বললে, হাঁ।, ঠক হায়নার মন্ত।

মারা খুর পাক থেয়ে আর একবার থিল থিল করে হেসে উঠলো, ভারপর হাত তালি দিভে দিভে বললে: বলে দেব।

गङ्ग तनाल, तनिम जूरे।

--(मर्था, ठिक वर्ष्म (मर)।

বলতে বলতে মায়া ছুটলো সেখান থেকে। ম**ঞ্ও ছুটলো ভার** পছনে পিছনে।

পূর্ণিম। থিয়েটারের সাঞ্চঘরটা নটবব লাহিড়ার আগমন উপলক্ষে
শয়নকক্ষে রূপান্তরিত হয়েছে এবং ডাক্তার রায়কে সেইখানেই
বিশ্রাম করতে দেওয়া হয়েছে। ঘরের দেয়ালে ঝুলছে নানাবিধ
বংচঙে পোষাক—রাজা থেকে বাউল সয়্যাসী পর্যান্ত সবার। গোবিদ্দ
কৌতুহলী দৃষ্টিদিয়ে সেগুলি নিরীক্ষণ কবছে।

ডাক্তার রার চায়ের পেরালায় চ্মৃক দিতে দিতে হঠাৎ উত্তেজিত ভাবে বলে উঠলেন, আমি কিন্তু এখানে কিছুতেই থাকবো না গোবিন্দ, কিছুতেই না।

গোবিন্দ মন দিয়ে একটা জরির পোষাক পরীক্ষা করছিল, কথাটা ভার কানে গেল না। ডাক্তার রায় আবার চীৎকার করে উঠলেন: আমি বলছি, আমি এবানে কিছুভেই থাকভে পারবো না। বুরেছ গোবিন্দ ? গোবিন্দ পোষাকটা দেখতে দেখতেই জ্বাব দিলে: বুৰেছি স্থার।

- —বুঝেছি স্থার !—ডাক্তার রায় ধমকে উঠলেন: কি বুঝেছ **?**
- —আজ্ঞে, আপনি এখানে থাকবেন না।
- —কিন্তু কেন থাকবো না বুঝেছ ?
- —না স্থার, আমি বুঝতে পারছি না। এমন থাশা জারগা ছেডে-----
- খাশা জারগা ? তুমি এটাকে খাশা জারগা বলো! জানো এরা আমার গান গাইতে বলে ?
  - —আজে হাা।
- আজে ই্যা মানে ? এর: আমাকে গান গাইতে বলে আর তুমি বলছো আজে হ্যা ?

গোবিন্দ এবার একটু বিব্রত হয়ে বললে, কি বলবো তা হলে স্থার 🕈

ভাক্তার রায় সশব্দে চায়ের পেয়ালাটা ঠেলে রেখে বললেন: আমার মাণা বলবে, মুণ্ডু বলবে—

আপনি রাগ করছেন স্থার !

- —রাগ করবো না! আমি দাঁতের ডাক্তার, আমি গান গাইতে . বাব কেন ?
- কিন্তু এদের যেন গানের দিকেই ঝোঁক বেশী মনে হচ্ছে স্থাৰ, দাঁত সম্বন্ধে কোন আগ্রহ তো দেখছি না!

ভাক্তার রায় এবার কতকটা শাস্ত ভাবে বললেন: আমিও তো ভাই বলছি। দাঁত সম্বন্ধে যারা উদাসীন তাদের এথানে আঁমি একদণ্ড থাকতে চাই না। তুমি গাড়ী ডাক গোবিন্দ, আমি এখুনি চলে যাব।

—কিন্তু স্থার...

## --- আবার কিন্তু কি ?

না এই বলছিলুম কি এজাজ ণিয়েটারটা দেখে গেলে হোভো না ? ডাক্তার রায় উঠে দাঁড়িয়ে বললেন: না, না, ভুমি বাও, এখুনি গাড়ী ডেকে আনো আর শোন, এরা কেউ যেন টের না পায়। কাউকে কিছু বোলো না। খুব চুপি চুপি যাবে, বুঝেছ ?

গোবিন্দ উপায়ান্তর না দেখে বিমর্য মূরে বেরিয়ে গেল।

ম্যানেজার তাঁর ঘরে তাকিয়ায় হেলান দিয়ে গড়গড়া টানছিলেন। সখীসজ্বের একটি মেয়ে তাঁর মাথাব পাক'চুল তুলে দিচ্ছিল। কয়েকজন অভিনেতা একপাশে বসে গল্পগুৰুব করছিল।

গোবিন্দকে সামনে দিয়ে ষেতে দেখে নকড়ি হাক দিলেন: কি গো গোবিন্দবাবু চলেছ কোথায় ?

গোবিন্দ দরজার সামনে এসে বললে, একটু কাজে। মানে— দেখুন, একটা গাড়ী ডাকিয়ে দিতে পারেন ?

—গাড়ী ? গাড়ী কি হবে ?

গোবিন্দ এবার সাবধান হ'বার চেন্টা করলো: ওইটি আমাশ্ব জিজ্ঞাসা করবেন না, বলতে পারবো না।

ম্যানেজার সন্দিশ্ধ হয়ে উঠলেন। গড়গড়ার নলটা নামিয়ে রেথে বললেন সে কি হে। গাড়ী ডাকিয়ে দিভে বলছো, অথচ কেন গাড়ী চাই তা বলতে পারবে না ?

- আক্তে না, গাড়ী **স্বাগ**নি ডাকিয়ে দিন। আর কিছু **স্বা**মি ব**লভে** পারবো না।

নকড়িকে এবার উঠে দাঁড়াতে হোলো।

- ব্যাপারটা কি বলো ভো ? যাবে কোথায় ? আর এবন গেলে ফিরেই বা আসবে কবন ?
  - —গেলে আর ফিরে আসছি!..

বলেই গোৰিন্দৰ খেৱাল ছোলো বে কথাটা প্ৰায় বেকাঁস করে

ফেলেছে। তথনই প্রবল বেগে মাথা নেড়ে বললে, উন্ত, আমি কিছু বলতে পারব না।

আর কিছু বলবার দরকার ছিল না। গোবিন্দর মুখ থেকে বেটুকু আভাস পাওয়া গেছে ঝানু নকড়ির কাছে তাই যথেষ্ট। ভিনি চীৎকার করে উঠলেন: তোমার ঘাড় বলবে। বলি মতলবটা কি তোমাদের? আমাদের ফাঁসিয়ে এখান থেকে সরে পড়তে চাও? দাঁড়াও দেখচি—

ক্যালারামের নাম ধরে ডাকতে ডাকতে ভিনি সাক্ষয়রের দিকে ছুটলেন। গোবিন্দ তার পিছনে যেতে যেতে বললে: দেখুন, আমি কিছু ক্লানি না—

গাড়ীর অপেক্ষায় ডাক্তার রায় উত্তেঞ্জিত হয়ে সাক্ষররের ভেত্র ঘূরে বেড়াচ্ছিলেন। নকড়ি ফ্যালারাম আর গোবিন্দকে নিয়ে ঘরে চূকেই ক্রোভে স্থ্রু করলেন, এ আপনার কি রকম ব্যবহার নলাই ? চালাকী করবার আর ভায়গা পান নি ? সারা শহরে পোন্টাব পড়ে গেছে—সব টিকিট বিক্রী, এখন আপনি পালাতে চান ? '

ভাক্তার রার নকডির কথার বিন্দু-বিসর্গ বুঝতে না পেরে বললেন, কি বলছেন আপনি ?

— কি বলছি ব্ৰতে পারছেন না ? লুকিয়ে লুকিয়ে গাড়ী ডাকতে পাঠিয়েছিলেন কি জন্মে ?

ভাক্তার রায় এবার বোষ-ক্বায়িভ নেত্রে গোবিন্দর দিকে চাইলেন।

গোবিন্দ বললে, আমি কিন্তু কিছু বলিনি স্তার।

নকড়ি আবার চেঁচাতে স্থক্ন করলেন: কারও কিছু বলবার দরকার নেই। আপনার চালাকী 'আমি গোড়া থেকেই ধরডে পেরেছি। পূর্ণিমা থিয়েটারের ম্যানেজার, বিশ বছর থিয়েটার চালাচ্ছি মশাই—জাপনার মত ঢের ঢের য়্যাক্টর আমার দেখা আছে। দেখি আপনি কোথায় পালান—দেখি ফেঁজে নেমে আপনাকে গান গাইতে হয় কি না।

ব্যাপারটা ডাক্তার রায়ের কাছে এবার পরিক্ষার হয়ে **স্থাসছিল,** তিনি বললেন, কিন্তু দেখুন...আপনাদের একটা ভয়ানক ভুল হয়েছে।

—ভুল তো হয়েছেই। আপনার মতো য়্যাক্টরকে খাতির করে বারনা দিয়ে কলকা গা থেকে আনিয়েছি, ভুল আমার হয় নি ? কিয় তাই বলে পুবোপুরি লোকশান দিতে রাজী নই জানবেন। কই হে ফ্যালারাম, ডাক স্বাইকে, গানের রিহার্ন্তাল এপুনি বসসে—

নকড়ির হুকুমে ফ্যালারান সন্ত্যি আর স্বাইকে ডাক্বার জ্ঞে বেরিয়ে যাচ্ছিল, ডাক্তার রায় মরিয়া হয়ে বলে উঠলেন: কি আশ্চর্য্য। আমি কতবার আপনাদের বলবো আমি গান জানি না, আমি য়্যাক্টর নই।

নকড়ি তবু নিরস্ত হলেন না, বললেন, ক্রমে ক্রমে আরও কড কি বলবেন, বলুন আপনি নটবর লাহিড়ী ন'ন ?

- —ভা ত নই ৷ সেই কথাই ভো বলছি—
- —কথা আর আমি শুনতে চাই না মশাই। স্থাপনি বদি বলেন, চিড়িয়াধানার থাঁচার শিক ভেঙ্গে পালিয়ে এসেছেন, ভবু স্থামি ছাড়বো না।

ভাক্তার রায় কিছু একটা বলতে বাচ্ছিলেন, লেই সময়ে পূর্ণিমা থিরেটারের বিখ্যাক্ত অভিনেত্রী কুস্থমিকা এসে ঢুকলো ঘরে।

—এত গণ্ডগোল কিসের বল্গন দেখি! কি হয়েছে কি ?
কুন্থমিকাকে দেখেই ম্যানেজার বললেন, এই বে বুঁচি এসে পড়েছিস,
মাইরি দেখ দেখি কাণ্ডটা—

নকড়ি ডাক নাম ধরে ডাকায় কুশুমিকা খুসী হলো না, জ্রুঞ্চিড করে বললে. ম্যানেজারবাবু—

ম্যানেজার ভুল শুধরে নিয়ে বললেন, থুড়ি কুস্থমিকা দেবী! আস্থন, আস্তন। দেখুন কি মুক্ষিল হয়েছে—এই আমাদের বড় য়্যাক্টর নটবর লাহিড়ী—

নকড়ির মুখের কথা কেতে নিয়ে কুস্থমিকা ডাক্তার রায়কে নমস্কার জানিয়ে বললে, ও আপনিই নটবর লাহিড়ী ? আপনার সলে আলাপ করে অত্যন্ত গুসী হ'লাম। আপনার অভিনয় কখনও দেখিনি, কিন্তু আপনার সন্তম্বে আমার গভীর শ্রেজা

ডাক্তার রায় কি বলবেন ঠিক করতে না পেরে বলে ফেললেন, হাা----আমিও•••

—না, আপনার সঙ্গে আমার পরিচয়ের সৌভাগ্য হয়নি, তবে আমার নাম হয়তো আপনি শুনে থাকবেন।

' কুস্থমিকা এর উত্তরে একটা প্রশংসাসূচক মন্তব্য আশা করছিল, কিন্তু ডাক্তার রায়ের মুখ দিয়ে বেরিয়ে গেল, কই না তো!

কুস্থমিকার মুথ অন্ধকার হয়ে গেল, নকড়ি তাল সানলাবার জ্ঞাে বললেন, আরে আপনাদের পরিচয় কবিয়ে দিতেই ভূলে গেছি। ইনিই কুস্থমিকা দেবী। আজ্ঞা বিশ বছর ধরে আমাদের পূর্ণিমা পিয়েটারের হিরোইন ·····

নকভির শেব কথাটায় কুডুমিকা চটে উঠলোঃ বললে, ম্যানেজার-বাবু, আমায় অপমান করবার অধিকার আপনার নেই।

—অপমান।— নকড়ি যেন আকাশ থেকে <sup>গ</sup>লুডুলেন: অপমান আবার কখন করলাম ?

কু শ্বমিকা ঝাঁঝিয়ে উঠলো: অপমান নয় ? আপনি বলভে চান, বিশ বছর আমিই আপনাদের একমাত্র হিরোইন ? নকড়ি ব্যাপারা ঠিকট ধরতে না পেরে বললেন, সে কথা তো আমরা সগর্বেব বলে থাকি।

—তা বলবেন বইকি! আমার বয়স না বাড়ালে আপনার স্থা হবে কেন ? বিশ বছর ধরে আমি হিরোইন সাজছি—তা হলে আমার বয়স কত হোলো শুনি ? আমি কি চালশে বুড়ি ?

নকড়ি এতক্ষণে কুশ্বমিকার রাগের কারণটা বুরতে পারলেন, রললেন, না, না, তুমি বিশ বছরের ছুঁড়ি, আঁতুড় মার থেকে এসে আমাদের হিরোইন সাজভো। ভাগ বুঁচি, সখী সেজে এক তুই তিন করে পায়ে তো চড়া পড়ে গিয়েছিল। আমার দেখণা হিরোইন হলি, আমার কাছে আর চাল মারিস না।

কুম্নমিকাও ছাড়বার পাত্রী নয়, তার কাংসবিনিদ্দিত পেটেণ্ট গলার ঝকার দিয়ে বললে, তবেরে মট্রা, সাজ্মরে মেয়েদের মুখে রং মাথিয়ে পায়ে ঘুমুর বেঁধে দিভিস, আজ বড় মানেজারী ফলাতে এসেছিস না ? ভোর দেখতা আমি হিরোইন হয়েছি নারে মুখপোড়া ?

নকড়িও সমান পালা দিয়ে চেঁচাতে সুক্র করলেন : ভাপ বুঁচি, খবরদার বলে দিচ্ছি—সভ্যি বলছি আমি রেগে বাব – রেগে গিয়ে একটা কুরুক্তেকত্র করে বসবো।

—করো না কুরুক্তের; আমি কি ভয় করি নাকি? হাঁটে হাঁড়ি আমি ভেঙ্গে দিচিছ। বলি কা'র পয়সায় ভোর থিয়েটার চলছে রে হচ্চছাড়া? আমায় তুই অমনি হিরোইন করেছিস? আমি না থাকলে কোন্ চুলোর দুয়োরে ম্যানেজারী কর্মিস?

জোঁকের মুখে মুন পড়লে যে রকম অবস্থা হয় ম্যানেজারের অবস্থা দাঁড়াল ঠিক সেই রকম্ম সজে সজে তার স্থার গোল পাল্টে: আহা, থাক, থাক, থাক. ক

**—्** (कन, शोकरव (कन् ?

আহা চটস কেন? মাইরি বুঁচি, থুড়ি কুন্তমিকা দেবী, এই নাক কান মলা খাচ্ছি—কোন ব্যাটা আর বয়সের কথা ভোলে। তুই চট্ করে একটা গান শুনিয়ে দে দেখি—

- আমার গান গাইতে দায় পড়েছে।—কুস্থমিকা একটা ঝাঁকানি দিয়ে মুখটা অশুদিকে ঘুরিয়ে নিল।
- আহা রাগ করিস কেন। নটবরবাবুকে একটা গান শুনিয়ে দিবি নে ? উনি মনে করবেন কি। কি বঙ্গেন নটবববাবু ?

নকড়ি ডাক্তাবের মুখের দিকে চাইলেন। ডাক্তার এতক্ষণ নির্ববাক হয়ে কুত্মমিকা নকড়ির বচনামৃত পান করিছিলেন, নকডির শেষ কথাটায় চমকে উঠে তিনি বললেন, আমায় কিছু বলছেন ?

— থান্তে হ্যা, আবার কাকে !— নকডি এবাব হাসতে হাসতে বললেন: আমাদের হিরোইনের একটা গান ত্রুমুন। আপনাদের কলকাতায় এমন গান পাবেন না মশাই। কই হে ফ্যালারাম, হারমোনিয়ামটা কই ?

ক্যালারাম হারমোনিরামটা নিয়ো এলো। তারপর সেইধানেই সকলে বসলেন। গোবিন্দ উৎসাহিত হয়ে উঠলো। ডাক্তারবাবু বেন কি। এমন গান-বাজনা ছেড়ে ···

কুম্বমিকা হারমোনিয়ামটা টেনে নিয়ে বশঙ্গে: **সামা**র কিন্তু ভারী লক্ষা করে ·· আমেরিক। ফেরৎ ডাক্তার রায়ের জন্মে চেয়ারম্যান অধরবাবু সে রাত্রে বিলিভি প্রথায় থাওয়া দাওয়ার একটু বিশেষ আরোজন করেছিলেন এবং তার ফলে স্বজিত ও ফকিরকে বাড়ীর আর সকলের সঙ্গে ডিনার-টেবলে বসে কাঁটা-চামচ ধরতে হয়েছিল। বাবুর্চিচ খাছ্মবস্তুগুলি পরিবেশন করে যাবার পর মঞ্জু এসে ঘরে চুকলো। স্বজিতের পাশেব চেয়ারটাই শুধু থালি ছিল, বসতে গেলে সেইটাতেই বসতে হয়। মঞ্জু কিন্তু বসলো না, মুখ গন্তীর করে দাঁ-িয়ে রইলো।

রায়বাহাতুর বললেন. কই মা মঞ্জু, বোসো।

মঞ্জ, চেয়াবটা স্থাঞ্জিতের কাছ থেকে সশব্দে থানিকটা সরিব্বে এনে বিবক্তভাবে ভাভে বসে পড়্লো। সবাই আবাক হয়ে চাইলো মঞ্জুর দিকে।

ফকিরটাদ কাঁটা-চামচ সামনে দেখে বিষম বিত্রত বোধ করছিল, তার মুখ দেখে মনে হচ্ছিল সে বেন কোন শোকসভায় বোগদান করতে এসেছে।

আহার পর্বব সুরু হোলো। কিন্তু মুস্কিল হোলো ককিবের।
জীবনে সে কোনদিন কাঁটা-চামচ ব্যবহার করেনি। কোন হাতে
কাঁটা আব কোন হাতে চামচ ধরতে হয় সেটুকুও বেচারীর জানা
নেই। আর পাঁচজনের দেখাদেখি কোন বকমে সে কাঁটা চামচ
ধরলো বটে, কিন্তু এমন বে-কায়দায় ধরলো ধে প্লেটেরে খাছ্মবস্তু
কিছুতেই মুখের কাছে উঠতে চাইলো না। বেগভিক দেখে স্থাজত
ভাকে ইশায়ায় কাঁটা-চামচ ধরবার সঠিক প্রণালীটা জানাতে লাগলো।

ব্যাপারটা মঞ্জুর চোখ এড়াল না, মুখ তার আরও গন্তীর হয়ে উঠলো।

স্থাজিত বন্ধুকে বাঁচাবার জ্বন্ম তাড়াতাড়ি মঞ্জুকে বললে, তথন সময় পাইনি, আপনার আপেলটা দেওয়ার জ্বন্মে ধহাবাদ।

মঞ্জ, জবাব না দিয়ে অম্যদিকে চেয়ে রইলো।

রায়বাহাত্তর হাসতে হাসতে বললেন, মঞ্জু বুঝি এরি মধ্যে আপনাকে আপেন দিয়ে এসেছে ? বেশ, বেশ।

— আজ্ঞে হাা, আপেলও পেয়েছি, চাও পেয়েছি।

কথাটা বলে স্বন্ধিত রমার দিকে চাইলো। রমা লভ্জিত ভাবে হাসলে।

রায়বাহা ১র বললেন, কিন্তু আপনার থাবার বোধ ২৯ কফ হচ্ছে মি: রার, আমাদের এথানকাল্প রালা কি ঠিক—

— উন্ত, কিছু ভাববেন না রায়বাহাতুর। খেতে পেলেই আর আমাদের খাওয়ার কন্ট থাকে না। বিশাস না হয়, ফকির চাঁদকে জিজ্ঞাসা করে দেখুন। ফকির কাঁটা-চামচ ধরার কায়দাটা আয়ও করতে না পেরে হাত দিয়ে একথানা কাটলেট তুলে থাবার চেম্টা করছিল মরিয়া হয়ে, রায়বাহাতুর তার দিকে চাইডেই সে তাড়াতাড়ি হাতটা সরিয়ে নিয়ে বোকার মন্ত চেয়ে রইলো। এবারও ব্যাপারটা মঞ্জুর চোখ এড়ালো না, শুজিতের দিকে চেয়ে সে বাক্তকণ্ঠে প্রশ্ন করলে. আপনার বন্ধুটি কি আপনার সঙ্গে আমেরিকা গিয়েছিলেন মিন্টার রায় প

রায়বাহাতুর স্থান্ধিতকে জিজ্ঞাসা করলেন, অপনি তো চিকাগোডে গিয়েছিলেন ? কোন দিক দিয়ে ? নিউইয়র্ক না স্থানফ্রান্সিসকো ?

মৃহূর্ত্তের জন্ম কাটলেটের টুকরোটা স্বজিতের গলায় জাটকে বাবার উপক্রম হলো, কোন রকমে সেটা গিলে ফেলে স্থজিত বললে, দেখুন, তথন একরকম দিকবিদিক জানশৃত্য হয়ে গিয়েছিলাম, ও আর জিজ্ঞাসা করবেন না------

রায়বাহাহর কথাটা ঠিক বুঝতে পারলেন না : বললেন, আপনার অভিভাষণে কিন্তু আমরা আপনার আমেরিকার অভিজ্ঞভার কথা শুনতে চাই ,

- —নিশ্চয় শুনবেন; করুণ ও নিদারুণ আমার সব অভিজ্ঞভার কথাই তো বলবো ঠিক করেছি।
  - দাঁতের কথা বাদ দেবেন না যেন ?
  - जाड़ ना, मांज वाम मिला जात्र शाकरव कि ?
- —আচ্ছা, আমেরিকায় মেথেরা নাকি দাঁতের ডাক্তার হয় ? রমাজিজ্ঞাসা করলে।

স্থাজিত বললে, দেখুন, ওদেশের মেয়েরা পুরুষ ছাড়া কি ষে না হয় বলতে পারি না। আজ্ঞকাল মাঝে মাঝে তাও হচ্ছে শুনতে পাই।

রমা বললে, ভারি বেহায়া দেশ কিন্তু যাই বলুন

--- নিজে না দেখেই বেহায়া বলে দিলে রমাদি? -মঞ্জু টিপরী কাট্লে।

রমা বললে, দেখবো জাবার কি ' শুনতে তো পাই। মেয়েরা পুরুষদের রক্ষে পাল্লা দিতে যায় কোন্ লজ্জায় ?

—লজ্জা নয়, হয়তো পুরুষদের লজ্জা দিতে, কি বলেন মিস্ চ্যাটার্জ্জী? কথাটা বলে স্থানিত চাইলো মঞ্জুর দিকে।

মঞ্জু বললে, অনেককে লজ্জা দেওয়ার চেন্টাও বৃথা।

বাঁকা একটা চাউনী নিক্ষেপ করলো সে স্থাজিতের দিকে।

রায়বাহাত্তর বলে উঠলেন, কি কথা থেকে কি কথা বে বলিস আমি বুঝতে পারি না। কোথায় ডাক্তার রায়ের কাছে চুটে<sup>†</sup> dentistryর কথা শুনবো, না যত বাজে কথা—

মঞ্জু বললে, তুমি যত পার লেকচার শোন বাবা, আমার অভ মাথা বা দাঁতের ব্যথা নেই।—বলেই সে প্লেটটা সরিয়ে রেখে টেবল ছেড়ে উঠে পড়লো। কারও দিকে ভ্রুক্তেপ না করে বেরিয়ে গেল ঘর থেকে।

রায়বাহাত্র বিস্ময়াবিষ্ট কণ্ঠে বলে উঠলেন, কি হোলো মঞ্জ্র, ছঠাৎ অমন করে চলে গেল যে। দেখ না মা রমা।

মঞ্জ, উঠে যাওয়াতে রমা মনে মনে খুশী হয়েছিল, কিন্তু রায়-বাহাদুরের হুকুম, অমাথ করাবার উপায় নেই, উঠতে উঠতে মুখ ভার কবে সে বললে কি জানি ওর মেজাজ বোঝাই ভার, যাই দেখি আবাং—

সবাই অন্যমনক্ষ রয়েছে দেখে ফকির এই ফাঁকে কাটলেটের একটা টুকরো কোন রকমে মুখের ভিজর চালান করবার চেন্টা করছিল, কিন্তু চেন্টা সফল হোলো না, কাঁটা খেকে বিচ্যুত হয়ে টুকরোটা ছিটকে গিয়ে পড়লো একেবারে রারবাহাছরের গায়ে— তার পরিক্ষার ধবধবে জামাটার উপর সক্ষে একটা দাগ হয়ে গেল। মনে মনে মৃত্যুকামনা করলে ফকিরটাদ, কাঁটা হাভ থেকে টেবলের ওপর পড়ে গেল। সবাই কটমট করে ভার দিকে চেয়ে আছে দেখে ফকির নিতান্ত অপ্রস্তুত ভাবে বলে উঠলোঃ মাছ মাংসখাই না কি না, আমি একেবারে ভেজিটেবিল।

ফকিরের বলবার ইচ্ছা ছিল বে সে একেবার নিরামিবানী, কিন্তু ঠিক ইংরাজী প্রতিশব্দটা মনে করতে পারজনা।

প্রাণপণে হাসি চেপে স্থাঞ্জিত অধনবাবুকে বললে, কিছু মরে,

করবেন না রায়বাহাত্রর। গোলধোগের মধ্যে কেউ কেউ **টেবল** ছেড়ে উঠে দাঁড়িয়েছিল। রায়বাহাতুর বলে উঠলেন: না, না, মূনে করবো কেন! তা আপনারা উঠলেন কেন? ফকিরবাবু, আপনাকে আর একখানা কাটলেট—?

আবার কাট্লেট! ভার চেয়ে ফকির বরং নিজের মাধাটা চিবিয়ে থেয়ে ফেলভে রাজী আছে। রায়বাহাতুরের প্রশ্নের উত্তরে সে বললে, আজ্ঞে না, আমার খিদে নেই।

টেবলের ওপর সাজানো নানাবিধ ভোজ্যদ্রব্যগুলির দিকে চেয়ে গোপন একটা দীর্ঘনি:খাস ফেললে ফকিরটাদ। থিদেয় ভার পেটের ভেতরটা ফুটো ফুটবল রাডারের মতো ক্রমশ: চুপরে বাচ্ছিল।

মঞ্জু তার ঘরে জানলার কাছে একা দাঁড়িয়েছিল, রমা একে বললে, অমন করে চলে এলে বে মঞ্জু ? ডাক্তার রাম্ব কি মঞ্চে করবেন বলো তো!

—ডাক্তার রারের মন নিয়ে তো আমার মাধা ব্যথা নেই, তোমার থাকে তো গিরে সাস্ত্রা দিতে পারো।—কথা বলতে বলতে মঞ্জু খুরে দাঁড়াল।

রমা বললে, যা মুখে আসছে তাই বলছো বে। সাস্ত্রনা দেবার লোক তুমি না আমি ?

- —আমি কেন হ'তে বাব! আমার দায় পড়েছে—
- দায় পড়ে কি না পরে বুঝবে। এরকম মে<del>জাজ</del> কিন্তু ভাল নয়।
  - **—কেন বলতো** ?
  - —ডাক্তার রায় ভুল বুঝতে পারেন।
  - —ডাক্তার রার, ডাক্তার রার। মঞ্ এবার বারিয়ে উঠলো:

তোমাদের সকলের কাছে ওই নামটা জ্বপমালা হয়ে উঠেছে। ডাক্তার বায় ঠিক বুঝুন, ভুল বুঝুন, আমার কি!

রমা একটু আশ্চর্য্য হয়ে মঞ্জুর দিকে চাইলো, ভারপর বললে, কিছু নয় তো ? ঠিক বলছো ?

মঞ্জু বললে, বেঠিক কেন বলবো ? কি তোমার হয়েছে বলো তো ? যত সব বাব্দে বাজে কথা জিজ্ঞাসা করছো। আমি চললাম, মায়ার আজ শাবার অভিনয়, তার ব্যবস্থা করতে হবে।

মঞ্ছ ঘর থেকে চলে গেল। রমা দাঁড়িয়ে রইলো সেখানে। তার মুখ দেখে মনে হোলো—কি এক অঞ্জানা কারণে সে মনে মনে রীতিমভ খুশী হয়ে উঠেছে। পিয়ানোয় গিয়ে বসলো রমা।

ডিনার টেবল থেকে উঠে ওপরে এসেই ফকির বললে, ক্ষিদে পেরেছে।

স্ক্রিত বললে, বল কি হে ? এই মাত্র যে ডিনার-টেবল থেকে উঠে একে ?

- —উঠে এলুম তো কি হোলো ? ফকির বেশ রাগত ভাবে বললে : খাবার চোখে দেখলেই পেট ভরে না কি ?
  - —চোখে দেখলে মানে ?
- —চোথেই তো দেখলাম। ওই ছুরি কাঁটা দিয়ে মুথে কিছু ভোলা বায় ? তোমার সঙ্গে এসেই এই চুর্দ্দশা। জেলে তো বেভেই হবে তার, আগে পেট্টাও ভরলো না! আমি এখানে কিছুতেই থাকবো না।

স্থৃঞ্জিত সাস্ত্যনাচ্ছলে বললে, আহা! ব্যস্ত হচ্ছ কেন ? ভোমার খেতে পেলেই ভো হোলা?

—নাঃ, আমার থাবার আর দরকার নেই। ঢের স্থুখ হয়েছে, আমি চললাম। —এরি মধ্যে কোথায় চললেন ফক্ষিরবাবু ?—রায়বাহাত্বর ঘরে 
চুকতে চুকতে বললেন, থেয়ে দেয়ে একট বিশ্রাম করুন।

ফকির ডিক্ত-বিরক্ত কণ্ঠে বলে উঠলো, আজ্ঞে না, খাওয়া হয়েছে, জার বিশ্রামের দরকার নেই।

অধরনাথ বিশ্মিত, বিব্রহ্ হয়ে স্থঞ্জিতের মূখের দিকে চাইলেন। স্থঞ্জিত তাড়াতাড়ি বলে উঠলো: ফকির চাঁদের একটা বদ অভ্যাস আছে রায়বাহাতুর, বেশী খাওয়ার পর ও বিশ্রাম করতে পারে না, একটু ঘুরে বেড়ান ওর চাইই—

স্বধরনাথ বললেন, বেশ ভো। আপনাদের এখনও বাড়ীটাই দেখান হয়নি। আস্থন না ঘূরে টুরে সব দেখবেন।

স্থাজিত বললে, তাই চলো না ফকিরটাদ, ঘুরে টুরে খাওয়াও হজম হবে, বাডীটাও দেখা হয়ে যাবে।

—হাা, হাা, আমিও তাই বলছি।

রায়বাহাত্রর উৎসাহ করে ওদের বাড়ী-ঘর দেখাতে নিরে গেলেন। উপর থেকে নিচে, এ-ঘর থেকে ও-ঘর। ফকিরটাদের কুধার তাড়না ক্রমশ: প্রবল হয়ে উঠতে লাগলো, দাঁড়িয়ে দাঁড়িয়ে পা দুটো ব্যথা করতে লাগলো, কিন্তু মুখ ফুটে কিছুই বলতে পারলে না। এই ঘুরে বেড়ানর মধ্যে স্থান্ধিতের একটা মভলব ছিল এবং মতলবটা ফকিরটাদের জন্মই, কিন্তু ফকির ভার কিছুই বুঝতে না পেরে মনে মনে স্থান্ধিতের আন্তশ্রাদ্ধ করতে লাগলো।

নিচেডলায় এসে স্কৃত্তিত থানিক পরে বলল, কি হে, পিছিন্ধে পড়ছো কেন ফকিরচাঁদ? এভক্ষণে থাওয়া হজম হয়ে গেছে নিশ্চয়!

ফকির গোমড়া মুখে জবাব দ্রিলে: হাা।

—আবার কিলে পেরে থাকে তো বলুন ?—রারবাহাত্র কিল্লাসা করলেন। ফকির দাঁভে দাঁভ চেপে জবাব দিলে: আভ্তে না-

স্থাজত বললে, আচ্ছা রায়বাহাত্রের, আপনার বাড়ীর সব কো দেখা হোলো। কিচেন্টাই বা বাদ ধার কেন ? ভাঁড়ার বা রা**রাখর** এগুলোও একবার দেখা দরকার—

ফকির প্রতিবাদ জানাল: না, না, ভাঁডার বা রালাঘর দেখবার কোন দরকার নেই।

রায়বাহারের বললেন, না, না, ভাঁডার রান্নাঘরটাও দেখুন না; বডদুর সম্ভব আধুনিক ব্যবস্থা করবার চেন্টা করেছি।

স্থাজিত বললে, খাওয়া তে। হন্ধম হয়ে গেছে, আর ভয় কি ফকিরটাদ। চল, চল।

রায়বাহাতুর ওদের নিয়ে কিচেনে এলেন। সন্তিট একেবারে অধুনিক ব্যবস্থা। ইলেকট্রিক উন্থন থেকে, রেফ্রিঞ্চারেটর পর্যান্ত কিছুই বাদ যায় নি। মিটসেকের ভেতর ঝকঝকে কাঁচের প্লেটে নানাবিধ খাছ্যবস্তু থবে থবে সাঞ্জানো। ফ্রকিরের রসনা জলময় হয়ে উঠলো, নিঃখাস পড়তে লাগলো ঘন ঘন। রায়বাহাতুর যদি তু'মিনিটের জ্বস্থেও যরের বাইরে যেতেন, তা হলেই … …

রায়বাহাতুর রেক্রিঞ্চারেটর খুলে তার কায়দা-কা**মুবগুলো** দেখাচ্চিলেন।

শেলফের ওপর কয়েকটা ট্রে-তে কেক-পেট্রিক প্রভৃতি সাজান ছিল, স্থাজিত সে দিকে ফকিরেব দৃষ্টি আকর্ষণ করে বললে: বা:, চমৎকার ়া দেখলে কিদে পায়, কি বলো ?

ফকির বিরক্তভাবে মুখটা ঘুরিরে নিয়ে মনে মনে স্থব্জিতের মুগুপাত করতে লাগলো। স্থব্জিত বললে, খাওয়া সম্বন্ধে ফাকির চাঁদের বৈরাগ্য বড় বেশী রায়বাহাত্তর—

রায়বাহাতুর হাসতে হাসতে ফ'করের দিকে চাইলেন। স্থাঞ্চ লেই অবসরে ধানকয়েক কেকের টুকরো তুলে নিয়ে ফ্রকিয়ের হাছে **ওঁজে দিল।** রায়বাহাত্ত্র দেখতে পেলেন না, রেক্রিজারেটর বন্ধ করে ওদের নিয়ে বেরিয়ে এলেন।

ওরা কিচেন থেকে বেরতেই দেখা গেল মারা ভাদের দলবল নিরে অভিনয়ের জন্মে সেজে-গুজে এই দিকেই আসছে। রায়-বাহাত্বরকে দেখেই মারা ছুটে এলো তাঁর কাছে, বললে, বাঃ, আমাদের প্লে দেখবে না বাবা ? এসো শিগগির—

- --এই যে যাচিছ মা। চলুন ডা: রায়।
- —ভোমরা দেরী করো না বেন। এসো শিগগির—

বলতে বলতে মারা তার দলবল নিরে ছুটলো হলয়রের দিকে।

ক্ষকির ভার কেক-সমেত হাতথানা পকেটে পুরে কি করে সেগুলোর সদব্যবহার করা যায় ভারই উপায় উদ্ভাবনের চেফা করছিল। রায়বাহাত্তর বললেন, আস্থন ফ্ষকিরবাবু—

ফকির চমকে উঠলো, ভারপর মরিয়া হয়ে বললে, মাফ করবেন আমি একট পরে যাচ্ছি ••

উত্তরের ক্রন্থে অপেকা না করে সে উপরে উঠে এলো ভাদের ক্রন্থ নির্দ্ধিষ্ট বরে।

নিচের হলঘরটির একপ্রাস্থে ছোট্ট একটি ফৌল্প বেঁথে ছেলে মেরেদেখ
অভিনয়ের আয়োজন করা হয়েছিল। রায় বাহাত্বর স্থাজিতকে নিয়ে
বখন হলে চুকলেন তখন অভিনয় স্থাক হয়ে গেছে, একটা নাচ চলছে।
রমা, রাজলক্ষ্মী এবং আমন্ত্রিভরা বে যার আসন দখল করে বর্সেছেন।
মঞ্জু ফৌলের সামনে—ঠিক দর্শকদের সামনে বসে নাচের সল্পে পিয়ানে।
বাজাক্ষে।

ক্টেবের উপর নাচছিল মারা। নাচ শেষ ইবার সলে সলেই

শেখানে সাহেবী পৌৰাক পরা একটি তরুণের আবির্ভাব হলো।
তরুণ ছেলেটি বলে উঠলো, ভোমার নাচ চমৎকার হয়েছে প্রীক্তি।
(মারা বে ভূমিকাটিতে অভিনয় করছিল তার নাম প্রীতি) আমার
ইচ্ছে হচ্ছে ভোমার একবার ইয়োরোপটা টুর করিয়ে নিয়ে আলি।
অস্ততঃ ভারতবর্দের সব সহরগুলোয় একটা করে Show দিলে
কতি কি!

প্রীতি: আমি তো বাইরে কোথাও নাচি না।

ভরুণ: নাচ না। What a waste of salent কেন নাচবে না বলো দেখি? তোমার এই আর্ট, এ কি শুধু ঘরের? এবে বাইরের, বিশ্ববাসী সকলের জন্য। এত বড় একটা প্রভিভা লুকিরে রাখা অপরাধ।

প্রীতি : কিন্তু সংসারে আরও বড় কাজও ত আছে। সেগুলো অবহেলা করা অপরাধ নয় কি ?

তরুণ: কিছু না, কিছু না। সমাজ সংসার সব ভাসিয়ে দাও, বালি নাচ আর নাচাও। মনে রেখ, বিখ ভোমার জয়ে অপেক। করে আছে।

প্রীতি : বিশ্বকে তাহলে আরও কিছুদিন অপেকা করতে বলকোঁ। প্রীতি ওরফে মায়া চলে গেল। ছেলেটি বোকার মত ফেজের ওপর দাঁড়িয়ে রইলো। দর্শকদের করতালির মধ্যে ববনিকা নেমে এলো।

রমা তার চেয়ারটা স্থজিতের কাছে টেনে এনে বললে, এসব ছেলেমামুষী আপনার খুব খারাপ লাগছে বোধ হয় ?

স্থানিত বললে, মোটেই না। ছেলেমানুষী আমার অত্যন্ত জ্বাল লাগে, বিশেষতঃ ড যদি ছেলেমানুষের হয়।

রায়বাহারে হাসতে হাসতে বললেন, আপনি বড় চমৎকার কথা শলেন ড'ঃ রায়! বিনোদের কাছে শুলে আমার কিন্তু আপনার সমকে একেবারে অন্ত রকম-ধারণা ছিল। স্থানিত ঘাবড়ে গিয়ে বললে, বিনোদ ? কে বিনোদ—?
—পত্ত যে আমাদের বিনোদ—

রায়বাহাহর আর কিছু বলা দরকার মনে করলেন না। স্থান্থিতও তার কর্ত্ব্য ঠিক করে ফেললে, প্রায় সঙ্গে সঙ্গে বলে উঠলো, ওঃ, আমাদের বিনোদ, তাই বলুন, না ওর কোন কথা শুনবেন না। লোকটা এ পর্য্যন্ত আমাকে চিনভে পাবলো না। সত্যি কথা বলভে কি আমবা পরস্পরকেই ভাল করে চিনভে পারিনি।

রায়বাহাত্তর বললেন, কাল বিনোদ এলেই আমি সে-কথা বলব। বলব—ছেলেবেলা থেকে জানো—তাব খুব পরিচয় দিয়েছিলে ত ?

স্থাজিতের মুখ শুকিয়ে এসেছিল, তবুও সে উৎসাহের ভাবটা বঞ্জায় রেখেই বললে, নিশ্চয় বলবেন, বলা উচিৎ। ----কালই ভিনি আসছেন বুঝি ?

- —ই্যা, টেলিগ্রাফ করে তো তাই জানিয়েছে। অবশ্য কাজটা তার অত্যন্ত অন্যায় হয়েছে। কাল আপনাকে সঙ্গে করে আনাই তার উচিৎ ছিল। সঙ্গে তো আসেই নি টিকিটটা পর্যন্ত কিনে দের নি ছি. ছি।
- যাক, যা হবার ভা হয়ে গেছে। ওকথা আব ভুলবেন না। হয়ভো বিনোদবাবু এলে আমাদের আলা জার হয়ে উঠতো না।

রায়বাহাথর স্থাজিতের কথার গৃত অর্থটা ধরতে পারলেন না, কিন্তু কোথায় বেন একটা বট্কা লাগলো, তিনি একটু আশ্চর্কার্করেজ্ স্থাজিতের মুখের দিকে চেয়ে বললেন, আজ্ঞোল

স্থাজিতও তুল শোধরাবার চেন্টা করলো: না, বলছিলাম, এক সঞ্চে আসা হয়তো আমাদের ভাগ্যে নেই। ভবে কাল বিনোদবাবু নিশ্চয় , আসছেন, কি বলুন ?

খাৰবাহাত্ৰ বলিকেন, স্থা এলে বাবে কোথায়!

—ঠিক, না এসে বাবে কোথায়! স্থানিত এবার ভাড়াতাড়ি মুখটা ব্রিয়ে নিল মঞ্জুর দিকে, হাসবার চেফী করে বললে, আপনি এত ভমশুক্রার স্থানাতা জানতাম না।

🗱 আমাৰ সহজে আর সব কথাই বুঝি জানতেন ?—মঞ্ছু বললে।

- —না, কিছুই জানতাম না, সেইটাইতো আফলোস।
- জেনেও আফশোস করবেন হয়ত।
- আফশোস বর্থন করতেই হবে, তথন না জেনে করার চেয়ে জেনে করাই ভাল নয় কি ?
  - —আপনার বা অভিক্রচি '

মঞ্ছ ঠাট্টা করলো কিনা বোঝা গেল না। স্থাঞ্জিত একটু চুপ করে থেকে বললে, বললে বিখাস করবেন না, অভিক্রচি প্রবল, কিন্তু অবসর মিলবে কি না তাই ভাবছি।

কথাটা ভাল বুঝতে না পেরে মঞ্ একটা সন্দিহান দৃষ্টি নিক্ষেপ নরলো স্থানিতের মুখে। মঞ্চের উপর ধ্বনিকা উঠলো। স্থানতা গেই দিকেই মন দিতে হোলো সকলকে।

ফকিরটাদ মারাদের অভিনয় দেখতে বাবার সময় করে উঠিছে পারে নি। স্থাজিতের সংগৃহিত কয়েকথানা কেক উদরন্থ করে এবং ভার সজে পূর্ণ চুটি গ্লাস জল সংবোগ করে সারাদিনের পরিশ্রাম ও আর সজে পূর্ণ চুটি গ্লাস জল সংবোগ করে সারাদিনের পরিশ্রাম ও ক্রিলা-অনিভ অব্যুক্তিদ হঠাৎ কি রকম মুখ্যান হয়ে বিছানায় শুষে পড়েছিল—আর উঠবার চুটা করেনি,। অভিনয় দেখে স্থাজিত বাব উপরে উঠে এলো ফকির-ভখন যুমের সমুদ্রে সাঁতার ক্রিছে। স্থাজিতও বথেন্ট ক্লান্তি বোধ করছিল, ফকিরকে না জানিয়ে সেও নিজের নারায় শুরে-পড়লো।

বুমের সমূত্রে ভাষতে ভাষতে ফকিরটান পর্য বেশক্তির --বাঞ্চবিধ

শাস্তরের, চর্বর্য, চোষ্য, লেছ এবং পেয়, থরে থরে ভার চারিদিকে সাজান; শুধু সাজান নয়, এত কাছ যে হাত বাড়ালেই সেগুলি সোজা মুখ গহবরে চলে আসতে পারে। এই পরম লোভনীয় দৃশ্য দেখতে দেখতে ফকির উত্তেজিত হয়ে উঠে বসলো বিছানার উপর। উত্তেজনার আতিশয়ে মুমটা ভেকে গিয়েছিল; ফকির চোখ মেলার সঙ্গে সক্ষে সবিস্ময়ে আবিষ্কার কয়লো যে খাবার জিনিষ মনে করে সে মাথার বালিশটা কখন প্রাণপণে কামড়ে ধরেছে। ক্ষুক্র, মর্ম্মান্থত ফকির বালিশটা ছুঁড়ে ফেলে বিছানা থেকে নামলো। কুঁজো থেকে এক গ্লাস জল গড়িয়ে ঢক ঢক করে খেয়ে ফেললে। তারপর অন্থিরভাবে খানিক ঘুরে বেড়াল ঘরের মধ্যে—মুখ দেখে মনে হোলো সে যেন জীবনের সর্ব্বাপেকা হুঃসাধ্য সিদ্ধান্ত প্রহণ করছে চলেছে, হিটলারের রাশিয়া আক্রমণের সঙ্কল্লের মত একটা কিছু।

এত বড় একটা সিদ্ধান্তে পৌছতে ফকিরেব মিনিট ছুইয়ের বেশী সময় লাগলো না। ভেজানো দরভা খুলে ফকির চাঁদ ঘর ছেড়ে বেরিয়ে পড়লো।

ফকিরের বালিশ ছুঁড়ে ফেলার শব্দে স্থান্ধিতর বুম আগেই ভেলে গিয়েছিল, এভকন সে নিজের বিছানায় পড়ে নিঃশব্দে তার বিচিত্র কার্যকলাপ লক্ষ্য করছিল। ফকির ঘর থেকে বেরিয়ে যাবার সঙ্গে সঞ্জে সেও বিছানা ছেড়ে তার সঞ্চ নিল।

দেখা গেল ফকির সিঁড়ি দিয়ে নেমে নিচে এলো। তারপর চললো কিচেনের দিকে। নিচেতলার আলো নিভানো ছিল, ফকির অন্ধনারে হাতড়াতে হাতড়াতে স্থইচ থুঁজতে লাগলো। হঠাৎ পালেগে কি একটা জিনিব শ্বশব্দে পড়ে গেলণ ফকির আড়াইট হরে কিছুক্রণ দাঁড়িয়ে রইলো, তারপর আবার খুঁজতে খুঁজতে একটা স্থইচের সুনীন পেল। আলো জ্বতে সে ত্রুত পদে লক্ষ্যস্থলের দিকে অগ্রসর হোলো। স্থুজিত একট্ট ভফাতে থেকে অনুসরণ করছিল, স্কুৰিল জানতে পারলে না।

উপরে মঞ্জু তার ঘরে শুরে ইংরেজী একটা গল্পের বই পড়ছিল, ফকিরটাদের অসাবধানতার নিচে যে শব্দ হয়েছিল সেটা তার কানে গেল। কোতুহলী হয়ে সে বিছানা থেকে উঠে বারান্দার এসে দাঁড়াল। দেখলো নিচে আলো ছলছে। আরও কোতুহলী হয়ে সে সিঁড়ি দিয়ে নিচে নামতে স্থাক করলো।

ফকিরটাদ তথন রান্নাঘরের মধ্যে চুকে পড়েছে। আলোও স্থালা হয়েছে। ঘন ঘন নিঃখাস পড়ছে ফকিরের, থাবার জিনিষ ছাড়া আর কোন কথা তার মনে নেই। চোথের সামনে যা কিছু পাওয়া গেল তাই ছ'হাতের মুঠোয় ভর্ত্তি কবে সে ঘর থেকে বেরিয়ে আসবার জন্মে ফিরে দাঁড়াতেই দেখলো, স্বাঞ্জিত দাঁড়িয়ে দাঁজিয়ে হাসছে।

বিশায়-বিশ্বারিতনেত্রে ফকিরচাঁদ বোধ হয় চেঁচাতে বাচ্ছিল, হঠাৎ বাইরে সেই সময় মঞ্চুর শ্লাপারের শব্দ শোনা গেল। ফকিরের মুখ ছায়ের মত শাদা হয়ে গেল, সে কাঁদবে, চীৎকার করবে—না কোন একটা আলমারীর মধ্যে চুকে বাবে কিছুই ঠিক করতে পারলো না। শেব পর্যান্ত স্থির করলে, পালাবে। যা থাকুক কপালে, পালাবে। ফকির দৌড় দেবার চেন্টা করভেই স্থান্ধিত তার গোঞ্জিতনৈ ধরলো, চাপা গলায় বললে, আহম্মক! এখন পালাবে কোথায় ?

ফকির,বললে: তাহ'লে- ?

স্থানিত বললে, শোন যা বলি। কে আসছেন ভা জানি না, কিন্তু তাঁকে আমি যা বলবো তুমি শুধু মুখ বুঁলে শুনে যাবে। 'হাা', 'না', কিছু বলবে না, চোখের পাভা ৰদি না কেলে থাকভে পারো ভা হ'লে আরও ভাল হয়।

পারের শব্দ রালাঘরের দরজার এসে থামলো। ত্রিপার শোলা ' গেল মঞ্জুর গলা: ভেতরে কে ?

পর মুহূর্ত্তেই মঞ্চু ভিতরে চুকলো।

খুমের খোরে মামূব ধেমন ভাবে উঠে দাঁড়ায়, দেখা গেল ফৰির ঠিক সেই ভাবে দাঁড়িয়ে আছে। মঞ্জু কি বলভে বাচ্ছিল, স্থঞ্জিড ইসারা করে ভাকে কথা বলভে নিষেধ করলে।

ফকির ঠিক তেমনি ভঙ্গীমায় এগিয়ে যেতে লাগলো।

মঞ্চর মতো মেয়েও অবাক হয়ে গিয়েছিল, স্বজ্ঞিতের কাছে সরে এসে চাপা গলায় প্রশ্ন করলে, ব্যাপার কি ?

- চুপ করুন, এখুনি **ভে**গে উঠবে।

ফকির ঠিক সেইভাবে ঘর থেকে বেরিয়ে গেল।

মঞ্জু জিজ্ঞাসা করলে, কে জেগে উঠবে ? আপনার বন্ধু কি যুমিয়ে যুমিয়ে হাঁটছেন নাকি ?

—ওই তো বিদঘুটে রোগ ।— স্থ জিত গম্ভীরভাবে বললে।
মঞ্জু বললে, তা জাগিয়ে দিন না। রোগ সেরে যাবে।

স্থৃদ্ধিত মুখ-চোখে একটা আতঙ্কের ভাব এনে বললে, সর্ববনাশ । লাগিয়ে দিলে আর রক্ষে আছে। জেগে উঠলেই একেবারে অজ্ঞান —স্থার জ্ঞান হবে না। ভাইতো পিছনে পিছনে থেকে সাবধানে পাহারা দিতে হয়।

- -- কিন্তু···· ঘূমিয়ে ঘূমিয়ে হঠাৎ কিচেনে···· ·
- —কিচেনে চুকেছিলেন আমাদের সৌভাগ্য! ঘুমিয়ে ঘুমিয়ে ও কোধায় দা বেতে পারে — কিছু বলবার ভো জো নেই। বললেই জেগে উঠবে আর জেগে উঠলেই জ্ঞান থাকবে না।
- --- এ রোগ ওঁর কত দিন ? -- মঞ্জুর কথার ভক্তিতে এবার ধেন একটু সন্দেহের থোঁচা।

স্থান্ধিত বললে, তা অনেক দিনের। কেন বলুন তো? আপনি . কোর্ম ওযুধ জীনেন নাকি ?

—এখন না জানগেও আশা করি ভেবে একটা কিছু বা'র করভে শারবো। —আপনার কাছে তা হ'লে চিরকৃতজ্ঞ খা কবো। আচ্ছা নমকার! দেখি আবার কোধায় গেল।

স্থঞ্জিত তাড়াতাড়ি বেরিয়ে গেল।

মঞ্জ, ৰুভকটা নিজের মনেই বললে, হুঁ, রোগ বেশ কঠিন বলেই মনে হচ্ছে।

উপরে এসে ঘরে ঢুকে স্থান্ধিত দরজা বন্ধ করলে। ফকির আগেই এসে বিছানার উপর গালে হাত দিয়ে বসেছিল। স্থান্ধিতকে দেখেই সে আর্ত্তকণ্ঠে বলে উঠলো: সারাদিন, সারারাত উপবাস। তুমি বলো কি। আমি কাল সকালেই চলে যাব। আর একদণ্ড নয়।

স্থান্ধিতও উত্যক্ত হয়ে উঠেছিল, ভাবনাও জাগছিল নানা রকম। বিশেষ বিনোদবাবুর আসবার কথাটা শোনবার পর থেকে। বিছানার উপর ক্লাস্ত দেহটা এলিয়ে দিয়ে স্থান্ধিত বললে: এখন প্রস্তাবটা ভোমার মনদ ঠেকছে না ফকিবটাদ!

—তা হ'লে তুমি বাবে ?—ফকির উৎফুল্ল হয়ে উঠলো।

স্থাজিত বললে, থাকবার সম্ভাবনা বিশেষ উজ্জ্বল বলে মনে হচ্ছে না। বিনোদবাবু কাল সকালেই আসছেন, তাঁর সঙ্গে সাক্ষাণ্ণটো তেমন প্রীতিকর হবে কি ?

— না:, যাওয়াই ভালো ফকিরচাঁদ। তবে কি জানো····না, থাক্। স্থাজিত একটা দীর্ঘনি:খাস চাপবার চেন্টা করলো।

\*

সকাল বেলা। ট্রেন এসে থেমেছে একটা বড় ফৌশনে।

টেণের দ্বিতীয় শ্রেণীর কামরায় নটবর লাহিড়ী এবং তার সাক্ষো-পাঙ্গরা নিশ্চিন্ত মনে যুমুচ্ছে। নিশ্চিন্ত মনে মানে, গত রাত্রে অত্যধিক তরল পদার্থ দেবনের ফলে এখন দিন না রাত সেটুকু পর্যান্ত বোঝবার ক্ষমতা তাদের নেই।

নটবর লাহিড়ী ঘূমোচ্ছিল নিচের ব্যাঙ্কে। একজন টিকিট-চেকার উঠে কামরার অবস্থা দেখে কিছুক্ষণ হাঁ করে দাঁড়িয়ে রইলো। তারপর নটবর লাহিড়ীর কাছে গিয়ে ডাকলো: ও মশাই উঠুন না, দয়া করে টিকিট্টা দেখান।

নটবর একবার আরক্ত চোখ মেলে চাইলো বটে, কিন্তু তথৰই আবার পাশ কিরে শুভে শুভে বললে: বান, বান, ব্যান্ ব্যান্ করবেন না! টিকিট। টিকিট আবার কিসের ? সব টিকিট বিক্রো হরে গেছে।

উপরের ব্যাক্ক থেকে নটবরের একঞ্চন সন্ধী ম্বাড়িত কণ্ঠে বলে উঠলো: বুকিং Closed মলাই। ফুল হাউদ। নটবর লাহিড়ী স্বন্ধং থিয়েটারে নামছে। তিনদিন আগে টিকিট কিনে রাখেননি কেন ?

টিকিট-চেকার চটে উঠলো: বাজে বকছেন কেন মশাই ? কি নটবর লাহিডী দেখাছেন ? আপনাদের রেলের টিকিট বা'র করুন।

—রেলের টিকিট! oh I see!—'নটবর এবার পকেট হাডড়ে টিকিট বার করলে, তারপর জিজ্ঞাসা করলে: কিন্তু বেলের টিকিট-একেবারে রংপুরে গিয়ে দেখালে হবে না? রংপুর! টিকিট-চেকার আশ্চর্য্য হয়ে বললে, রংপুর তো কাল ছেড়ে এসেছেন।

নটবর বোধহয় কথাটার ভাৎপর্য্য সম্পূর্ণ উপলব্ধি করলে না, বললে, ছেড়ে এসেছি বলে কি আর দেখা পাব না! একি কাজের কথা হোলো। My dear checker, are you the chancellar of the Exchepuer!

নটবরের মুখ দিরে তথনও ভক্ ভক্ করে মদের গন্ধ বেরুচ্ছিল।
চেকার ধনকে উঠলো: মাভলামি রাখুন। এতো সব রংপুরের
টিকিট। আপনাদের সব excess fair with fine লাগবে।

উপরের ব্যাক্ষের লোকটি শেকল ধরে টলতে টলতে কোন রকমে
নিচে নেমে এলো। তারপর চেকারকে বললে, excess fair কেন ?
স্কুচ্চ রী পেয়েছ বাবা ? চাই না স্থামরা এমন ট্রেণে চড়তে, আমাদের
কোনা থেকে এনেছ সেইখানে পৌছে দাও, ব্যস্।

চেকার বললে, চালাকা রাখুন মশাই। গোলমাল করলে এখুনি পুলিস ডেকে ধরিয়ে দিভে পারি জানেন ?

নটবরের দলের আর একজন একজণ নির্বিকার চিত্তে যুমুচ্ছিল, পুলিস কথাটা কানে যেভেই সে ধড়মড় করে উঠে বসলো…...চেকারের মুখের দিকে টকটকে রাঙা ত্রটি চোখ মেসে চাইলো কিছুক্ষণের জ্বস্থা….কি বুঝলে সেই জানে, হঠাৎ উঠে পড়ে দৌড় দিলে দম্বজা ক্বাস্তা করে…..চেকার তাকে ধরে ফেললে।

—পালাচ্ছেন কোথার ? excess fair-এর টাকা কে দেবে ?
লোকটা বিনা বাক্যব্যরে পকেট খেকে মণিব্যাগ বার করে বললে:
আমি দিচ্ছি বাবা, আমি দিচ্ছি। বা ভোমার ধর্ম্মে হয় কেটে নাও,
পুলিস ডেক না।

\* \*

সকাল বেলা ঘুম থে'কে উঠে ফকির দেখলো স্থাজিত তার বিছানায় নেই, মুখ শুকিরে উঠলো ফকিরের। তাড়াতাড়ি জামাটা গায়ে দিয়ে নিচে নেমে এলো। থেঁজে দিয়ে জানা গেল স্থাজিত বাগানের দিকে গেছে। বাড়ীর সংলগ্ন মস্ত বাগান, ফকির তাড়াতাড়ি দেখানে ছুটলো। স্থাজিতকে আবিন্ধার করে বললে, বেশ লোক তো তুমি? আমি ঘুম থেকে উঠে তোমায় চারিদিকে খুঁজে বেড়াচ্ছি, আর তুমি দিব্যি বাগনে ঘুবে বেড়াচ্ছে? এখন বাগানে বেড়াবার সময়?

— অতি প্রশস্ত সময় ফকিরচাদ। স্থঞ্জিত হাসতে হাসতে বললে: প্রাতে বিশুদ্ধ বায়ু সেবনের মত উপকারী স্বাস্থ্যের পক্ষে আর কিছু নেই।

ফকির ৰললে, কাল থেকে সারা দিন-রাত —আমি প্রায় বায়ু সেবন করেই আছি, সে খেয়াল আছে ? আৰু সকালে না আমাদেব পালাবার কথা ?

- —হুঁ, তাই তো ভাবছি।
- —এখনও ভারছো ? আর ভাববার সময় আছে ? তোমার বিনোদবাবু কখন স্মাসছেন ?
- —ভাই ভো ভাবছি। আৰু ধরো, বিৰোদবাবু ভো কোন কারণে নাও আসভে পারেন। পৃথিবীতে নিত্য কতরকম ঘটনাই ঘটছে—ভূমিক-পা, বজ্রাঘাত, ট্রেণ ত্র্ঘটনা, নিদেন পক্ষে কলার ধোসায় পা পিছলে পড়ে যাওয়া—তুমি বলতে চাও বিনোদবাবু—ভগবান দা করুন, একটা কিছুও হরে না ?

স্থান্তিত কথাবার্ত্তা এবং ভাবগতিক দেখে মদে হোলো না বে ভার বাবার কোন রকম ভাড়া আছে। ফকির চটে উঠে বললে, জানি না আমি—ভূমি ভা হলে বাবে না, আমি বুৰডে পারছি····

বলতে বলতেই দেখলো রায়বাহাত্তর এই দিকেই আসছেন; ফকির বললে, আর যাওয়া হয়েছে! ওই বে ভোমার রায়বাহাত্তর এই দিকেই আসছেন। একটা কেলেঙ্কারী না হয়ে আর ষায় না।
—বলে সে সরে পড়লো।

রায়বাহাত্ত্র কাছাকাছি এসে বললেন, এই বে ডাক্তার রায়! আপনারও বুঝি প্রাভ:ভ্রমণের বাতিক আছে।

শ্বন্ধিত বললে, আজে ভ্রমণটাই আমার একটা বাতিক, ভা সকালই কি আর মধ্যাহ্নই কি ?

রায়হাহাত্রর হাসতে হাসতে বললেন, দেখুন, যত আলাপ হচ্ছে ততই আপনাকে আমার বড় ভাল লাগছে। আপনি যে অভ বড় আমেরিক' ফেরত ডেন্টিফ তা মনেই হয় না।

স্থান্ত একটু খটকায় পড়লো। লোকটা কি সন্দেহ করছে নাকি? নাঃ, মুখ দেখে তা মনে হয় না। স্থান্তিত সন্দে বলে উঠলো, তা আপনার মনে করবার দরকার কি! মনে করুন না, আমি কেউ নর, একটা বাউণ্ডুলে ভবযুরে।

— কি বে বলছেন ? না, না, আমি তা বলছিনে, কিন্তু আপনার আমায়িক ব্যবহারে আমি সভ্যি স্থা। আর দেখুন, একটা কথা, কাল থেকে আমি আপনাকে বলি বলি মনে করেও বলতে পারছি না।

কি কথা ? স্থাজিতের মুখের ধার-করা হাসির ওপর ভাবনার ছায়া পড়লো। কিন্তু মুহূর্ত্তের জন্ম। পরক্ষণেই সে হাদতে ছাসতে ক্লালে, যা বলবার বলে ফেলুন। আমার সব রকম কথাই গা সওয়া জাল্পে এখন না বললে জার হয়ত বলবার সময় নাও পেতে পারেন। —সে কি কথা! আপনি ভো কন্ফারেন্সের পর করেক দিন থেকে যাবেন বলেছিলেন। জ্ঞাননী কোন দরকার পড়েছে নাকি?

মনে মনে বিনোদকে কল্পনা করলে স্থান্ধিত, তারপর বললে, না, এখনও ঠিক পড়েনি, তবে বলাও বায় না।—বে কোন মুহূর্ত্তে পড়ে বেতে পারে।

—সেটা কিন্তু বড়ই চু:খের কথা হ'বে ডা: রার। আমরা বিশেষ ভাবে আশা করে আছি যে আপনার সঙ্গ আমরা কিছু-দিন পাব।

স্থাজিত একটা দীর্ঘখাস ফেলে বললে, আপনাদের নিরাশ করতে আমিও মনে ব্যথা পাব। তবে সবই নির্ভর করছে ঘটনার ওপর —কিন্তা চুর্বটনার ওপরও বলতে পারেন।

রায়বাহাত্তর কথাটা বুঝতে পারলেন না। ভারি ধেঁায়াটে কথা ডাক্তারের। তিনি সবিম্ময়ে স্বঞ্জিতের মুখের দিকে চাইলেন।

স্থৃঞ্জিত বললে, সভ্যি কথা বলতে কি, আমি একটা দুর্ঘটনার জন্মেই অপেক। করছি — মারাত্মক না হোক, একটা ছোটখাট দুর্ঘটনা।

রায়বাহাত্তর বিশ্বায় আর চাপতে পারলেন না, সবিশ্বারে **জিল্লাসা** করলেন, আপনি কি আবার জ্যোতিষ-টোতিষেও বিশ্বাস করেন নাকি ? তুর্ঘটনা ঘটবে কি না আগে থেকে কেউ বলতে পারে ?

—ঘটবে না ভাই বা কে বলতে পারে ।

পশ্ম দার্শনিকের মত উদাস একটা ভাব নিয়ে স্থানিত চলে। এলো সেধান থেকে।

হলঘরে পৌছে স্থজিত দেখলো, মঞ্ কাঠের সিঁড়ির রেলিংঞ্ধ্র মাথা থেকে সড়াঙ্ \*করে গড়িয়ে একেবারে নিচে নেমে এলো। এটা তার অনেক দিনের অভ্যাস। জারগাটা নিরিবিলি থাকলেই সে এই ভাবে উপর থেকে নিচে নামবার কসরৎ করে। আজও নিরিবিলি ভেবেই রেলিং দিরে নেমেছিল। কিন্তু নেমে এসে

দেশলো সিঁড়ির ভলায় দাঁড়িয়ে স্থানিত তার দিকে চেয়ে হাসছে। চমকে উঠলো বঞ্চু, রাগও হোলো একটু।

মঞ্চু উঠে দাঁড়াতেই স্থাজিত বদলে, প্রাতঃ প্রণাম !

মঞ্জু কোন রকমে একটা প্রভিনমন্তার জানাল বটে, কিন্তু কথা কইলো না

স্থান্ধিত নিজেই মৌনভঙ্কের চেন্টা করলো: সিঁড়ির রেলিং নিষ্টার সার্থকতা এতদিনে বুঝতে পারলাম। এর আগে ওটাকে বিপদের বেড়া বলেই জানতাম।

মঞ্জু এবারও কোন কথা বললো না, বরং চলে যেতে উন্তত হ'লো। স্থাঞ্জিত পিছন থেকে ডাকলে, শুনুন—

মঞ্ছু ঘুরে দাঁড়াল চোখ-মুখে বিরক্তির ভাব নিয়ে।

স্থাজিত বললে, আপনাকে একটা আনন্দ সংবাদ দিচিছ। আপনার কাছে বোধ হয় হারই মানতে হ'লো শেব পর্যাস্ত। ভেবে দেখলাম, এখান থেকে চলে বাওয়াই আমার উচিৎ।

মঞ্জ এক মুহূর্ত্ত চুপ করে থেকে বললে, শুনে সুখী হ'লাম।

ফুক্তিত আশা করছিল তার চলে বাওয়ার সংবাদে মঞ্চ্র মুখে কর্মতোঁ একটু ভাবান্তর ঘটতে পারে, কিন্তু তেমন কিছুই হোলে। না। সে আবার বললে: একটা কথা জিজ্ঞাসা করি—আমি বে গাঁতের ডাক্তার তাঁকি আপনি কিছুতেই ভুলতে পারেন না ?

মৃহূর্ত্তের জন্ম মনে হ'লো মঞ্জুর মূবের কাঠিয়া গলতে স্থক্ত করেছে। কিন্তু না, ওটা স্থান্ধিতেরই মনের ভুল বোধ হয়।

় 'মঞ্জু বললে, না, তা ভুলবো কেন ?

—না, ধকন আমি বদি দাঁতের ডাক্তার না হ'লাম, জুা হলে আপনার এতটা চকু-পীড়ার কারণ থাকতো কি ?

মঞ্বললে, কি হলে কি হ'তো তা নিম্নে মাধা ঘামাবার সময় আমার নেই।

স্থৃঞ্জিত ঘাবড়ালো না, আজ্ঞ সে ব্যাপারটা থানিকটা—মানে বভদুর সম্ভব পরিকার করভে বন্ধ পরিকর। সে বললে, কিন্তু স্থাবিচার করবার থৈষ্যও কি জাপনার নেই ? দেখুন, দাঁতের ডাক্তার হওয়াটা আমার জীবনে দৈব হুর্ঘটনা ছাড়া জার কিছু নয়। আমার তাতে সভ্যি কোন হাত নেই। এমন কি চিরকালের মড ডাক্তারীটা জাখীকার করভেও আমি প্রস্তম্ভ।

- —এসব কথা আমার শোনবার কি কোন প্রয়োজন আছে।
- শুধু দাঁতের ব্যথার সময় আমার কথা আপনার মনে পড়বে এ আমি চাই না।
  - —আপনার কথা আমার মনেই বা পড়বে কেন!

মঞ্জু একটা নিস্পৃহ, নিরাসক্ত ভাব দেখিয়ে বাইরে বেরিয়ে গেল।

সুজিত সেইখানেই দাঁড়িয়ে ভাবতে লাগলো। কী আশ্চর্যা। হঠাৎ যে অন্থায়ন করে ফেলেছে ডাক্তার রায় সেজে—সেটা শোধরাবার জন্মে এখানে আসবার পর থেকে সে কন্ত ভাবে কন্ত চেন্টাই না করলো। রায়বাহাত্বর থেকে আরম্ভ করে তাঁর এই আরবী ঘোড়ার মতো টগবগে তুরস্ত মেয়েটিকে সে আকারে ইন্সিডে বৃঝিয়ে দিতে চেন্টার ক্রটি করে নি যে আসল ডাক্তার রায়ের সজে ভার কোন সম্পর্ক নেই…কিন্তু কেউ এখনও তাকে ভাল করে সন্দেহ পর্যাস্ত করলো না।

স্থানিত দাঁড়িয়ে দাঁড়িয়ে এই সব ভাবছে, হঠাৎ মনে হ'লো বাইরে মঞ্জু বেন কার সঙ্গে কথা কইছে। স্থানিত উৎকর্ণ হয়ে উঠলো।

শোনা গেল মঞ্র গলাঃ এই বে বিনোদবাবু! বাবা আপনাকে পুঁজছিলেন।

বিনোদবাবু বললেন: ভাক্তার রার তা হ'লে ঠিক মডো পৌছেচেন ?

20

¢

মঞ্জঃ তা ঠিক পৌছেচেন। আপনার ডাক্তার রায় খোর† বাবার জিনিব নয় ?

বিনোদ: না, তা নয়। তবে ডাক্তার রায় বড় নার্ভাস লোক কি-না। গাড়ি থেকে নেমেই দেখা করতে আসছি। ভেতরে আছেন তো ?

মঞ্জ: তাই আছেন বলেই তো জানি। যান না—

ভেতরে দাঁড়িয়ে স্বন্ধিত কথাগুলো শুনতে শুনতে এই সকাল বেলাতেই ঘেমে উঠেছিল। প্রথমে ভাবলে জ্ঞানলা টপকে পালায়। কিন্তু, না, সেটা নেহাৎ ছেলেমানুষী হবে। মন ঠিক করে ফেলতে স্বন্ধিত দেরী করলো না। অত্যন্ত সঙ্কট অবস্থায় ভার বৃদ্ধিটা ভাড়াভাড়ি খেলে।

বিনোদ ঘরে ঢুকভেই স্থজিত বললে, আস্থন বিনোদবাবু। আপনার জন্মেই অপেক্ষা করছি।

বিনোদ আশ্চর্য্য হয়ে বললে, আমার জন্মে ? ---আপনাকে তো ঠিক ---

স্থান্ধিত তার অস্ত্র ছাড়তে স্থ্রু করলো: আমাকে ঠিক চিনতে পারবেন না।

- আপনি ডাক্তার রায়ের সঞ্চে দেখা করতে এসেছেন **ভো** ?
- —হাা, আমার মস্ত একটা ক্রটি হয়ে গেছে। তাঁকে সঙ্গে করে কাল আসবার কথা ছিল—

ক্ষণ্ডিত তু' নম্বর ছাড়লো: তিনি তো সেই তুঃখই করছিলেন; তুঃখ কেন, অভিমানও বলতে পারেন। চলে যাবার সময় সেই কথাই বলে গেলেন—

বিস্ময়ের আতিশব্যে বিনোদের বাটার ফ্লাই গোঁফটা প্রায় আধ-ইঞ্চি উপরে উঠে গেল।

—ভিনি চলে গেলেন নাকি ? কই, মিস্ চ্যাটাৰ্জী ভো বললেন না!

- —বঙ্গতে বোধ হয় ভিনি লড্ডা পেলেন। ডাক্তার রায়ের বাওয়াটা একটু আকস্মিক কি না!
- —সে কি! কনফারেন্সে তিনি থাকবেন না নাকি ? কি হল কি ?
- কি ধে হল ঠিক বলভে পাববে না। কিন্তু ভিনি ভো চলে গেলেন।
  - ---কোথায় চলে গেলেন ? আর আসবেন না নাকি ?
    - দেখে শুনে ভো সেই রকমই মনে হ'ল।

বিনোদ ধপ্ করে একটা সোফার উপব বসে পড়লো। গালে হাও দিয়ে আকাশ-পাতাল ভাবতে ভাবতে বললে, এখন উপায় ? রায়বাহাত্র কি করলেন ? তিনি ষেতে দিলেন কি বলে ?

স্থান্ধিত তিন নম্বর ছাড়লে: আমরাও তো তাই বলি। ষেতে দেওর। কোন রকমেই উচিত হয় নি। বিশেষ ও রকম রাগারাগির পর।

- —রায়বাহাত্তরের সঙ্গে ডাক্তার রায়ের রাগারাগি ? কি বলছেন কি ?—বিনোদ উত্তেজনায় উঠে দাঁডাল।
- —বলাটা অবশ্য আমার উচিত নয় স্বঞ্জিত হাত কচলাতে কচলাতে বলে চললো: তবে রায়বাহাহরের পক্ষেও কান্ধটা ভাল হয় নি।

বিনোদ ক্ষেপে উঠলো: স্বামি রায়বাহাছরের সঙ্গে এখুনি দেখা করে বলছি। তিনি তো এরকম ছিলেন না। অভবড় মাননীয় অভিথির সঙ্গে এই ব্যবহার ?

—সেই ভো কথা! কিন্তু রায়বাহাছরের সঙ্গে আপনার দেখা করাটা এখন বোধ হয় উচিত হবে না!

## **—কেন** ?

—কাজ্ঞটা করে ফেলে ভিনি একেবারে মরমে মরে আছেন। মড়ার উপর থাঁড়ার যা আর ভা'কে দেবেন না। কোন রকমে তিনি এখন ডাক্তার রায়কে ফিরিয়ে আনবার জন্ম ব্যাকৃল। আপনি চেষ্টা করলে বোধ হয় পারেন।

- কিন্তু ফিরিয়ে আনব কোথা থেকে। কোথায় তিনি গেছেন ভাও জানি না। এক আমি ছাড়া এথানে তিনি কাউকে তো চেলেনপ্র না।
- —তা হ'লে আপনার কাছেই গেছেন হয় তো। আপনিই এখন আমাদের একমাত্র ভরসা বিনোদবার।

বিনোদ বিশ্মিত হয়েছিলো, উত্তেজিত হয়েছিলো, ক্ষুক্ক হয়েছিলো, এবার অভিভূত হ'লো। শাদা-সিধে লোক, কাজ-পাগলা মানুষ, ডাক্তাব বাযকে সম্মিলনীতে হাজির করতে পারলে পাঁচজনরে তাবিফ পাবার আশা আছে, না আনতে পারলে পাঁচজনের কাছে ছোট হ'তে হবে। বিনোদ তথুনি রাজী হয়ে বললে, বেশ, আমি চললাম। যদি ফিরিয়ে আনতে পারি তো রায়বাহাত্বকে আমি একবাব দেখবো। এখন আমি কিছু বলছি না—হাত পা নাড়াব আতিশয্যে বিনোদের কাঁথের চাদরটা কোটের ওপর থেকে পড়ে গিয়েছিলো, সেটাকে ব্র্থান্থানে স্থাপিত করে বিনোদ যাবার জ্বন্যে পা বাড়াল।

ঠিক সেই সময় রায়বাহাতুর সেখানে হাজির হলেন।

—এই ষে বিনোদ।

বিনোদ গন্তীর মুখে বললেন, আপনাকে এখন কিছু বলতে চাইনা রায়বাহান্থর।

এখন কিছু না বলবার কারণ কি হ'তে পারে রায়বাহাতুর ভার কিছুই অনুমান করতে পারলেন না। অবাক হয়ে ভার মুখের দিকে চেয়ে বললেন, সে কি হে ? চললে কোথার ?

'— এখন কিছু বসতে চাই না।'— বসতে বসতে বিনোগ বেরিয়ে গেল উত্তেজিত ভাবে। রায়বাহাতুর স্থৃন্ধিতের দিকে চেয়ে বললেন, কি ব্যাপার বলুৰ ভো ? বুঝতে পারছিনা কিছু ৷

স্থাজিত হাসতে হাসতে বললে, বুঝবার আব কি আছে বায়বাহাছুর! বিনোদবাবু চিরকালই কি-ষেন একবকম!

পূর্ণিমা থিয়েটারের সাজ্বর। জন ত্ই ড্রেসার মিলে ডাক্তার রায়কে ইন্দ্রজিতের পোষাক পরাচেছ; চেলীর কাপড, জারিদার বেনিয়ান, মাথায় জরিদার পাগড়ি, কোমরে তলোয়ার ..কিছুই বাদ যায় নি। মেকজাপ-ম্যান মুথে বং মাথিয়ে, ঠোটের উপর একজোড়া গোঁফ বসিয়ে তার কর্ত্তব্য পালন করেছে। ফ্যালারাম ডাক্তারকে পাঠ মুখস্থ করাবার জন্মে খাতা হাতে তার পাশে দাঁড়িয়ে আছে। ডাক্তার রায় কিছুতেই বং মেথে সং সাজতে রাজী হচ্ছিলেন না, তাঁকে প্রায় ধরে-বেধে সাজান হয়েছে।

সাজ পোষাক শেষ হবার পর ড্রেসার বললে, আয়নায় চেহারাখানা একবার দেখুন স্থার—ঠিক কলকাতার মতো হলো কিনী বলুন।

আরনার নিজের চেহারা দেখে ডাক্তারের কারা পেতে লাগলো। তিনি বললেন, এই পোষাক পরে কি করে বা'র হব ?

ম্যানেজার নকড়ি বললেন, কেন পোষাকটা খারাপ কিসের ? কলকাতায় কি এমন সাচচা জরির, পোষাক পরতেন ? ওসব চাল এখানে দেখাবেন না মশাই। ফ্যালারাম বললে, নিন, নিন, আপনার পার্টটা আর একবার ঝালিয়ে নিন।

ম্যানেজার বললেন, গ্রা ভাল করে পড়িয়ে দাও ফ্যালারাম, জার সময় নেই। আমি ষ্টেজটা দেখে আসি ভতকণ। ডুপ উঠে গেল।

নকড়ি উঠে গেলেন ড্রেসাব এবং মেক-আপ্ম্যানও গেল তার পিছনে পিছনে।

ফ্যালারাম বললে, শুমুন, হিবোইন মানে ইন্দ্রজ্ঞিৎ-পত্নীব গান শেষ হওয়ার সঙ্গে সঙ্গে আপনাব প্রবেশ

—প্রবেশের পবেই একটা মূর্চ্ছা হয় না ?—প্রশ্ন করে ডাক্তার করুণভাবে চাইলেন ফ্যালাবামেব দিকে।

ফ্যালারাম বললে, মর্চ্ছা কি মশাই ? অভ বড় বীর ইন্দ্রজিৎ রামচন্দ্রের সক্ষে যুদ্ধ কবতে যাচেছ। সে অন্দরমহলে ঢুকে মূর্চ্ছা যাবে কেন ?

—নাঃ, ভাবছিলাম তা হলে আর বেশী হাল্পামা থাকে না।
ফ্যালারাম গরম হয়ে উঠলো: আপনার চালাকী রেখে দিন,
শুনুন: হিবোইন আপনাকে দেখে বলবে—

তবু ভাল, মনে তব পডিয়াছে এতকণে দাসীবে ভোনার, কিন্তু নাথ, রণসাজ সাজে কি হেথায়, কত মধুরাতি যেথা কাটাযেছ কুম্বস্থানরে।

ডাক্তার চোধ কপালে ডুলে বললেন. এটা।
—এটা নয়, আপনি বলবেন:

বাসর বাপিতে নর, আসিরাছি লইজে বিদার! বীরের প্রের্মনী তুমি, রণসাজে আশহা কি হেজু ? निन, राष्ट्रन ।

ভাক্তার রায় অসহায় ভাবে বলে উঠলেন, ওই অন্ত কথা বলভে হবে ? কবিতা যে আমার মুখস্থ হয় না।

ক্যালারাম থাতাখানা ছুঁড়ে কেলে চেঁচিয়ে উঠলো, এই বইল তা হলে আপনার পার্ট। আমাব দ্বারা হবে না। আমি বাচিছ ম্যানেজারের কাছে।

ফ্যালারাম বেরিয়ে গেল। ডাক্তার রায় দাঁড়িয়ে দাঁডিয়ে ভাবতে লাগলেন। এই বিচিত্র পোষাকে লোকের সামনে বের'তে হবে ? তাব চেয়ে মৃত্যুও ভাল। ভাবতে ভাবতে তিনি মন ঠিক করে ফেললেন। কিছুক্ষণ পরে দেখা গেল, ডাক্তার রায় সাজ্যর থেকে বেরিয়ে চোরের মত পা টিপে টিপে ফেল্ডের পিছন দিকে কোথায় অদৃশ্য হয়ে গেলেন।

ফেজের ওপর তথন সথীগণ পরিবেষ্টিতা ইন্দ্রজিৎ-পত্নী গান গাইছে আর সধীরা গানের সঙ্গে কোন রকম সম্বন্ধ না রেখে ধূলো উড়িয়ে ত্রম দাম শব্দে নাচছে। ম্যানেজার উইংসের পাশ দিয়ে মুখ বাড়িয়ে একান্ত আগ্রহ ভরে এই নৃত্যগীত উপভোগ করছিলেন, ফ্যালারাম তাঁর কাছে এসে বললে, ঢের ঢের বেয়াড়া এক্টর দেখেছি মশাই, আপনার নটবর লাহিড়ীর জুড়ি দেখি নি। গুকে পার্ট পড়ান আমার কর্ম্ম নয়। ম্যানেজার উইংস ছেড়ে ভিভর দিকে পিছিয়ে গেলৈন, ভারপর বললেন, আরে ওসব চালাকী ওদের দস্তর। ফেজে বেরিয়ে ঠিক সিধে হয়ে যাবে দেখা। খাল্য নজর রেখো যেন পালাভে না পারে।

ক্যালারাম বললে, না পালাবে কোথায় ? বাংরের সব দর্জায় পাহারা।

নকড়ি বললে, ঠিক আছে। চলো এইবার নিয়ে আসি—আর দেরী নেই। এই নাচের পরই তো ইস্কুন্সিভের প্রবেশ। ফ্যান্সারামকে নিয়ে নকড়ি এলেন সাঞ্চারের সামনে; বাইরে থেকে হাঁক দিলেন, আন্তন লাহিড়ী মশাই, সময় হয়েছে।

ভেতর থেকে কোন সাড়া পাওয়া গেল না। ম্যানেন্সার হস্তদস্ত হয়ে ভিতরে চুকে পড়লেন, পিছনে ফ্যান্সারাম। কিন্তু ঘরের ভেতর কারও সন্ধান পাওয়া গেল না।

ম্যানেজার টাকে হাত বুলোতে বুলোলে বললেন, গেল কোথায় ? ক্যালারাম বললে, এই খানিক আগেই তো ছিল।

—হ<sup>\*</sup>ঃ, ষত সব—

বিরক্তিসূচক একটা শব্দ করে নকড়ি প্রায় ছুটতে ছুটতে সাঞ্চঘর । থেকে বেরিয়ে গেলেন।

কর্মচারীদের একজন সামনে দিয়ে যাচ্ছিল, নকড়ি জিজ্ঞাসা করলেন: লাহিড়ী মশাইকে দেখেছ ? নটবর লাহিড়ী ?

- --- আন্তে না।
- স্বাজ্ঞ না!—নকড়ি দাঁত মুখ খি চিয়ে চেঁচাতে স্থক করলেন : তা হলে ছল-জ্যান্ত লোকটা গেল কোথায়, হাওয়ায় উবে গেল? বাইরের দরজায় কে পাহারায় ছিল?

লোকটি বললে, আজ্ঞে, আমিই ছিলাম। সেধান দিয়ে মাছিটি পর্যাস্ত গলে যায় নি।

'-তা হ'লে আমার সর্ববাশ করে লোকটা গেল কোথায় ?

ম্যানেজ্ঞার পাগলের মতো চারিদিকে ছুটোছুট স্থক করে দিলেন।

নটবর লাহিড়ীকে ফেজে হাজির করতে না পারলে বিশ বছরের

ম্যানেজারীর গর্বব ধূলিসাৎ হবে, মুখে চূণ-কালি মাখিয়ে ছাড়বে শহরের
ক্ষল কলেজের ছেলেরা!

অন্ত একদিকের উইংসের ফাঁকে দাঁড়িয়ে গোবিন্দ এভকণ বিক্ষারিত চোঝে সথীদের নাচ দেখছিল। নকড়ি তাকে দেখতে পেয়েই সেখানে এসে হাজির হলেন। —এই ধে গোবিন্দ, বাবা গোবিন্দ, ভোমার মনিবটি কোণার . বলতো বাবা ?

গোবিন্দ ডাক্তার রায়ের অন্তর্জান কাহিনার কিছুই জানতো না, বললে, জানি না তো। আমি নাচ দেখছিলাম, ফাই্ট কেলাস নাচ—

— নাচ না আমার গুরির পিণ্ডি। এই নাচের পরেই ইক্রজিভের প্রবেশ। লাহিড়ী মশাইকে খুঁজে না পেলে আমি যে দয়ে মজে যাব। সর্ববনাশ হয়ে যাবে।

প্রম্প টার থেকে সীন-শিষ্টাররা পর্যান্ত সবাই এসে ভিড় করে দাঁড়িয়েছিল ম্যানেজারের চারিদিকে। ম্যানেজার ভাদের লক্ষ্য করে চেঁচিয়ে উঠলেন, হা করে দাড়িয়ে দেখছ কি ? থোঁজো না সব আহম্মকের দল। যেমন করে হোক ভাকে খুঁজে বার কর।

কর্মচারীরা সম্ভক্ত হয়ে এদিক ওদিক ছুটলো।

ম্যানেজার ফ্যালারামের দিকে চাইলেন; তুমি বাও, উইংগের ফাঁক থেকে স্থাদের ইসার। করে বলে দাও নাচটা চালিয়ে বেভে। ফ্যালারাম বললে, নেচে নেচে পা ধরে যাবে যে!

ম্যানেজ্ঞার হাত পা ছুঁড়তে ছুঁড়তে বললেন, পা ধরে যায়, বসে বসে নাচবে, শুয়ে শুয়ে নাচবে—শুয়ে শুয়ে ঘাড় ব্যথা হয়ে গেল আবার উঠে নাচবে, ঘুরে ফিরে নাচবে, যতক্ষণ পারে নাচবে…

ফ্যালারাম ম্যানেজারের হুকুম তামিল করতে ছুটলো।

ডাক্তার রায়কে পাওয়া যাচেছ না শুনে গোবিন্দ একটু মুবড়ে পড়েছিল। আহা, এমন জমাট নাচ গান, শেষটা বুঝি সব মাটি হয়ে ধায়। সেও এদিক ওদিকে ঘুরে ডাক্তাবের থোঁজ করতে লাগলো। বুরতে ঘুরতে এসে পড়লো কৈজের পিছন দিকটার। এথানে পুরানো, ভালা সিনের কাঠ স্তুপাকার করে রাধা। হঠাৎ গোবিন্দ ভারি মধ্যে আবিষ্ণার করলো ডাক্তার রায়ের মুখ। ডাক্তার রায় ভালা কাঠগুলোর মধ্যে আত্মগোপন করে, নিঃখাস নেবার জন্মে হঠাৎ বোধ হয় মুখটা একবার বার করেছিলেন, গোবিন্দ সেইটুকু সময়ের মধ্যে ভাঁকে দেখে ফেললো, বিস্ময়-বিহ্বল কণ্ঠে ডাকলে, স্থার!

ডাক্তার রায় হাত নেতে তাকে নিঃশব্দে সেখান থেকে চলে যেতে ইসারা করলেন। গোবিন্দ ইসারার মর্ম্মোদ্ধার করতে না পেরে হাঁ করে তাঁর দিকে চেয়ে রইলো। ডাক্তার রায়ের মাথার রক্ত গরম হয়ে উঠেছিল। তিনি সোঁটে আঙ্গুল ঠেকিয়ে গোবিন্দকে চুপ করে থাকতে বললেন।

তাতেও কোন কাজ হোল না।

গোবিন্দ জিজ্ঞাসা করলে, এখানে ঢুকেছেন কেন স্থার ?

ডাক্তার রায় চাপাগলায় গর্জ্জাতে লাগলেন: চুকেছি আমার খুশী। তুমি এখান থেকে হাও দেখি আহম্মক।

া গোবিন্দ মাথা চুলকাতে চুলকাতে বললে, আজ্ঞে যান্তি। কিন্তু আপনার থ্যাটার তো ফ্টেব্রের পিছন দিকে নয়, সামনের দিকে।

- —আমি জানি। তুমি যাও।
- ভুলে এদে পড়েছেন বুঝি ?

ডাক্তার রায়ের ইচ্ছা হোলো একখণ্ড কাঠ ভুলে গোবিন্দর মাধায় বসিয়ে দিয়ে তাকে চিরকালের মত চুপ করিয়ে দেন। কিন্তু ইচ্ছা হোলো মাত্র। ও-রকম মারাত্মক কিছুই তিনি করে উঠ্তে পারলেন না। ভার বদলে খানিকটা সংষত হয়ে বললেন, না, আমি একটা ক্লিনিস খুঁজছি।

- কি থুঁজছেন স্থার ? স্বামি খুঁজে দেব ?—গোবিন্দ উৎসাহিত হয়ে উঠলো।

ভাক্তার রায় দাঁতে দাঁতে ঘষতে ঘষতে বললেন, না, না, না।
বলছি ভোমায় খুঁজতে হবে না; ভূমি যাও। দয়া করে যাও।

গোবিন্দকে ভবু নিরস্ত করা গেঙ্গ না, সে বঙ্গঙ্গে, টর্চ্চ আনব স্থার ? ম্যানেক্সারকে ১৬কে আনবো ?

কী বিপদ! এমন মুস্কিলে মানুষ পড়ে। তাও আবার নিজের সহকারীর জন্মে। ডাক্তার রায় অসহায় কণ্ঠে বললেন, কাউকে ডাকতে হবে না, দোহাই গোবিন্দ, তুমি যাও—

কিন্তু স্থার•••

নিভাস্ত অনিচ্ছাসত্ত্বেও গোবিন্দ যাবাব জন্ম তু'পা পিছিয়ে গেল।
কিন্তু যেতে হোলো না। ম্যানেজাব নকডি ফ্যালাবামকে নিয়ে এই
দিকেই আসছিলেন। গোবিন্দকে দেখতে পেয়ে বললেন, কি হে
গোবিন্দ? পিছু ফিবে হাঁটা অভ্যাস কবছো নাকি ?

- —আজ্ঞে না—দেখছিলাম।—গোবিন্দ গোটা দুই ঢোক গিললে। ম্যানেক্সারের সন্দেহ হোলো,তিনি জিজ্ঞাসা করলেন, কিদেখছিলে ?
- <del>— স্থারের ওথানে</del> কিছু হারিয়েছে কি-না।
- স্থাব মানে ভোমার মনিব। ওই ভাঙ্গা সিনগুলোর পিছনে ?
- —আজ্ঞে হাা, তিনি কি খুঁজছেন।

ম্যানেজার সদর্পে কাঠের স্থপের দিকে এগিয়ে যেতে বেতে বললেন, এইবার খুঁজে বার করাচিছ।

ডাক্তার রায়কে খুঁজে পেতে এর পব দেরী হোলো না

ম্যানেঞ্চার চীৎকার করে উঠলেন, আপনার কি রকম আকেন্স বলুন তো মশাই ? আপনার জ্বস্থে থিয়েটার মাটি হয়ে থেভে বসেছে, আর আপনি এখানে লুকিয়ে বসে আছেন ?

তাক্তার সেধান থেকেই বললেন, লুকিয়ে ? কে বললে লুকিয়ে ? আমি----এদিকটা একটু দেখছিলাম—

—আমরা এদিক ওদিক অনেকদিক দেখে রেখেছি মশাই, আপনি বেরিয়ে আন্তন দেখি; নইলে কলকাভার এক্টর বলে মান আর রাখতে পারবো না। অগত্যা ডাক্তার রায়কে সেখান থেকে বেরিয়ে আমতে হোলো।
ডাক্তার রায় বখন সেই ভালা কাঠের স্তুপে বসেছিলেন, তখন
একরাস পিঁপড়ে বিনাবাধায় তাঁর জামার ওপর উঠে বসেছিল,
জারিদার পাগড়ী, চেলীর কাপড়েও ঢুকেছিল ত্ল'চারটে। উত্তেজনার
আতিশয্যে ডাক্তার রায় সেটা খেয়ালই করেননি। তিনি বেরিয়ে
আসতেই নকড়ি আর ফ্যালারাম তাঁকে প্রায় বন্দী করে ফেজের দিকে
নিয়ে চললো।

এদিকে পূর্ণিমা থিয়েটারের গেটে ততক্ষণে একটা গাড়ী এসে

প্রথমেছে। গাড়ী থেকে নামলো নটবর লাহিড়ী আর তার ত্'জন

বন্ধু। গাড়ীভাড়া চুকিয়ে দিয়ে নটবর বন্ধুদের একজনকে জিজ্ঞাসা
করলে, ওহে এইটেই ভো পূর্ণিমা থিয়েটার ?

বন্ধু বললে, সাইনবোর্ড আর প্ল্যাকার্ডের ভিড় দেখে তো তাই মনে হচ্ছে। ঢুকে পড় হুর্গানাম করে।

- কিন্তু প্লে ত আরম্ভ হয়ে গেছে বলৈ মনে হচ্ছে।
- নটবর লাহিড়ী আবার কবে সময়মত শ্লে করতে নেমেছে। তুমি বে সশরীরে এসেছ এই তো ওদের ভাগ্যি।
  - —ভোমরাও এসো না সঙ্গে।
  - না, না, তুমি বরং একাই যাও। সামরা বাইরে আছি।
  - নটবর একাই থিয়েটারের ভিতর ঢুকলো।

ষ্টেক্সের উপর নাচগান শেষ হয়ে গেছে, কুস্থমিকা ইন্দ্রজিতের জন্মে অপেকা করছে। কলকাতার স্থনামধন্ম নটবর লাহিড়ীকে চাক্ষ্য দেখবার জন্মে দর্শকরা অভিটোরিয়মে কন্ধনিঃখাসে অপেকা করছে।

উইংসের পাশে ম্যানেজার আর ফ্যালারাম তথন ডাক্তার রারকে ঠেলে ফেঁজে পাঠাবার চেফ্টা করছে। ম্যানেজার বডই বলেন, যান না মশাই, এইবার ঢুকুন। ডাক্তার ততই বলেন, এই যে বাই ···· কিন্তু যেতে গিয়ে পা আর সরে না। আনেকটা বলিদানের পাঁঠার মত অবস্থা। এর চেয়ে মুক্ষিল হয়েছে পাগড়ীটা নিয়ে। কবন যে সেটা মাথা থেকে খুলে হাতে নিয়েছিলেন সেটা ডাক্তার বায়ের থেয়ালই ছিল না। এখন হাত থেকে সেটা কোথায় রাথেন সেই ভাবনাতেই তিনি অস্থির হয়ে পড়লেন। ওটা যে আবার মাথাতেই পরা যায় সেটা আর মনেই নেই। বিব্রত হয়ে তিনি পাগড়ীটা একবার সোজা ম্যানেজারেব হাতেই তুলে দিলেন, উত্যক্ত ম্যানেজার আবও উত্যক্ত হয়ে সেটা তাকে ফেরৎ দিতে দিতে বললেন, আপনি খেলা হয়ে করলেন যে। শেষে কি আপনাকে ধাকা মেরে পাঠাতে হবে ?

ডাক্তাৰ বললেন, না, না, এই যে যাই

ভাড়াভাড়িতে পাগড়ীটা গোবিন্দর হাতে দিয়ে ভিনি চোথ কাপ বুঁজে ফেজের মধ্যে ঢুকে পড়লেন, কিন্তু ঢু'পার বেশী এগোভে পারলেন না। অভিটোরিয়াম-ভর্ত্তি অসংখ্য মাথা ফেজের দিকে হাঁ করে চেয়ে আছে, ডাক্তার রায়ের বুকের ভেতর হাতুড়ি পেটার আওয়াজ হ'তে লাগলো। কুস্থমিকা পর্যান্ত অস্বস্তি বোধ করতে লাগলো, মনে মনে মুগুপাত করলো ডাক্তাবের। কিন্তু ডাক্তাবের তথন সে-কথা ভাববার অবস্থা নর। আবার ভিতরে ঢুকে পড়া যায় কি-না দেখবার জন্মে তিনি উইংসের দিকে চ্ইলেন। দেখা গেল, পাগড়ীটা গোর্ফিনর হাত থেকে কেড়ে নিয়ে ম্যানেকার ক্রোধে, ক্লোভে প্রায় উর্দ্ধবাহ হয়ে নৃত্য করছেন। আর বলছেনঃ দেখেছ, দেখেছ....এটা আবার ফেলে গেল ?

—এই বে দিয়ে আসছি স্থার!—বলেই গোবিন্দ নকড়িকে কোন কথা বলবার অবকাশ না দিয়ে পাগড়ীটা ভার হাভ থেকে ছিনিয়ে নিয়ে ফেঁজে ঢুকে পড়লো, কেউ বাধা দেবার সময় পর্য্যস্ত পেল না।

ফেলের উপর কুহুমিকা দেখলো বে আর অপেকা করা যার না,

সে নিজেই ইন্দ্রনিৎ-বেশী ডাক্তারের দিকে এগোভে লাগলো এবং ঠিক সেই সমর পাগড়ী হস্তে আবির্ভাব হলো গোবিন্দর! একেবারে শাঁটি পৌরাণিক নাটক, তারই মাঝে মালকোঁচা-মারা কাপড় আর হাফসার্ট-পরা গোবিন্দ এসে পাগড়ীটা ইন্দ্রন্ধিতের হাতে দিয়ে তৎক্ষণাৎ ভিতরে চুকে গেল। দর্শকদের আসন থেকে হাসির কোয়ারা ছুটলো, কেউ কেউ শিস দিতে লাগলো, কুস্থমিকার মুখ পর্য্যন্ত লভ্জার রাঙা হয়ে উঠলো।

দর্শকদের হাসির ঢেউ একটু কমতে কুস্থমিকা ওরফে ইন্দ্রজিৎ-পত্নী ডাক্তার রায়ের সামনে গিয়ে বলতে স্থুক্ত করলো:

> তবু ভাল, এতক্ষণে মনে তব পডিয়াছে দাসীরে ভোমার! কিন্তু নাথ, রণসাজ সাজে কি হেথায়

ডাক্তার রায় কিছুই বুঝতে পারছিলেন না, কুহুমিকার কণা শেষ হবার আগেই তিনি বলে ফেললেন: আমি এসেছি।

তাঁর এই আগমন-ঘোষণার জ্বন্থে কেউই প্রস্তুত ছিল না, না দশকরা, না কুস্থমিকা — বোধ হয় ডাক্তার রায় নিজেও না। কুস্থমিকা একটা তাত্র দৃষ্টি হানলে ডাক্তারের দিকে, ভারপর চাপা গলায় বললে: একি! পার্ট ভূলে গেলেন নাকি ?

পার্ট তো পার্ট, ডাক্তার রায় নিজেকেই ভুলে যাবার উপক্রম করছিলেন, কারণ ভালা কাঠের ভূপ থেকে যে পিপীলিকাকুল প্রথমে তার জামার এবং পরে জামার মারফতে দেহের বিভিন্ন অংশে শক্রসেনার মত অনুপ্রবেশ করেছিল, তারা এই সময় সঞ্জবদ্ধ আক্রমণ ক্র্ব্রুক করে দেওয়ায় তার জার কিছু ভাববার অবসর ছিল না। মনে হচ্ছিল, জামাটা গা থেকে খুলে ফেলে ফেজের ওপরই তিনি শুয়ে পড়বেন। কিন্তু না, জডটা বিপর্যায় হ'লো না, কেবল হাত চুটো তাঁর কথনও জামার তলায়, কখনও কাণের পাশে, কথনও পায়ের কাছে ওঠা-নামা

করতে লাগলো এবং সেই অবস্থাতেই তিনি আর্ত্তকণ্ঠে বলে উঠলেন:
আমি এসেছি, এসেছি---বিদায়!

ত্ব একটি পিঁপড়ে ইভিমধ্যে তাঁর কর্নকুহরে প্রবেশের চেফ্টা করছিল এবং কয়েকটা ঢুকে পড়েছিল দেহের নানা তুর্গম অংশে; ফলে ডাক্তার রায় 'বিদায়' কথাটি উচ্চারণ করেই লাফাভে স্কুফ করলেন।

কুস্থমিকা ভয়ে তুহাত পিছিয়ে গেল। দর্শকদের হাসি আর হট্টগোলে কাণপাতা দায় হয়ে উঠলো। ম্যানেজার নকড়িও উইংসের পাশে এভক্ষণ লাফাচ্ছিলেন – রাগে, এইবার ভিনি চীৎকার করে উঠলেন: ডুপ! ডুপ ফেলো …

ড্রপ পড়তেই — ম্যানেজার ভীরবেগে ফ্টেজের ওপর এসে ডাক্তার রাহের একটা হাত চেপে ধরে বললেন: মশাই, আপনি কি ভেবেছেন বলুন তো ?

ভাক্তার পিঁপড়ের আক্রমণ নিবারনের জন্মে শরীরের বিভিন্ন স্থানে থাবড়া মারতে মারতে বললেন, কিছু ভাবতে পাবছি না মশাই, শুধু পিঁপড়ে।

পিঁপড়ে! ম্যানেজার কিছুই বুঝতে না পেরে বললেন, পিঁপড়ে কি মশাই ?

ডাক্তার রায় পোষাক খুলতে খুলতে বললেন, আজ্ঞে হাা, লালপি পড়ে—জামার, কাপড়ে, কাণে সর্ববিজে।

ম্যানেজার িখাস করলেন না, ডাক্তারের হাতথানা আরও জোরে চেপে ধরে বললেন, চালাকি করবার আর জায়গা পান নি? কোথায় পিঁপড়ে?

ডাক্তার রারের গা থেকে করেকটা পিপড়ে ইতিমধ্যে নকড়ির গারে গিয়ে উঠেছিল, তাঁকেও তার। আক্রমণ স্থক করলে। ডাক্তার রায় আর কিছু বলবার আগেই দেখা গেল ম্যানেজারও পিঁপড়ের কামড় থেরে লাফাতে স্থক করেছেন। ভাক্তাব রায় আর দেরী না করে সেই গোলযোগের মধ্যে গোবিন্দকে নিয়ে অক্স দিক দিয়ে সরে পড়লেন।

মিনিটখানেক পবে ম্যানেজার দেখলেন, আসামী পালিয়েছে তিনি ছুটলেন ভার সন্ধানে।

নটবৰ লাহিড়ী আসছিল এইদিকে, ধান্ধা লাগলো ত্ৰজনেব। নটবৰ বললে, কিছু বদি না মনে কৰেন একটা কথা বলি—

ম্যানেজার থিঁচিয়ে উঠলেন, মনে করবো না ? বিলক্ষণ মনে করবো। সবে যান বলছি, আমাত কোন কথা শোনবার সময় নেই।

নটবর বললে, আহা ব্যস্ত হচ্ছেন কেন? আপনি নটবর লাহিডীকে চান তো?

— আলবৎ চাই! এখন দেখতে পেলে বাছাখনকে বুঝিয়ে দেব কভ ধানে কভ চাল!

ম্যানেঞ্চাব ধাকা দিয়ে নটবরকে সরিয়ে ছুটলো ডাক্তারের সন্ধানে। নটবরও ছুটলো তাঁর পিছনে।

অডিটোরিয়মে গণ্ডগোলের জন্ম থিয়েটারের গেটে লোকজন কেউ ছিল না।

ডাক্তার রায় হাঁফাতে হাঁফাতে বেরিয়ে এলেন। গোবিন্দ পিছিয়ে পড়েছিল, ডাক্তার রায় বললেন, শিগগির, শিগগির গোবিন্দ। দেরী কোরো না, বেরিয়ে পড়।

গোবিন্দ বললে, আজ্ঞে দরজায় কেউ নেই ষে !•••

—আহম্মক! দরজায় কেউ থাকলে বুঝি ভোমার স্থবিধে হ'ড গ

নির্বোধ গোবিন্দর জন্ম নতুন করে বিপদে পড়বার ইচ্ছা তাঁর ছিল না, ভিনি গোবিন্দকে হিড় হিড় করে টানভে টানভে দরকা দিয়ে বোরয়ে এলেন।

বাস্তায় পা দেবার থানিক পরেই একটা ঘোডায় গাডি-পাওয়া

গেল। ভাক্তার রায় গোবিন্দকে নিয়ে উঠে বসলেন। গাড়ীওয়ালা জিজ্ঞাসা করলে, যাবেন কোথায় ?

ডাক্তার রায় বললেন, যেখানে হোক নিয়ে চলো। .... না, না, ডাক্তারখানায় চলো, যে কোন ডাক্তারখানায় ।

কোচম্যানের চাবুক খেয়ে গাড়ির যোড়া হুটো ছুটভে লাগলো।

এদিকে ম্যানেজার দলবল নিয়ে গেটের কাছে হাজির হ'লেন। সেধানে কাউকে দেখতে না পেয়ে ফ্যালারাম বললে, ভারা পালিয়েছে।

—পালিয়েছে মানে ? মানেজাব চাঁকতে লাগলেন: কোথার পালাবে আমি সারা শহর চবে ফেলব। আমি ছলিয়া বার করবো। নটবর বললে, তার আগে অধমের একটা কথা শুনবেন ?

ম্যানেজার খি চিয়ে উঠলেন: আমি মরছি আমার নিজের জালায় আর আপনি কাণের কাছে এসে প্যন্ প্যান্ করছেন! ভতে, তোমরা এই লোকটাকে এখান থেকে বার করে দিতে পার না ?

দু'একজন নটবরের দিকে এগোবার চেন্টা করছিল, নটবর বললে, দাড়াও, দাড়াও। একটু ধৈর্য্য ধর দিকি। আপনাদের নটবর গাঞ্চিটাকে পেলেই হোলো তো ? আমি বলছি তিনি পালান নি।

- --পালান নি! তিনি কোথায় তা হ'লে ?
- সশরীরে এই আপনাদের সামনে। আমিই আসল নটবর লাহিড়া, খাদি ও অকৃত্রিম। যিনি পালিয়েছেন ভিনি জাল, নকল, ভেজাল।

নকড়ির মুখ দিয়ে কথা সরছিল না। বিশ্ফারি**ত চোখে** কিছুক্ষণ নটবরের দিকে চেরে থাকবার পর তিনি বললেন: আপনিই নটবর লাহিড়ী ?····আরে হ্যা, তাই তো বেন চেনা লাগছে। আরে কি আশ্চর্য্য এতক্ষণ বলতে হয় মশাই!

নটবর হাসতে হাসতে বললে, এখানে আসবার পর সেই কথাই তো বলবার চেটা করছি। কিন্তু শুনছে কে!

নকড়ি নটবরের দিক থেকে চোখ ফেরালেন না, বলভে লাগলেন:

আরে ভাইত! এই ভো ঠিক নটবর লাহিড়ী—একেবারে হবছ নটবঃ লাহিড়া! ও ফ্যালারাম, এই তো আমাদের নটবর লাহিডী।

ফ্যালারাম বললে, আমার তো সেই ফ্রেশনেই ধেঁাকা লেগেছিল শুন আপনার বোকামীতে এই গগুগোল!

ম্যানেজার আবার চড়া স্থর ধরলেন: আমার বোকামী! বিশ বছর থিয়েটার চালাচ্ছি, আমি এক্টর চিনি না বলতে চাস ? ২৮২ ফ্যালা—

ফ্যালা ভড়কালো না, বেশ জোর গলাতে বললে, কি ফ্যালা ফ্যালা করছেন। আমায় চোথ রাঙাবেন না বলছি। দিন আমার মাই:-চাক্রে, আমি এমন থিয়েটারে থাকতে চাই না।

ম্যানেজা.< স্থা পাণেট গেলঃ আহা, বাগ ব বিং কেন! আমিতে বলাছ আমার একটু ভুল হয়েছিল। কিন্তু এবার ঠিব চিনেছি. এ এ কব ক আসল নটবব' নটববেৰ হাত ধরে ছিনি সাক্ষয়রের দিকে বিয়ে গেকেন

ডাক্তোর বায় ঘোড়ার গাডিতে চড়ে নানা জায়গায় যুরলেন. কিন্তু পছনদমতে ডাক্তাবখানা খুজে পে.লন না। শেষচা গাড়ওবলা বিবক্ত হয়ে বললে, বাড় তো অনেক হ'ল, আব কত যুদ্ধো ফল ই ঘোড়াগুলোর যে জ্ঞান যায়।

ডাক্তোর রায় বললেন, একটা লাতের ডাক্তাবখান বুঁজে বাব কর**লে হ'ত না ?** 

গাড়ীওয়ালা বিরক্ত কঠে বললে, না মশাই না. আর পারবো না আমার ভাড়া চুকিয়ে দিন।

- —দেব বাবা দেব। তার আগে যদি রান্তিরে থাকার মত একটা জাযগা—মানে কোন হোটেলে পৌছে দিতে পার ?
- —হোটেলে বাবেন তো ডাক্তারথানা খুঁঞ্চিলেন কেন ? ভ্যালা সওয়ারী জ্কটেছে!

ব্ৰব্ৰক্ত কোচম্যান ঘোড়া ছটোৰ পিঠে চাবুক হাকাভে লাগলো।

রায়বাহাত্বৰ অধবনাথের বাডীব দোতালাব ঘবে ড্রেসিং টেবলেব সামনে দাঁডিয়ে স্থজিত দাঙি কামাচ্চিল আব ফকিবর্চাদ দাঁড়িয়েছিল জানালার কাছে- উদাস চোগে বাইবেব দকে চেয়ে। কামান শেষ হ'তে স্থাজিত বললে, তা হ'লে আব একটা বাত-কাটলো ফকিব্টাদ!

ফকিব বললে, শটলো বৈ কি।

স্থৃঞ্জিত বলঙ্গে, এখন খেকে ঘবেই তে,মান থাবান দেবার ব্যবস্থা কবা হয়েছে, স্থৃতবাং ক্লুধানিবানণ সম্বন্ধে তোমান অভিযোগ কনবান আর কিছু নেই তো ?

## -ना।

- —বড সংক্ষিপ্ত জবাব দিচ্ছ। কুমি কি রুপা বাক্যব্যয় সাব কববে নাঠিক কবেছ ?
- —তুমি কি বলে এখানে থেকে গেলে বলো ত ? বোন্ সাহসে
  তুমি এখনও এখানে বসে আছ ? আজ বিকালে Conterence.
  তোমাব সেখানে কি অবস্থা হবে ভেবেছ ? ভেবে দেখেছ আসল
  ভাক্তার রায়েব চেনা লোক কেউ থাকলে তোমাব কি ছুর্দ্দশা হবে ?
  এখনও কি তোমাব চৈতক্য হবে না ?

স্থুজিত একটু হাসলে, তারপব গন্তীব মুথে বললে, সবই বুঝছি ফকিরটাদ, তবু মনে হচ্ছে, ভাগ্য কি নেহাৎ মিছিমিছি এই ভুলের ভাটা পাকিয়ে ভুলেছে? এর মধ্যে কি একটা গভীর, মহৎ উদ্দেশ্যের আভাষ দেখতে পাচছ না; যাব জন্মে সব বিপদ কেন্দ্রশা করা বায়।

- —ভাগ্যের না হোক, ভোমার উদ্দেশ্য অন্তভঃ দেবতে পাচিছ।
- —সভ্যি দেশতে পেয়েছ ? ভাগ্যের এই রসিকভার ভেডর দিবে বেকার সমস্থার একটা কিনারার পথ তুমি দেশতে পাচ্ছ ?—স্থঞিত উৎসাহিত কণ্ঠে বলে উঠলো
- —ক্ষকির বললে, পাচ্ছি বইকি! রায়বাহাতুরের ওই ডাকাড মেরেটর সঙ্গে তুমি প্রেমে পড়েছ। বেকার সমস্থার চেমে বিয়ের প্রতি আপাততঃ ভোমার ঝোঁক একটু বেনী।
- —আমার প্রতি তুমি একটু অবিচার করছো ফকিরটান। বিষে করে বেকার সমস্তা সমাধানের চেন্টা বা লা দেশের ছেলেদের একটা বি:শবত্ব বটে, কিন্তু আমি ঠিক সেকথা ভাবছি না। অবশ্য এ বিষয়ে রায়বাহাত্বের সঙ্গে আমার কটু আলাপ আলোচনা দরকার।

ক্ষির আর কিছু বলবার আগেই নিচে একটা কলরব শোনা গেল। ক্ষকির জানালা দিয়ে মুখ বাড়িয়ে দেখলো লোক-জন চারিদিকে ছুটোছুটি করছে, রায়বাহাতুর থেকে বাড়ীর মেয়েরা পর্যন্ত জড় হয়েছে গেটের কাছে এবং সহিস গোছের একটা লোক তুরস্ত একটি ঘোড়ার মুখের লাগামটা টেনে ধরে ভাকে শাস্ত করবার চেফ্টা কবছে।

ব্যাপার কি বুঝতে না পেরে স্থঞ্জিত আর ফকির ত্রজনেই তথনই নিচে নেমে এলো।

বিত্রত বিচলিত রায়বাহাত্বের পাশে দাঁড়িয়ে রাজ্যক্ষী দেবী বলছিলেন, ভোমাকে কতবার বলেছি, মেয়েছেলেকে অত আদর দেওয়া ভাল নয় দাদা। ঘোড়া থেকে পড়ে গিয়ে এই বে জম্মের মৃত খোঁড়া হয়ে থাকবে----এখন বোঝ।

রায়বাহাত্বর চিন্তাকুল কঠে বললেন, শুধু থোঁড়া হয়ে ফিরে এলেও বে বাঁচি। কিন্তু কি বে হয়েছে আমি বুবভেই পারছি না। সাংঘাতিক কিছু একটা— রাজসক্ষী বললেন, ঘোড়া যখন শুধু ফিরে এসেছে তথন একটা কিছু হয়েছে নিশ্চয়।

ফকির এবং স্থাঞ্জিত দাঁড়িয়ে বাঁড়িয়ে ওদের কথা শুনছিল। স্থাঞ্জিত ব্যাপারটা অসুমান করে নিল। মঞ্ ঘোড়ায় চড়ে বেড়াভে গিম্নেছিল, ভারপর বেকায়দায় কখন ঘোড়া থেকে পড়ে গিয়েছে— ঘোড়াটি মঞ্জে না নিয়ে একাই ফিরে এসেছে

বায় বাহাদুরের কাছে এসে শ্বন্ধিত বলঙ্গে, এসব গবেষণা রেখে আগে মঞ্চু দেবীর খোঁ ছটা নেওয়া উচিত নয়কি? এখানে দাঁড়িয়ে আলোচনা করে কোন লাভ আছে?

বায়বাহাত্রর বললেন, ঠিক। আমিও ডাই বলছি---

- —কোন দিকে ভিনি বেড়াতে ধান আপনার জানা আছে **ভ** ?
- —ভা আছে।
- —ভা হ'লে আর দেরী করবেন না। আপনার গাড়ীটা বার করুন।
  সোফার গ্যারেক থেকে গাড়ী নিয়ে এলো। স্থকিত আর
  বাক্যব্যর না করে রায়বাহাত্ত্রকে নিয়ে গাড়ীতে উঠে বসলো। গাড়ী
  চললো মঞ্জুর সন্ধানে।

নানা জারগায় খুঁজেও মঞ্চুর কোন সন্ধান পাওরা গেল না। শেষ পর্যান্ত গাড়ি সহরের বাইরে এসে পড়লো। এদিকটা ফাঁকা, কোণাও বা মাঠ কোণাও বা জন্মল। শুজিত গাড়ি থামিয়ে রায়বাহাছরকে জিজ্ঞাসা করলে, উনি এদিকটাতেও প্রায়ই বেড়াতে আসেন বলছিলেন না ?

্রায়বাহাহর বললেন, তাইতো আসে। হঠাৎ এমন কাণ্ড হবে কে জানতো। দেশতে পাবো বলে বে আর ভরদা হচ্ছে না ভাক্তার রায়। স্থুঞ্জিত বললে, মিছে ভাববেন না, তাঁকে স্বস্থ অবস্থাতেই পাওয়া যাবে বলে আমার বিশাস। স্থাজিতের কথার রায়বাহাত্ব উচ্ছ্বসিত হরে উঠলেন; হঠাৎ তার একটা হাত চেপে ধরে বললেন, না পেলে জীবনে বে আমার আর কিছু থাকবে না ডাক্তার। পাঁচ বছর বয়স থেকে মা-মরা মেরেকে একাধারে বাপ-মা হয়ে মামুষ করেছি। আমার যা কিছু কাজ-কারবার শুধু ওরই জন্তো। শেষকালে কি•••

—কেন আপনি উভলা হচ্ছেন, এমন কি হয়েছে যার জ**ন্মে** ··

স্থাজিতকে কথা শেষ করতে না দিয়ে রায়বাহাত্তর বললেন, আনি বে অনেক আশা করেছিলাম ডাক্তার রায়। আমার বয়স হয়েছে, ক্ষমতায় আর কুলোয় না। ভেবেছিলাম আপনার হাতে মঞ্জুর সম্বে আমার সব কিছুর ভার তুলে দিয়ে আমি একটু বিশ্রাম করতে বাব এবার। আমার সব আশা এমনি করে বুধা হয়ে বাবে ?

স্থুজিত মনে মনে উৎফুল্ল হয়ে উঠলো। বাক, এদিকটা তা হ'লে ঠিক আছে। কিন্তু এখন আনন্দ প্রকাশ করবার সময় নয়, আরও কিছু কর্ত্তবানিগার পরিচয় দেওয়া দরকার। স্থুজিত বললে, এসব কথা শুনে স্থী হলাম, কিন্তু এখন এসব উচ্ছাস শুনতে গেলে মঞ্চু দেবীকে খোঁজার দেরী হয়ে বাবে। আপনি গাড়ীতে বস্থন। আমি নেমে একটু খুঁজে দেবি।

ভাই হোলো। মোটর থেকে নেমে স্কজিত প্রথমে মাঠটা সুরে দেখলো। তারপর এগিয়ে গেল জন্মলের দিকে।

মঞ্জ এই জন্মলের মধ্যেই ছিল। ছুটস্ত যোড়ার পিঠ থেকে পড়ে গিরে চোট লেগেছিল পায়ে, হাটবার চেফ্টা করেও বেশী দূর বেছে গারে নি; একটা ঝোপের আড়ালে বসে বিশ্রাম করছিল।

স্থানিক পরে সেই ঝোপটার কাছে এসে পড়লো। মঞ্জু ভাকে লক্ষ্য করে ভেডর দিকে সরে গেল। স্থানিত ভাকে এই অবস্থায় দেখে এটা ভার ইচ্ছা নয়।

স্থলিতের সন্ধানী দৃষ্টি কিন্তু ভূল করলো না। মঞ্চুকে আবিকার

কবে পে মনে মনে হাসলো, কিন্তু মুখের ভাবটা আগের মন্তই চিন্তাকুল করে রাখলে, যেন মঞ্জুকে দেখতেই পায় নি। এর পর কি কবা কর্ত্তব্য সেটাও সে মনে মনে ঠিক করে ফেললে।

খোঁজার ভাণ করতে করতে কয়েক পা এগিয়ে গেল; তারপর আবার সেই ঝোপটার কাছে এসে দাঁড়াল। একটা দীর্ঘনিঃশাস ফেলে আকাশের দিকে চেয়ে—যেন নিজের মনেই বলতে লাগলো, না, খোঁজ পাওয়া আর গেল না। কোথায় কোন্ খানায় কিছা ডোবায় পড়ে আছে। আনাডীর আবার এসব ঘোডায় চড়ার স্থু কেন ?

'আনাডী' কথাটার মঞ্জর আপত্তি ছিল। তার মুখ রাগে রাঙা হয়ে উঠলো। স্থাজিত আড়চোখে একবার ঝোপের দিকে চেয়ে নিয়ে বললে, যাই, রায়বাহাতুরকে বলি গিয়ে যে মেয়ের আশা তাঁকে ত্যাগ করতে হোলো।

মঞ্জু আরও চোটে উঠলো। কি আশ্চর্য্য লোকটা! মঞ্জুকে খুঁকে পাওয়া মাক বা না যাক, সে যোড়ায় চড়তে জাতুক বা না জাতুক, তার এত মাধা ব্যাধা কেন ?

মঞ্জ, উত্তেঞ্জিত হয়ে ঝোপ থেকে বেরিয়ে আসবার উপক্রম করতেই কাঁটা-লভায় তার জামার হাভাটা আটকে গেল, হাতেও ফুটলো কয়েকটা কাঁটা। মঞ্জু নিজের অজ্ঞাতেই শব্দ করে ফেললো: উ:!

স্থঞ্জিত যেন এই মাত্র তাকে দেখতে পেলে এমনি একটা ভাব নিয়ে এগিয়ে আসতে আসতে বললে, এই যে আপনি এখানে! ঘোড়া থেকে পড়ে অক্ষত আছেন যে!

মঞ্জ, জামার হাভাটা কাঁটা-লতা থেকে ছা গাবার চেন্টা করছে করতে বিরক্তভাবে বললে, আপনি বোধ হয় তাতে ছঃধিত!

স্থানিক বললে, পরোপকারের এভ বড় একটা স্থানোগ করালে ছঃখ একটু হয় বৈকি! আপনাকে আমি স্বস্থা কোন বিষয়ে সাহাষ্য করতে পারি কি?

## —কোন দরকার নেই। আপনি বান।

রাগ দেখাবার জ্বস্তে মঞ্জু এমন জোরে মাণাটা নাড়লে বে কাঁটা লভার জামাটা আরও বেশী জড়িয়ে গেল। মঞ্জু ঘড়ই হাড়টা টেনে নেবার চেন্টা করে, কাঁটাগুলো তেড়ই যেন বেশী করে ফুটভে থাকে। শেষ পর্যাস্ত শক্তিভই এগিয়ে এসে কাঁটার আঘাত থেকে তাকে উদ্ধার করলে। মঞ্জু ঝোপ থেকে বেরিয়ে এসে এমন গম্ভীর হয়ে গেল যেন স্বাজ্বিত একটা মস্ত অস্থ্যায় করে ফেলেছে।

স্থৃঞ্জিত বললে, আপনাকে এ অবস্থায় ফেলে আমার ধাওরাটা কি ঠিক হবে বিশেষ করে, আপনার সাহাধ্যের জ্বন্তেট ষধন আমার এখানে আসা

—আপনাকে আমি সাহাষ্যের জ্বন্স ডাকি নি।

মঞ্জু যেন ফেটে পড়লো। সঞ্জিত তবু নিরস্ত হলো না; বললে, কিন্তু আমি যে না ডাকতেই এসেছি। জানেন তো, কারও বিপদ্দেশলে আমি চুপ করে থাকতে পারি না, ওই আমার এক বদ অভ্যাস।

- আমার কোন বিপদ হয় নি. আর হলেও আপনার সাহায্য বিভে আমি চাই না।
- —তা হলে আমি নাচার। কিন্তু ভেবে দেখুন, আপনার কত কাব্দে আমি লাগতে পারতাম। হাত ভেক্তে থাকলে first aid, পা ভেকে থাকলে কাঁথে করে নিয়ে যাওয়া…

মঞ্র পায়ের চোট সামান্ত হ'লেও তথনও একটু ব্যথা করছিল, কিন্তু ভাই বলে দাঁভের ভাক্তারের সাহায্য নিতে হবে ? কথনো না।

মঞ্জু বললে, আপনি এখান খেকে যাবেন কি না বলুন। নইলে স্থামি চিৎকার করবো।

স্থাঞ্জিত বললে, সেটা শুধু অনুর্থক পরিশ্রাম করা হবে। এই ভেগাস্তরে সে মধুর হার কে শুনবে বলুন। ভার চেয়ে আমিই চলে বাচ্ছি। আপনি বরং বিশ্রাম করে কিঞ্চিৎ শক্তি স'গ্রাহ করুন। এখান থেকে সহর পর্যাস্ত হেঁটে বাওয়া তো কম কথা নয়।

স্থানিজ কয়েক পা এগিয়ে গেল এখান পেকে ঠেটে বাডি **বাবার** কল্লনায় মঞ্চব মুখ শুকিয়ে উঠেছিল সে ডাকলে: শুমুন।

— হাা, বলুন ,—ফিরে এমে স্তব্জিত জিল্ডাসা করলে, আপনি কি তা হ'লে মতলব বদলালেন ?

মঞ্জ, সত্যিই শুক্তিতের সাহায্য চাইতে যাচিঃল। কিন্তু স্থানিতের 'মতলব' কথাটায় সে আবার চটে উঠলো। বললে: না, আপনি বাবাকে গাড়ি নিয়ে আসতে বলবেন।

স্থৃঞ্জিত অভ্যস্ত বৃষ্টিত ভাবে সবিনয়ে প্রশ্ন করলে, মাফ করবেন, কিন্তু---সেটা কি উচিত হবে ?

—ভার মানে ? মঞ্জ, বাঁকা চোৰে তার দিকে চইলো।

শুজিত বললে, মানে অতি পরিষ্ণার আপনার বাবাকে গিরে ববর দেওরাও এক রকম সাহায্য তো ? আমার সাহায্য নিচে আপনি যধন একেবারেই নারাজ, তথন জুলুম জবরদন্তি করে সাহায্য করাটা কি অস্থায় হবে না ?

- —বেশ, আপনি বেভে পারেন।
- —হাঁা, বাচ্ছি। আমি মনে করবো, আপনার সঙ্গে আমার দেখাই হয়নি। মঞ্জ, উত্তর না দিয়ে স্থির দৃষ্টিতে ওর দিকে চেম্নে রইলো।

স্থান্ত নীল আকাশের দিকে দার্শনিকোচিত দৃষ্টি নিক্ষেপ করতে করতে বললো, ভূলে বাবার চেফা করবো বে আপনি তেপাস্তরের মাঝে একা অসহায় ভাবে পড়ে আছেন। লোক নেই, জন নেই, তেফা পেলে এক কোঁটা জল পর্যাস্ত পাবার উপায় নেই।

মঞ্জু, তেমনি ভাবে চেয়ে রইলো, স্থঞ্জিড বললে, আচ্ছা চলি, দারবাহাত্তর গাড়িডে বসে এডকণ কি ভাবছেন কে জানে! ম**ঞ্জ**, প্রায় লাফিয়ে উঠে জিজ্ঞাসা করলে, বাব৷ গাড়িতে এসেছেন ?

- —এসেছেন বই-কি।
- —আর আপনি আমায় কিছ বলেন নি ?
- —বলার কোন দরকাব হয় নি। তিনি আমাকেই আপনার থোঁজে পাঠিয়েছেন। আমি যখন বলতে গেলে আপনাকে খুঁজেই পেলাম না, তখন সে-কথা তুলে আর লাভ কি। আচ্চা নমস্কার! আশা করি আপনি এটুকু রাস্তা নিরাপদে ষেণ্ডে পারবেন। এমন বেশী নয়, বড় জোর ঘণ্টা ভিনেক সময় লাগবে।

স্থানিত মঞ্জুর দিকে চেয়ে এবার সন্তিয় সন্তিয়ই হাঁটতে স্থাক করলো।
মঞ্জু, দাঁডিয়ে দাঁড়িযে ভাবতে লাগলো, লোকটা সন্তিয়ই যদি
বাবার কাছে কোন কণা না বলে, বাবা যদি হতাশ হয়ে গাড়ী নিয়ে
ফিরে যান··ভা হলে ? তুপুর রোদে এতটা পথ হেঁটে যাওয়া
নিশ্চয়ট সম্ভব নয়, বিশেষতঃ পায়ের ব্যথটো এখনও···

মঞ্ও চলতে হুরু করলো।

স্থাজিত পিছু ফিরে একবার মঞ্জুকে দেখে মনে মনে হাসলো। তার ষ্ট্র্যাটেন্সি এবারও নিভূল !····

স্থাজিত এবার একটু ধীরে হাঁটতে লাগলো। খানিক পরে মঞ্জু তার কাছাকাছি এসে পড়তে স্থাজিত গন্তীর মুখে বললে, আপনি আসছেন, আমি এতে অভ্যন্ত স্থা হ'লাম। কিন্তু দেখবেন, শেষে বেন সাহাধ্য করবার অপবাদ দেবেন না।

মঞ্জু জবাব না দিয়ে ইাটতে লাগলো। মনে মনে বললে, Incorrigible! স্থাজিতের পিছনে পিছনে মঞ্জু জলল আর মাঠ পেরিয়ে রাস্তায় এসে পৌছতেই রায়বাহাত্বর গাড়ি থেকে নেমে এসে বললেন, এই যে মা মঞ্জু। আমি এডক্ষণ ভেবে সারা হচ্ছিলাম। আপনাকে অশেষ ধল্পবাদ ডাক্তার রায়।

স্থাজিত বললে, উছ', আমাকে ধন্যবাদ দেবেন না রায়বাহাত্ব। মঞ্ দেবী তা হ'লে হয়ত আবার মাঠে কিল্বা জন্মলে ফিরে বেতে পারেন।

রারবাহাত্তর ব্যাপারটা ঠিক বুঝতে না পেরে একবার মেরের দিকে, আর একবার স্বজিতের দিকে চাইলেন, তারপর উচ্ছুসিত কণ্ঠে বললেন, আজ আপনি না থাকলে—

রায়বাহাত্বের কথা শেষ হবার আগেই মঞ্চু বিরক্তি সহকারে বলে উঠলো, বাবা, তুমি এখন যাবে, না দাঁড়িয়ে দাঁড়িয়ে কথা কইবে ? স্থামি আর দেরী করতে পারছি না —

উত্তেজিত মঞ্জু গাড়িতে উঠলো এবং অন্যমনস্ক ভাবে ড্রাইভারের পাশের আসনক্তি বসে পড়লো। স্থজিত হাসি চেপে গন্তীর মুখে এগিরে এলো এবং ড্রাইভারের সীটে বসলো। স্থজিত গাড়ি চালাবে মঞ্জু এটা কল্পনা করে নি, তাকে ড্রাইভারের আসনে দেখেই সে নেমে বাবার চেন্টা করলো; কিন্তু স্থজিত তাকে নামবার অবকাশ না দিয়ে গাড়ী ছেড়ে দিলে। রায়বাহাত্তর স্পাগেই পিছনের সীটে গিয়ে বসেছিলেন।

ভাক্তার রায় গোবিন্দর সঙ্গে খুরভে খুরতে বহু কটে রায়বাহাহরের বাড়ী খুঁব্দে বার করলেন। বাইরে ফকিরচাঁদ চাকর-বাকরদের সঙ্গে দাঁড়িয়ে দাঁজিয়ে গল্প করছিল। ডাক্তার রায় এসে জিজ্ঞাসা করলেন, এইটে তো রায়বাহাত্বর অধরনাথের বাড়ী।

চাকরদের একজন বললে, হাা।

ভাক্তার রায় বললেন, তাঁকে একটু খবর দিতে পার ? বলবে, ভাক্তার রায় এসেছেন। ফকিরের মুখ শুকিরে গেল। চাকররাও কম অবাক হয় নি। তার্ট্দের একজন বললে, আজ্ঞো ভিনি ভো ভাক্তার রায়ের সঙ্গেই বেরিয়ে গেলেন।

এবার আশ্চর্য্য হ'বার পালা ভাক্তার বারের তিনি গোবিন্দর মুবের দিকে চেয়ে বললেন, সে কি!

গোবিন্দ ভাক্তার রায়কে দেখিরে বললে, ইনিই তো ভাক্তার রার। ফকিরের বৃক ঢিপ ঢিপ করছিল, সে একটু এগিয়ে এসে বললে, কি বললেন ? আপনিই ভাক্তার রায়, মানে দাঁতের ভাক্তার ?

ভাক্তার রায় বললেন, আন্তে হাা। স্বামি কাল স্বাসতে পারি নি---বড় একটা বিভাটের মধ্যে পড়ে গিয়েছিলাম---

ফ কিরের মাধার মধ্যে যেন করেকটা বড় লাট্টু বুরছিল বোঁ বোঁ করে। সে একটা ঢোক গিলে বললে, আচ্চের হাাঁ, বুরতে পারছি, ভীষণ বিজ্ঞাট।

তারপর অক্যমনস্কতার ভাগ করে সেখান থেকে সরে গেল।
ডাক্তার রার চাকরদের বললেন, আমি রায়বাংগ্রেরের জম্মে একটু
অপেকা করতে পারি ?

চাকররা তাঁকে ভিতরে নিয়ে গিয়ে ডুয়িং রুমে বসালে।

বানিক পরেই গাড়ি সমেত স্থান্ধিত, রায়বাহাত্ব আর মঞ্জু ফিরে গ্রামো। মঞ্চুকে ফিরে পেয়ে সবাই খুলী হয়ে উঠলো। মঞ্চু ভিতরে হলে গেল।

রায়বাহাত্বর ডুয়িং রুমের দিকে যেতে বেতে বললেন, ডাক্তার রায় আমি আঞ্চকের এই ব্যাপারে ভাগ্যের নির্দ্ধেশ দেখতে পাচিছ।

ফকির বারান্দার এক পাশে দাঁড়িয়ে হাত নেড়ে ইসারা করে স্থান্ধিতকে বোঝাবার চেন্টা করছিল যে ব্যাপার ঘোরাল হয়ে উঠেছে, সে ষেন শুন্তরে না ঢোকে----

স্থৃজিতের মন তথন জয়ের নেশার ভরপুর। সে রারবাহাত্ত্রকে হাত করে কেলেছে, আর ভাবনা কি! স্থৃজিত ফকিরকে দেখেও দেখলো না, রারবাহাত্ত্বের সঙ্গে ডুয়িং কমের দিকে বেতে বেতে বললে, আমিও পাচিছ। কিন্তু ভার মানেটা এখনও ঠিক বুঝে উঠতে পারছি না। রায়বাহাতুর বললেন, না আর আপত্তি করবেন না ভান্তার রায়। মঞ্জুকে খুঁজে বার করবার ভার আঞ্চ ধেমন করে নিয়েছেন, তেমনি করে ভার সব ভার এবার আপনি নিন। ফকির ভবনও ইসারায় আসর বিপদের গুরুত্বটা স্থজিতকে বোঝাবার চেফা করছিল, কিন্তু স্থজিতের সেদিকে আর চোধ পড়লো না। রায়বাহাত্বের কথার জবাবে সে হাসতে হাসতে বললে, দেখুন----আপনি এখনও—বলতে গেলে আমার কোন পরিচয়ই পান নি।

রায়বাহাতুরের সরল বিশাস স্থাঞ্জিতের মনে কাঁটার মন্ড বিধৈছিল, সে ঠিক করলে, আসল ব্যাপারটা তাঁকে জানাবে। এক মূহুর্ত চুপ করে থেকে সে বললে, না, রায়বাহাতুর, আপনাকে এবার আমি গোটাকতক সভ্যি কথা বলভে চাই। গোড়া থেকে আপনারা আমার সম্বন্ধে একটা অভ্যস্ত ভূল ধারণা করে বসে আছেন, মেটা আমি এবার ভেল্লে দিভে চাই।

— যা পেয়েছি ভাই আমার পকে যথেষ্ট।

রায়বাহাতুর হাসতে হাসতে বললেন, আপনার স**ক্ষতি ধারণা** আব ভাওবার নয়। আর কিছ না হোক, আমি মানুষ চিনি ।

স্থৃজিত আরও লজ্জিত, আরও অসহায় বোধ করতে লাগলো। কা আশ্চর্যা! একটা আগ্রায় হয়ে গেছে বলে, সভিয় কথা বলবার চেন্টা করলেও কেউ সে কথা শুনতে চাইবে না।

জুয়িং ক্লমে চুকতে চুকতে স্থাজিত শেষবার চেফা করলো: ভবু আজ সব কথা আগনাকে শুনতে হবে।

রায়বাহাতুর বললেন, বেশ ভো, শুনবোধন তার জঙ্গে ভাড়াভাড়ি কিসের।

ডাক্তার রার এবং গোবিন্দ এই ঘরেই ছিল। রারবা্ছার ঘরে চুকতেই ডাক্তার রার উঠে দাঁড়ির্ন্ধে বললেন, আপনিই কি রারবাহাত্তর অধরনাথ চ্যাটার্কি ? বায়বাহাত্তর: আজ্ঞে ই্যা---কিন্তু আপনাকে ভো ঠিক—

ভাক্তার রায় বললেন: না, আপনার সঙ্গে আমার আগে দেখা হয়নি। আর হবেই-বা কি করে বলুন! যা বিজ্ঞাটে পড়ে গেলাম বংপুর ষ্টেশনে নেমেই—কি বলবো মশাই, আমায় কি-না থিয়েটারে ধরে নিয়ে গিয়ে বলে গান গাও•••।

রায়বাহাতুর কিছুই বুঝতে পারছিলেন না, আশ্চর্য্য হয়ে ডাক্তারের মুখের দিকে চেয়ে রইলেন····

ফকির ওদের পিছনে পিছনে ঘবে ঢুকে ক্রেমাগত ইসারা করে যাতিহল—এবার স্থঞিতের চোখ পড়লো সেই দিকে। সঙ্গে সঙ্গে ব্যাপারটা সে অনুমান কবে নিতে চেন্টা করলো।

ডাক্তার বলছিলেন: শুর তাই নয় মশাই... সং সাজিয়ে শেষে ফেজের ওপর দাঁড় করিয়ে দিলে – এই জিজ্ঞাসা করুন গোবিন্দকে।

গোবিন্দ সায় দিতে দেখা কবলো না: "আজে হাঁা, তা দিলে। পেলেটা কিন্তু খাশা ছিল।

ডাক্তনর রাথ ধমকে উঠলেনঃ তুমি চুপ কবো গোবিন্দ। খাশা মোছিল! খাশা ছিল তো আমার কি। আমি কি থিয়েটারের এয়াক্টর ?

গোবিন্দ বললে, আঁজে না। তা কেন...

রায়বাহাত্বর জিজ্ঞাস্থ দৃষ্টিতে স্বজিতের দিকে চাইলেন। স্থান্ধত ইসারা করে বোঝাবার চেন্টা করলো যে লোকটির বোধ হর মাধার ঠিক নেই।

রায়বাহাতুর বললেন, আপনি তা হ'লে কি ? ডাকোর রায় বললেন, আমি···

স্থানিত দেখলো, বোমা কাইবার জার দেরী নেই! লোকটি নিশ্চরই ডাক্তার রায়, ভিনি আঙ্গল পরিচরটা দিয়ে ফেললেই ভার সমস্ত রঙীন কল্পনা এক মূহূর্ত্তে ধৃলিসাৎ হবে। কথার মোড় সুরিয়ে দেবার ব্যক্ত সে তাড়াতাড়ি প্রশ্ন করলে, আপনি কি তা হ'লে স্ট্যি অভিনয় করলেন ?

—অভিনয় করবো আমি ? বঙ্গেন কি ? আমি কি রংপুরে অভিনয় করতে এসেছি ? কোণায় বলে----

কোথায় কি বলে তা শোনবার ধৈর্ঘ্য, প্রয়োজন বা সাহস স্থজিতের ছিল না। সে বললে, ঠিক বলেছেন। কোথায় বলে রংপুর —একি অভিনয় করবার জায়গা। গ্রা হোতো কলকাতা কি দিল্লী…

ডাক্তার রায় বিব্রত হয়ে পড়েছিলেন, বললেন: না, না, আমি তা বলছি না. আমি বলছি যে ···

স্থৃঞ্জিত বললে, আপনাকে কিছু বলতে হবে না। আর একটি কথাও আপনার উচ্চারণ করবার দরকার নেই। আননার মনের অবস্থা আমরা ভাল করে বুঝাতে পারছি। বলেন কি মালাই, একটি নিরীহ নিক্ষলন্ধ, নিরপরাধ লোককে ধরে ফ্টেজে নামিয়ে দেওয়া— এ কি মগের মুল্লক । এখানে কি আইন নেই ?

রায়্বাহাতুর স্থাজিতকে বললেন, দেখুন ডাক্তার রায়, আমরা এখনও এঁব পরিচয়টা ঠিক····

ডাক্তার বায় লঙ্কিভভাবে বললেন, ওঃ! আমার পরিচয়টাই বুঝি দিভে ভুলে গেছি! আমি—

স্থান্ধিত বাধ। দিয়ে বললে, উহুঁহুঁ, পরিচয় কি দেবেন আবার ! পরিচয় তো আপনার মুখে লেখা বয়েছে। মুখ দেখে পরিচয় বুঝতে পারছেন না রায়বাহাত্রর ?

—মুখ দেখে সকলের পরিচয় বোঝা যায় না।
কথাটা বললে মঞ্জু, বিনোদের সঙ্গে যরে চুকতে চুকতে।
স্থাঞ্জিতের চোখের সামনে সব ঝাপসা ঠেকতে লাগলো।

মঞ্জু প্লেষ-ভীক্ষ কণ্ঠে বললে, দেখুন না বিনোদবাবু, আপনার বন্ধু ডাক্তার রায়কে মুখ দেখেই চিনতে পারছেন ভো ? বিনোদ যেন আকাশ থেকে পড়লো।

---ভাক্তার রায় ৷ কে বললে ইনি ভাক্তার রায় <sup>৷</sup>

মঞ্চু তেমনি বিজ্ঞপভরা কণ্ঠে বললে, কে আর বলবে। উনি নিজেই নিজের পরিচয় দিয়েছেন। কাবও জ্বন্থে আপেকা কবেন নি।

বিনাদ একবাব ভাল করে স্থান্ধতের দিকে চাইলো এই লোকটাই তাকে ধাপ্পা দিয়ে সেদিন তাড়াভাডি এখান থেকে বিদায় কবে দিয়েছিল, তার জন্মে তাকে কম নাকাল হতে হয় নি বিনোদ ক্ষিপ্তকণ্ঠে বলে উঠলো, এইষে দেখছি উনি কেমন ডাকোর রাম। এখুনি পুলিশে খবর দিন। একে জেলে না পাঠিয়ে ছাড়ছি নঃ

রায়বাহাদ্ররের মাণার মধ্যে সব গোলমাল হয়ে যাচ্ছিল স্থাজ্ঞতকে তিনি সন্তিয় ভালবেসেছিলেন ৷ বিনোদের ধনকানি তাঁব লাল লাগলো না ; তিনি বলে উঠলেন : আ- বিনোদ ' তোমার মাথা ধারাপ ৷ কাকে যা'তা বলছো জানো ?

বিনোদ বললে, জ্বানি বৈকি ৷ একটা জ্বোচ্চোর, একটা ধায়াবাজ, একটা নাগে বিনোদ আর কথা খুঁজে পেল না, বাটারফ্রাই গোঁফটা শুধু ঠোটের ওপর নাচতে লাগলো....

বিনোদের কথাব ভাবটা স্থঞ্জিভই পূরণ করলে: ই্যা, বলুন বলুন— একটা জালিয়াৎ—

विताम वनल-ग्या, এको कानियाएक....

বলেই তার ধেয়াল হলো যে এ কথাটা স্থান্ধিত-ই চ্ছুগিয়ে দিয়েছে। সে আরও ক্ষেপে উঠলো। স্থান্ধিতের মুখের দিকে খলন্ত একটা দৃষ্টি নিক্ষেপ করে সে বললে, আপনি এখনও নির্মাক্তের মতো দাঁড়িয়ে কথা বলছেন।

মঞ্চু বললে, ওইটেই বে ওঁর বিশেষত্ব ! রারবাহাছর আর সহু করভে পারছিলেন না, ভিনি মঞ্চুর দিকে চেয়ে চেঁচিয়ে উঠলেন: ভোরা সবাই কি পাগল হয়ে গেলি নাকি ? কি হচ্ছে কি ! ব্যাপারটা কি ভাই আগে জানতে চাই—

বিনোদ বললে, আশ্চর্য্য ! এখনও জানেন নি ! বুঝতে পারেন নি কি আপনাকে কি রকমভাবে জ্বয়্য প্রভারণা করা হয়েছে। ডাক্তার রায় ভেবে যাকে আপনি সসম্মানে বাড়ীতে জারগা দিয়েছেন সে জাল ।

রায়বাহাত্র বিশ্বাস করলেন না, বললেন: জাল! কখনও না। হতে পারে না। বিনোদ তোমার মাথা খারাপ হরে গেছে।

—আমার মাথা খারাপ হয়েছে ? বিনোদ গর্জ্জে উঠলো : জানেন আমি ছেলেবেলা থেকে ডাক্তার রায়কে চিনি—

রায়বাহাত্বর দমলেন না, বললেন: তা হলে ছেলেবেলা থেকে তোমার মাথা খারাপ! আমার বাড়ীতে, আমার অতিথিকে অপমান করবার কোন অধিকার ভোমার নেই।

বিনোদ রাগ করে বললে, বেশ, আমি চাই না কোন কথা বলতে।

মঞ্ বললে, ভোমার মাননীয় অতিথির পরিচয় তা হ'লে তুমি নিতে চাও না বাবা ?

রায়বাহাহর বললেন, আ: মা! তুই আবার এসবের ভেতর কেন? ওঁর কি আর পরিচয় নেব বলতো? উনি যদি ডাক্তার রায় না হবেন তা হলে কে ডাক্তার রায়?

ডাক্তার রায় এভব্দণ নির্বাক বিস্ময়ে এই নাটকীয় কাণ্ড-কারখানা লক্ষ্য করছিলেন, এইবার এগিয়ে এসে বললেন, আজ্ঞে, আমি······

রায়বাহাতুর বিরক্ত হয়েই ছিলেন, আরও বিরক্তভাবে বললেন : হঁয়া বলুন কি বলবেন। আপনি জানেন কে ডাক্তার রায় ?

- —আজ্ঞে হঁটা, সেই কথাই তো বলছি। আমি—
- -তবু আমি! আমি কিসের ? কে ডাক্তার রায় তাই বলুন।

- —আজ্ঞে ডাক্তার রায় হলাম আমি অর্থাৎ আমিই ডাক্তার রায়: কিন্তা বলতে পারি, আমিও যে ডাক্তার রায়ও সে, অথবা—
- —থামূন, থামূন। আমায় বুঝতে দিন। আপনি বঙ্গছেন, আপনিই আমেরিকা ফেরৎ দাঁতের ডাক্তার—
  - —আজে হঁটা, আমার বিশাস তাই—

বিনোদ এর আগে ডাক্তার রায়কে দেখবার ফুসরৎ পায় নি, ডাক্তার রায় কথা বলতে স্থক করার সঙ্গে সঙ্গেই সে তাঁর কাছে এসে দাঁড়িয়েছিল। এইবার ডাক্তার রায়কে জড়িয়ে ধরে সে বলে উঠলো, এইত—এইত ডাক্তার রায়।

বিনোদ এবার গর্বিত একটা দৃষ্টি নিক্ষেপ করলো রায়বাহাতুরের দিকে। রায়বাহাতুরের মাথার ভেতর ভূমিকম্প স্থুরু হয়েছিল, পায়ের তলায় মার্বেলের মেঝে ফেটে চৌচির হয়ে যাচ্ছিল যেন; তিনি একাস্ত অসহায় ভাবে স্থুজিতের দিকে চেয়ে বললেন, তা হ'লে, ভা হ'লে•••

স্থাজিত বললে, বুঝেছি। সমস্থাটা এবাক আমাকেই সরল করে দিতে হবে। দেখুন, আমি দাঁতের ডাক্তার নই, হাত পা নাক মুখ… কোন কিছুরই ডাক্তার নই। আমি নিতান্ত নগন্য সাধারণ একজন স্থাজিত চক্রবর্ত্তী, কলিকাতা বেকার-সঞ্জের ভাম্যমান অবৈতনিক সেক্রেটারী।

বিনোদ বললে, জুয়োচোর-সজ্যের সেক্রেটারী। আপনি যদি ডাক্তার রায়ই না হন তা হ'লে কি জন্মে ওই নামে এ বাড়ীতে এসে উঠেছেন ? কি জন্মে এতদিন ধরে এঁদের ঠকিয়েছেন ? আপনার মতলব কি ?

— মতঙ্গব ওঁর অত্যন্ত গভীর!— মঞ্চ বিচ্চাপের আর একটা বাণ ছুঁড়পো।

বিনোদ বললে স্থুজিতকে, জানেন এর জত্যে আপনাকে জেলে বেতে হবে ? স্থালিভের অবস্থা দিশে ভাক্তার রায় নিজেই কুষ্টিভ হয়ে পড়ছিলেন; বললেন: আঃ বিনোদ, উনি কি বলভে চান আগে ওঁকে বলভেই দাও না।

স্থাঞ্চিত তার দিকে চেয়ে বললে: ধন্যবাদ ডাক্তার রায়, আপনার নামটা বাধ্য হয়ে ক'দিন ব্যবহার করেছি বলে আপনার কাছে মার্চ্জনা চাইছি। কিন্তু সত্যি জানবেন—অপরাধটা স্বেচ্ছাকৃত নয়। বংপুরে এসে পৌছান মাত্র এমন ঘটা করে ওই নামটা আমার ঘাড়ে গিপিয়ে দেওয়া হয় যে আমি কিছু বলবার ফুরসতই পায় নি!

বিনোদের রাগ তখনও পড়েনি, সে বললে, ফুরসত কি এতদিনেও আপনার মেলেনি? আপনি কি বুঝতে পারেন নি ষে নাম ভাঁড়িয়ে এভাবে এঁদের বাড়ীতে থাকা জুয়োচুরি?

—বিলক্ষণ বুঝতে পেরেছি।—স্থজিত মান একটু হেসে আবার বলতে লাগলো, তবু কেন জেনে শুনেও সভ্য কথা বলতে পারিনি বা চলে ঘাইনি জানেন ?

কথাটা বলে স্থাজিত মঞ্জুর দিকে চাইলো, বেন যে-কৈফিয়ত সে
দিতে চলেছে সেটা শুধু মঞ্জুর জন্মেই। মঞ্জুর আশ্চর্য্য হরে মুহূর্ত্তের
দিকে চাইলো, পরমুহূর্ত্তেই মুখটা ঘুরিয়ে নিয়ে
মন্তাদিকে চাইবার চেন্টা করলো। ভাল করে লক্ষ্য করলেই বোঝা
বভ: কঠিন বরফের গায়ে আগুণের আঁচ লেগেছে—

স্থৃজিত বললে, আমাদের মত হতভাগাদের পক্ষে মিথ্যা জেনেও এমন স্থা ভেল্পে ছেড়ে যাওয়া কঠিন বলে। দেশ, সমাজ, রাষ্ট্র আর গাগ্য মিলে আমাদের মত হাজার হাজার বেকার ছেলের সঙ্গে বে মুরাচুরিটা করেছে তার কোন খোঁজ রাখেন? আমরা শিক্ষা পেয়েছি, স-শিক্ষার ভিতর দিয়ে বড় বড় আশা আকাজ্জ্বা আমাদের ভেজর গাসিরে, বড় বড় কীর্ত্তির স্থপ্প আমাদের দেখিরে, শেবকালে নিষ্ঠুর ভাবে মামাদের বুরুতে দেওয়া হয়েছে যে, আমাদের হাত পা বাঁধা, কোন- দিকে কোন গুরসা আমাদের নেই। নিজেদের কোন যোগ্যতা আছে কি-না সেটুকু যাচাই করবার স্থযোগও আমরা পাব না। সব দিকের দরজা আমাদের কাছে বন্ধ, মাথা খুঁড়লেও সে দরজা খোলা যার না…

স্থুজিত একবার ভাল করে চেয়ে দেখলো সবার মুখের দিকে, তারপর ধরা গলাটা পরিষ্কার করে নিয়ে আবার বলতে স্থুক করলো: চাবিদিকে এই নিস্ফলতা—তার মাঝখানে দৈব বোধ হয় পরিহাস করে ক'দিনেব জন্মে এই সোভাগ্যেব মবীচিকা আমাদেব দেখিয়েছিল। তার প্রলোভন জয় করতে আমি পারিনি স্বীকার করছি, তার জন্মে বা শাস্তি দিতে হয় দিন, আমি প্রস্তুত আছি।

স্থৃজিতের কথা শেষ হবার পব সবাই চুপ কবে দাঁডিযে রইলো। কেবল দেখা গেল মঞ্জু ধীবে ধীবে ঘব থেকে বেবিয়ে যাচ্ছে।

স্থাজিত তাব কাছে গিয়ে বললে, আপনার কাছে আমার ক্ষমা চাওয়াটা বিশেষ ভাবে দরকার মঞ্জুদেবী—হয়তো আমি আপনার উপযুক্ত সম্মান সব সময় দিছে পাবিনি।

মঞ্জু ফিরে চাইলো না স্থান্ডতের দিকে পের প্রায় ছুটতে ছুটতে বেরিয়ে গেল। স্থান্ডিত মিনিটখানেক সেইদিকে চেয়ে দাঁড়িয়ে থাকার পর ফিরে এলো জার সকলের কাছে। তারপর রায়-বাছাত্রকে লক্ষ্য করে বললে: ইচ্ছে করলে আপনি আমায় জেলে দিতে পাবেন রায়বাছাত্রর, তবে আমার সঙ্গীটি নির্দ্ধোষ। শুধু আমার জেদেই তাকে অনিচ্ছাসত্ত্বও এখানে থাকতে হয়েছে। ওকে জামার অপরাধের সঙ্গে জড়াবেন না,—এই আমার অপুরোধ।

ফকির এগিয়ে এসে বললে, হুঁ: ! তুমি একাই জেলে যাবে ভাবছো বুঝি ? উহুঁ, সে হবে না। আমি ভোমার সঙ্গ ছাড়লে তো !….নিন্, যা করতে হয় চটপট করে ফেলুন রায়বাহাতুর।

রায়বাহাতুর কুষ্টিভভাবে বললেন, আপনারা অত্যস্ত ভুল করছেন, কোলে দেবার কথা কি আমি বলেছি ? স্থানিক বললে, না বলে থাকলে সেজন্যে আমরা অবশ্য আপনাকে পেড়াপীড়ি করবো না। এখন আপনার অনুমতি পেলে আমরা আমাদের জিনিষপত্র নিয়ে বিদায় হতে পারি। রায়বাহাত্বর কি বলবেন ঠিক করতে পারছিলেন না, বললেন: আপনি চলে যাচ্ছেন… এতে অবশ্য আমার কিছু বলবার নেই…

- —বলতে আপনি অনেক কিছুই পারেন। শুধু বলা কেন, জেলে না দিয়ে অর্দ্ধচন্দ্র দিয়ে বিদায় করলেও আমরা বিস্মিত বা ছঃখিত্ হব না।
- —না না সে কি কথা! আমি বলছিলাম কি—সেই ধখন যাবেনই, এ বেলাটা এখানে থেকে গেলে হ'ত না ?

বিনোদের আর সহা হল না, সে ব্যঙ্গকণ্ঠে বলে উঠলোঃ এ বে জামাই বিদায় করছেন বলে মনে হচ্ছে রায়বাহাত্বর! এ রক্ষ জালিয়াতকে জেলে না দেওয়া কত বড় অন্যায় তা ভেবে দেখেছেন ?

ডাক্তার রায় বিনোদের ওপর আগেই চটে ছিলেন, এ-কথার পর আর ভদ্রতা বজায় রাখতে পারলেন না, কিপ্তকণ্ঠে বলে উঠলেন, তুমি বড় বেয়াদপ বিনোদ। না বুঝে শুঝে বড় বাজে বক—

স্থৃঞ্জিত এবার সত্যিই লজ্জিত বোধ করলো, ডাক্তারের কাছে এসে বললে, আপনার মত লোকের নাম জাল করাও সৌভাগ্য বলে মনে হচ্ছে!

ন্ধারবাহাত্বের দিকে চেয়ে স্থাজিত বললে, আপনাকে আর একবার—শেষবার ধন্মবাদ জানিয়ে যাই রায়বাহাতুর। লভ্জা-বোধ করবার ক্ষমতা ভেবেছিলাম অসাড় হয়েই গেছে, কিন্তু আপনার কাছে আজ সভ্যিকার লভ্জা পেয়ে গেলাম। যাও ক্ষকিরচাঁদ. আমাদের জিনিষগুলো নামিয়ে নিয়ে এসো।

ফকির নিঃশৃব্দে উপরে উঠে গেল।

স্থান্ধিত ফকিরকে নিয়ে চলে গেছে প্রার মিনিট পনের জাগে। ওদের যাবার সময় মণ্ড দেখা করাটাও দরকার মনে করেনি। উপরে উঠে এসে সেই যে নিজের ঘরে ঢুকেছে, এখনও সেইখানেই—জানালার থারে চুপ করে বসে আছে।

রমা হাঁফাতে হাঁফাতে ঘরে ঢুকে বললে, ছি, ছি, কি ঘেনার কথা! সব শুনেছিস তো মঞ্জু ?

মঞ্জুর তরফ থেকে কোন জবাব পা ভয়া গেল না।

রমা ওর কাছে এসে বললে, একেবারে পাকা জুয়োচোর! আমাদের সকলের চোখে এমন করে ধূলো দিয়ে গেল।

মঞ্জু এবার মুখটা ফিরিয়ে রমার দিকে চাইলো বটে, কিন্ত কিছু বলা দরকার মনে করলে না। রমা বলভে লাগলো, মামা-বাবুরই অভায়। না জেনে শুনে থাকে ভাকে একেবারে জামাই আদরে বাড়ীতে এনে তুললেন! এটা কি ভাঁর উচিত হয়েছে? এমন জানলে আমরা তার সামনে বেরভাম, না কথা কইতাম!

—তা কইতে না বটে ! মঞ্জু এতক্ষণে কথা বলল : বিলেড ফেরৎ নয়, ডাক্তার নয়, সামাশ্য একটা নিকর্মা বেক!র----এর সঙ্গে আবার কিসের মেলামেশা।

মঞ্জুর কথার উহু থোঁচাটা রমার মগজ পর্যান্ত পৌছল না, সে উৎসাহিত হয়ে বললে, নিশ্চয়ই। আমার এখন যা রাগ হচ্ছে! মামাবাবু কি বলে ওকে অমনি ছেড়ে দিলেন তা জানি না। এমন জোচোরকে পুলিসে দেওয়া উচিত ছিল।

মঞ্জু আর একবার ন্নমার মুখের দিকে চাইলো ভাল করে, ভারপর হাসতে হাসতে বললে, ভোমার রাগটাই বেশী মনে হচ্ছে? মনে হচ্ছে তুমিই যেন সবচেয়ে বেশী ঠকেছ?

বমা এবারও খোঁচাটা ধরতে পারলে না, বললে: মাথামুণ্টু নেই, কি বে কথা বলো। আমি একা ঠকব কেন। সবাই ভো ঠকেছে। ওবে ডাক্তার রায় নয়, একটা জোচ্চোর তা কি কেউ বুঝতে পেরেছিল ?

মঞ্জুর মুখে আরও একটা শক্ত কথা এসে পডছিল, কিন্তু তার আগেই পিসিমা অর্থাৎ রাজলক্ষী দেবার কাংস্যবিনিন্দিত কঠে বারান্দা এবং আশপাশ চাবিদিক মুখবিত হয়ে উঠলোঃ ফেলেদে, দূর কবে ফেলেদে স্মাটকেশ। ও আবার ফেরৎ দিতে যেতে হবে।

বাজলক্ষ্মী হাঁফাতে হাঁফাতে মঞ্জুব ঘরে ঢুকলেন। পিছনে স্মাটকেশ হাতে একজন চাকর।

- কি হয়েছে মা ? এত চেঁচাচ্ছ কেন ?—বমা জিজ্ঞাসা করলে।
- —চেঁচাব না ? রাজলক্ষী বর্ত্ত, লাকার শরীরটি উত্তেজনার আতিশয্যে ঘোরাতে ঘোরাতে বললেন: দাদার জন্মেই তো এই ক্যাসাদ। যত রাজ্যের জোচোর, জালিয়াৎ, বদমাইসকে উনি ঘরে এনে তুলবেন খাতির করে আর তোমায় আমায়—
- কি হ'লো কি ?—রমা উৎকণ্ঠিত হয়ে উঠলো: কিছু চুরি করে পালিয়েছে নাকি ? আমি তো তখন থেকে বলছি পুলিশে দিতে…

জুরোচোর জালিয়াৎ, চোর····শুনতে শুনতে মঞ্জু অতিষ্ঠ হয়ে উঠেছিল, এবার আর চুপ করে থাকতে না পেরে জিজ্ঞাসা করলে: কি হয়েছে কি পিসিমা জানতে পারি। কি চুরি গেছে?

রাজ্ঞলক্ষী বললেন, চুরি গেছে কি না জানি না বাপু, তবে সেই ছই জোচ্চোরে তাদের ঘরে একটা স্থাটকেশ ফেলে গেছে। এখন এই স্থাটকেশ নিয়ে কি করি বল ?

মঞ্জ, বা রমা কিছু বলবার আগেই তিনি চাকরটাকে লক্ষ্য করে বলে উঠলেন, দাঁড়িয়ে আছিদ কেন হতভাগা ? ও স্থাটকেশ রাস্তায় কেলে দিয়ে আর্গে। থাতির করে ওদের আবার ফিরিয়ে দিয়ে আসতে হবে নার্কি ? বা ফেলে দিগে যা'….

ক্ষেপে দেওয়াটা ঠিক যুক্তিযুক্ত হবে কি না বুঝতে না পেরে চাকরটা ইভন্তভ: করতে লাগলো।

মঞ্চ বললে: না দাঁড়াও, রাস্তায় ফেলতে হবে না।

রাজ্ঞলক্ষ্মী আশ্চর্য্য হয়ে বললেন, রাস্তায় না ফেলে কি করবে কি ? কোথাকার চোরাই মাল কে জানে—বাড়ীতে রেখে শেষে আর একটা ফ্যাসাদ হোক আর কি!

মঞ্জু বেশ দৃঢ় কণ্ঠে বলে উঠলো, বাড়ীতে রাখতে হবে না, ও স্থাটকেশ আমি ফিরিয়ে দিয়ে আসছি।

রমা আর রাজলক্ষী—মা ও মেয়ে ছজনেই অবাক হয়ে মঞ্জুর মুখের দিকে চাইলো। রমা বললে. বল কি মঞ্জু। তুমি নিজে স্থাটকেশ ফেরৎ দিতে যাবে ? সেই জোচোরটার কাছে…

মঞ্জু ভাচ্ছিল্য ভরা একটা দৃষ্টি নিক্ষেপ কবলো ওদের ভূজনের দিকে, ভার পর্যর থেকে বেরিয়ে যেতে যেতে বঙ্গলে হাা....

চাকরটি স্থাটকেশ সমেত তাকে অনুসরণ করলো।

মিচে নেমে মঞ্জু গাড়ি বার করে সোজা ষ্টেশনের দিকে রওনা হোলো। চাকরটার কাছ থেকে স্থাটকেশটা নিতে ভুললো না।

মঞ্জ, বথন ফৌশনে পৌছিল তখন ট্রেণ ছাড়বার ঘণ্টা পড়েছে। চারিদিকে লোকজনের ভিড়, ছুটোছুটি।

বুকিং অফিসের সামনে এসে মঞ্জু ক্লার্ককে জিজ্ঞাসা করলে, ট্রেণ কি এখুনি ছেড়ে দেবে নাকি ?

—হাা, এই তো ছেড়ে দিলে।

স্থাটকেশ হাতে মঞ্জ, ছুটলো প্ল্যাটফর্ম্মের দিকে। হুইসল পড়লো টেনের। গার্ড পভাকা নাডলে।

মঞ্জু ট্রেণের কামরাগুলোর দিকে দৃষ্টি রেথে ছুটছিল—ট্রেণ ধীরে ধীরে চলভে স্থরু করলো, কিন্তু ফকির বা স্থঞ্জিভের কাউকে চোধ পড়লো না। ট্রেণ ক্রমশঃ প্লাটফর্ম ছাড়িয়ে দূরে, আরও দূরে চলে গেল। মঞ্জু দাঁড়িয়ে রইলো উদাস চোখে সেই দিকে চেয়ে।

কে বলবে এ সেই মঞ্জু, যে ত্রিচেস পড়ে, যোড়ায় চড়ে, কথায় যার ছুরির ফলার ধার ?

হঠাৎ পিছন থেকে স্বন্ধিতের গলা শোনা গেল: একি মিস্ চ্যাটাজ্জী! আপনি এখানে ?

মঞ্জ, চমকে উঠলো। মুখ ফিরিয়ে দেখলো, সভ্যি স্থাজিত আর ফকির! বিস্ময় আর আনন্দের ঘোরটা কাটিয়ে উঠতে উঠতে মঞ্জ, বললে,...আমি....আমি...মানে আপনি তা হ'লে যান নি ?

—না এখনও, যাবার স্থবিধে পাই নি।

তা হ'লে যাবেন কখন ? ট্রেণ তো এই মাত্র ছেড়ে গেল।

—তা গেল বটে, কিন্তু ট্রেণ ছাড়লেই তাতে উঠে বসবো, এতটা বে হিসেবী বাউণ্ডুলে এখনও হয়ে উঠতে পারিনি। যে ট্রেণটা ছেড়ে গেল সেটা আমাদের নয়। কলকাতায় যাবার ট্রেন এইবার ছাডবে।

মঞ্ বেন একটু দমে গেল, বললে: আপনি তা হ'লে কলকাতায় বাচ্ছেন ?

— একটা কোথাও যেতে তো হবে। তা ছাড়া ভেবে দেখলাম মিস চ্যাটাৰ্জ্জী, যে ডুবতে হ'লে কুয়োর চেয়ে সমুদ্রে ডোবাই ভাল। বেকার যদি হ'তেই হয় তো কলকাতায় হওয়ার একটা মহিমা আছে, কি বলুন ?

মঞ্জু উত্তর দিল না, বোধ হয় একটু আনমনা হয়ে গেল। হাজের স্থ্যটকেশটা এগিয়ে দিতে দিতে বললে, আপনি এই স্থ্যটকেশটা কেলে এসেছিলেন। মনে পড়ে নি বোধ হয়!

—মনে খুব পড়েছিল, কিন্তু ফিরে চাইতে ধাবার সাহস ছিল না।

श्रुष्टिष्ठ शंजवात्र क्रिकें। कत्रत्मा। मक्ष्र्र्थ (रहा कमामा।

স্থৃঞ্জিত বললে, আপনি নিজে এটা পৌছে দিতে আসবেন আমি কল্পনাও করতে পারি নি। আপনাকে কি করে যে ধন্যবাদ জানাব—

মঞ্জু এতকণ স্থাজিতের দিকে চেয়েছিল, হঠাৎ মুখটা অক্সদিকে ফিরিয়ে নিল।

স্তৃজিত একটা দীর্ঘণাস লুকোবাব চেন্টা কবে বলতে লাগলো:
মনে হচ্ছে, এতকণে আপনি আমাদের কমা করতে পেরেছেন।
এখান থেকে অস্ততঃ সেই সাস্ত্রনাটুকু নিয়ে যেতে পারবো।

- ——আপনি বোধহয় তাতেই সম্ভ্ৰফ্ট ?—মগ্ৰু হঠাৎ ওৱ দিকে মূখ ফিরিয়ে বলে উঠলো।
- নিশ্চয়ই! তার বেশী আর কি আশা করতে পারি বলুন!
  মঞ্জুর কণ্ঠস্বর হঠাৎ আশ্চর্য্য রকম কঠিন হয়ে উঠলো, সে জিজ্ঞাসা
  করলে. আপনি এখানে কেন এসেছিলেন বলতে পারেন ?

এত কাগুকারখানার পর এরকম একটা ছেলেমানুষী প্রশ্ন করবার কোন মানে হয় লা কি ?

স্থঞ্জিত একটু ঘাবড়ে গিয়ে জাবার বললে, নিয়তির টানে বলতে পারেন। তবে জ্ঞানতঃ কাজের থোঁজে…

—কাজের থোঁজে। আপনি কাজ করবেন ? কাজ করতে আপনি বেন সভিটে চান ? কথাগুলো বলতে বলতে মঞ্জু এমন উত্তেজিত হয়ে উঠলো যে স্কুজিতের মত ছেলেকেও আশ্চর্য্য হতে হোলো।

একটু অপ্রস্তুত ভাবেই সে বললে, কাব্রু চাই না! কি বলছেন আপনি ? ভা হ'লে এভদিন কি ব্রুৱে ব্যাকুল হয়ে যুরে বেড়াচিছ ?

মঞ্জু এবারে যেন ফেটে পড়লো: সেটা আপনার সথ, আপনার বিলাস। কাজের থোঁজ করা আপনার কাছে একটা ছল মাত্র। আসলে আপনি এমনি করে ভেসে বেড়াভেই ভালবাসেন। কোন বন্ধন, কোন দায়িত্ব আপনি মানতে শেখেন নি। আপনার কাছে কিছুরই দাম নেই, সবই আপনার কাছে শ্রেলা— বলতে বলতে মঞ্জুর গলা ভেল্পে এসেছিল, হঠাৎ হাতের স্থ্যুটকেশটা সশব্দে প্ল্যাটফর্ম্মের ওপর নামিয়ে রেখে বললে, এই নিন আপনার স্থ্যুটকেশ, যেখানে খুসী আপনি যেতে পারেন এখন—

বিশ্মিতবিহ্বল স্থাজিত ভাবলে, এ আবার কি ৷ এত দিন যে-মেয়ে তাকে আঘাত না করে কথা কয়নি, আজ সবাই যখন তাকে সাধারণ একটা বাউগুলে মনে কবে বিদায় করে দিল, ঠিক সেই মুহূর্ত্তে …

স্থব্জিত বিহবল কণ্ঠে ডাকলে: শোনো: মঞ্জু-

—না। আর কিছু শুনতে চাই না। আপনার মত লোকের সঙ্গে জীবনে আর দেখা হবে না, এইটেই আমি সৌভাগ্য বলে মনে করি।

স্থৃঞ্জিত কোন কথা বলবাব আগেই দেখা গেল মঞ্চু ক্রত পান্নে তাদের কাছ থেকে অনেকটা দুরে চলে গেছে।

ফকির এতক্ষণ নির্ববাক বিম্ময়ে এক পাশে দাঁড়িয়েছিল, এইবাব কথা বলবার অবসর পেল। বললে, আমি গোড়া থেকেই জানি মেয়েটার মাথায় ছিট আছে! কি আবল তাবল বকে গোল দেখত!

স্থৃজিত মান একটু হাসলো। কথা বলবার মতো মনের অবস্থা তথন তার নয়।

क्कित रलल, कि हर ! कथा करें हा ना रव ?

স্থাজিত বললে, কথা তো দিনরাতই বলছি ফকির জীবনে শুধু কথা বলতেই তো শিখেছি। আজ একটু চুপ করে থাকতে দাও !

স্থান্ধিতের মুখের দিকে চেয়ে ফকির আর কিছু বলতে পারলো না।

কলকাতা যাবার ট্রেণ ছাড়বার ঘণ্টা পড়লো।

স্থান্তিত প্লাট্ফর্ম থেকে স্থাটকেশটা তুলে নিয়ে ট্রেণের দিকে পা বাডাল, পিছনে পিছনে চললো ফকির। দিন কয়েক পরের কথা।

কলকাতার এক অখ্যাত গলিতে কলিকাতা বেকার সজ্বের অফিস। অফিস ঘরটিকে দেখে যদিও অফিস বলে মনে হওয়া শক্ত.
কিন্তু ঘরটি বেশ বড়। ঘরের মেঝেয় খানকয়েক মাদুর-পাতা এবং এই মাদুরগুলিতে সভ্যদের ভিড়। একদল ক্যারাম খেলায় ব্যস্ত, একদল কণ্টাক্ট ত্রীজের হাঁক-ডাকে মত্ত, আর একদল পাশার ঘুঁটি নিয়ে উন্মত্ত। অবশ্য এইটুকু বললেই বেকার সজ্বের সবটুকু পরিচয় দেওয়া হয় না। ঘরের এক প্রাস্তে বড় একটা টেবল, খানকয়েক চেয়ারও আছে এবং এই চেয়ারগুলি দখল করে আপাততঃ যারা বিরাজ করছে তাদের ছজনকে আমরা চিনি। এরা স্থাজিত আর ফ্রিকর।

স্থব্জিত ভার সামনের ছেলেটির দিকে চেয়ে বললে, হাাঁ, এই আমার শেষ কথা।

ছেলেটির নাম অশোক। অশোক বললে, কিন্তু কেন বল দেখি ? এন্তদিন ধরে বেকার সভ্যে আছ, এ সভ্য এক রকম নিজের হাতেই গড়ে তুলেছ, এখন তুমি ছেড়ে যাবে কেন ?

স্থাজিত বললে, সত্যিকার কিছু গড়কে পারি নি বলেই ছেড়ে ধাব। হজুক করা ছাড়া আর কি আমরা করেছি বলতে পার ? সমাজ, রাষ্ট্র আর ভাগ্যকে দোষ দিলে ভো চলবে না। আমরা নিজেদের দোষেও বেকার। আলসেমী করে একটু আভড়া দিজে পারলে আমরা আর কিছু চাই না। স্থানিত চেয়ার ছেড়ে উঠলো—বে দিকে ভাস থেলা চলছিল এগিয়ে গেল সেই দিকে। খেলায় মত্ত চারজন হাতের ভাসের দিকে ভন্ময় হয়ে চেয়ে সিগারেট কিন্ধা বিঁড়ি টানচে। গা জ্বালা করতে লাগলো যেন স্থান্ধিতের। দিনে পর দিন, ঘণ্টার পর ঘণ্টা এই বিড়ি-সিগারেটের ধোঁয়া গলাধঃকরণ আর ক্যালবার্টসনের আগুগ্রান্ধ।

স্থান্ধিত একজনের হাতের তাসগুলো টেনে নিয়ে মেঝের ছড়িয়ে ফেলে দিল। সে এবং অপর তিনজন প্রায় সমস্বরে আর্ত্তনাদ করে উঠলো: আরে, কর কি।

স্থাঞ্জিত বললে, বেকার সজ্ম কি এরই জ্বস্থে করা হয়েছিল নাকি ? ও পক্ষের জ্বাব পাবার আগেই সে এগিয়ে গেল পাশা খেলোয়াড়দের দিকে।

ছকটা টেনে ফেলে দিয়ে স্থজিত বললে, এরই নাম বোধ হয় বেকার সমস্থার মীমাংসা কি বলো ?

থেলোয়াড়রা মর্ম্মাহত হয়ে উঠে দাঁড়াল। হঠাৎ নিক**টভম** স্মাত্মীয়ের মৃত্যুসংবাদ পেলেও তারা বোধ হয় এতটা ব্যথা পেত না।

স্থাজিত বললে, দল বেঁধে আড্ডা দেওয়াকে গালভরা একটা নাম দিলেই সেটা বড় জিনিস হয়ে ওঠে না। তার জ্বন্যে ত্যাগ দরকার, সাধনা দরকার।—না ভাই, আমায় ভোমরা মাপ করো। এ ভামাসা অনেকদিন হয়েছে, আর নয়।

বেকার সঙ্গ গড়ে তোলার মূলে স্থান্ধিতের প্রচেষ্টাই ছিল সব চেয়ে বেশী, সবাই তাকে ভাল বাস্তো যেমন, প্রান্ধা-ভর্গ করতো ঠিক ভেমনি। তার মূথের ওপর কথা বলার ক্ষমতা অনেকেরই ছিল না।

অশোক শুধু বললে, এখন যাচ্ছ যাও, কাল সকালেই আবার ধরে নিয়ে আসবো। স্থান্ধিত বললে: না ভাই, তা পারবে না, কারণ, এখন থেকে আমার নিজের ঠিকানা আমি নিজেই জানি না।

ফকির এগিয়ে এসে বললে, চলো তা হলে। একস্ত্রে বাঁধিয়াছি তুইটি জীবন।

স্থুজিত বললে, না ফকিরচাদ, এবার জামার তুর্ভাগ্যের সঙ্গে ভোমাকেও আর জড়াতে চাই না। এবার আমায় একাই যেতে হবে। গুড বাই টু ইউ অলু।

স্থজিত চলে গেল! ফকির মান মুখে দাঁড়িয়ে রইলো। অশোক জিজ্ঞাসা করলে, কি হে! স্থজিতের হঠাৎ বৈরাগ্য উদয় হোলো বে?

টেবলে বসে ছেলেদের একজন একতাড়া চিঠি নিয়ে বাছছিল, ফকির কিছু বলবার আগেই সে বললে, কিছু না ভাই কিছু না, বক্তুতার একটা পাঁচ মেরে গেল।

ক্যালবার্টসন-পম্থীরা আবার তাস নিয়ে বসলো। ছড়ানো ভাসগুলো কুড়োতে কুড়োতে তাদের একজন বললে, ধ্যেৎ! আমাদের নির্বাৎ রাবারটা মাটি হয়ে গেল।

পাশার দলও ছক সাজাতে লাগলো। তাদের একজন বললে, আরে দুর, আমার তিনটে ঘুঁটি পেকে এসেছিল।

ষে ছেলেটি চিঠি বাছাই করছিল সে হঠাৎ মূখ তুলে বললে, ওকে ডাক ভাই—স্থজিতকে, শিগগির—ওর একটা চিঠি আছে।

ক্ষকির ভাড়াভাড়ি টেবলের কাছে এগিয়ে এলো।

ত্বশোক বললে, তাকে এখন পাবে কোথায়! ঠিকানাও তো বলে গেল না বে পৌছে দেওয়া যাবে!

চিঠি বাছাইয়ে নিযুক্ত ছেলেটি হাতে একখানা খাম নিয়ে নাড়াচাড়া করতে করতে বললে, চিঠিটার একটু বিশেষৰ আছে মনে হচ্ছে। খামটার চেহারা দস্তরমত বনেদী,—

ছাপ দেখছি রংপুরের—

---রংপুরের! দেখি—

ফকির হাত বাড়িয়ে চিঠিটা নিয়ে নিল।

অশোক বললে, রেখে দাও ভোমার কাছে, যদি ঘুরে আসে তা হলে পাবে।

ফকির থামথানা টেবলের ডুয়ারে সযত্নে তুলে রাথলো .

রায়বাহাত্বর অধবনাথ চ্যাটাজ্জী ভুয়িংকমে বলে ভাক্তার রায়ের সঙ্গে আলাপ করছিলেন। মঞ্জুও ছিল সেখানে।

রায়বাহাতুর হঠাৎ কি যেন ভাবতে ভাবতে বলে উঠলেন, মিন্টার রায়, তিন তিনখানা চিঠি দিলাম বেকার সঞ্জের ঠিকানায়, তবু একটার উত্তর নেই! দেখেচেন তার ব্যবহাবটা। বলুন তো এতে রাগ হয় কি-না।

ডাক্তার রায় বললেন, হয়তো চিঠি সে পায় নি।

পায়নি মানে? রায়বাহাতুর বললেন: নিশ্চয়ই পেয়েছে। পেয়েও সে উত্তর দেয়নি। আমি ভাল করে জানি তার এই রকম স্বভাব। তেনি, চিঠি না দিলে আমার বয়ে গেল। আমি ধেন তার জ্বল্যে ভেবে ভেবে সারা হয়ে যাচিছ। তুঁ:।

চেয়ার থেকে উঠে তিনি এবার ঘরময় পায়চারি স্থার করে দিলেন। বোঝা গেল চিস্তার ঝড় উঠেছে মনে। কয়েক মিনিট এইভাবে পায়চারি করতে করতে তিনি ডাক্তার রায়ের সামনে এসে পামলেন এবং পুনশ্চ বলতে স্থায় করলেন, তার কিসের এত রাগ অভিমান বলতে পারেন? ভুল বা হ'বার তা তো হয়েই গেছে। ব্যাস, আমি তো তার জভে কিছু বলিনি বাপু। তবে হঁটা, চলে বাবার সময় অবশ্য ধরে রাধিনি। কেন তা রাথবা শুনি? আমারু

শরীরে কি রাগ থাকতে নেই ? কিন্তু তারপর যে এতবার করে ফিরে আসতে লিথলাম•••

ডাক্তার রায় বিত্রত বোধ করেছিলেন রায়বাহাতুরের অজ্ঞতায়।

মঞ্জু হঠাৎ বলে উঠলো, কেন তা লিখতে গেলে বাবাঁ ? ভিনি পরের নাম জাল করে তোমায় ঠকিয়ে গেলেন, আর তুমিই যেন তার কাছে দোষী হয়ে আছ। কেন ?—কি দরকার ছিল অমন লোককে আসতে অমুরোধ করবার ?

রায়বাহাতুর বললেন, কিছু না, কিছু না। কোথাকার একটা ভবঘুরে বাউণ্ডুলে, তুদিনের জন্ম এসে ধাপ্পা দিয়ে ডাহা ঠকিয়ে চলে গেল, তাকে আবার ফিরে আসতে লেখে। কেন যে তথন আমার তাকে হঠাৎ ভাল লেগে গিয়েছিল।—

—অমন অপদার্থ লোককে ভাল-লাগা একটা অপরাধ, অস্থায়। বলতে বলতে মঞ্জুও উঠে দাঁড়াল।

রায়বাহাহর মঞ্র দিকে চেয়ে বললেন, ঠিক বলেছ মা। বুঝেছেন ডাক্তার রায়, মঞ্ ঠিক কথা বলেছে। ওরকম একটা অপদার্থ অকর্ম্মণ্যকে ভাললাগার কোন মানে হয় ? মঞ্ছাই ভার ওপর গোড়া থেকেই চটা।

ভাক্তার রায় হাসতে হাসতে বললেন, আপনারা চুজনেই তার ওপর একটু বেশী চটা বলে মনে হচ্ছে।

মঞ্জ, ততক্ষণে ঘর ছেড়ে চলে গেছে।

রায়বাহাত্তর বললেন, চটবো না! জানেন, আর একটু হ'লেই মঞ্জুকে আমি ওর হাতে তুলে দিয়েছিলাম। অবশ্য তথন সে যে আপনি নয়—মানে আপনি যে সে নয়—অর্থাৎ…

- —অর্থাৎ ভাকে ডাক্তার রায় মনে করেচিলেন।
- —ঠিক বলেছেন। উ:, কী ভূলই করতে যাচ্ছিলাম বলুন তো। বলবার আগে ডাক্তার রায় কি মেন ভাবলেন, ভারপর বললেন,

কিন্তু ভূপটা বে এখনও করতে যাচেছন রায়বাহাতুর। আপনি আমার আর মঞ্জুর সম্বন্ধে যা ভেবেছেন—

—না, না, আর আমায় নিরাশ করবেন না ডাক্তার রায়।
মা-মরা মেয়ের বাপ হওয়া ধে কত ঝঞ্চাট তা আপনি বুঝবেন না।
ওকে উপযুক্ত হাতে তুলে না দেওয়া পর্যান্ত আমার স্বস্তি নেই।
এইটুকু আমায় অনুগ্রহ করুন। আমার মেয়ে কোন দিক থেকে আপনার
অধোগ্য হবে না, এইটুকু আমি আপনাকে জোর করে বলতে পারি।

ডাক্তার রায় রীতিমত বিচলিত হয়ে উঠেছিলেন; এই কদিনে মঞ্চুকে জানবার যতটুকু স্থযোগ তার হয়েছে ভাতে তাকে তিনি আদৌ বুঝে উঠতে পারেন নি। এ অবস্থায়…

তিনি বললেন, আমি নিজের যোগ্যতার কথা ভাবছি রায়বাহাতুর। আমিও তো ওঁর অযোগ্য হ'তে পারি।

অধরনাথ বললেন, কি যে বলেন আপনি!

ডাক্তার রায় বললেন, না রায়বাহাছর, আমার কথা আপনাকে শুনতে হবে। দেখুন সারাজীবন শুধু পড়াশুনো নিয়েই কাটিয়েছি, জীবনে অশু কোন কথা ভাবি নি। অশু কিছু জানি না, সাত সমৃদ্দ্র পায় হয়ে বিছে হয়তো কিছু শিথে এসেছি, কিন্তু সাধারণ ব্যাপারে নিজের বাড়ীভেও আমি এখনও একান্ত অসহায়। যাকে বিয়ে করবো ভার কাছে আমি বোধহয় ঝঞ্লাটের বোঝা ছাড়া আর কিছুই হ'তে পারবো না! জেনে শুনে এ বোঝা আমি কারও ঘাড়ে চাপিয়ে দিভে চাই না।

রায়বাহাতুর হাসতে হাসতে বললেন, আপনার মত লোকের বোঝা বওয়া যে কোন মেয়ের পক্ষে সোভাগ্য।

ডাকুনর রায় ভাল করে কিছু ভাবতে পারছিলেন না, এই ক'দিনের সামান্য মেলামেশায় তাঁক নিভ্ত মনের স্থির-সমুদ্রে ঝড়ের বাতাগ যে ওঠেনি একথা বলা যায় না, কিন্তু তাই বলে•••

তিনি অসহায় ভাবে, কতকটা নিজের মনেই বলে উঠলেন, কিন্তু মঞ্জুর কি মত আছে ?

--- ভার মত ? তার কখনও অমত হ'তে পারে! রায়বাহাতুর অবিখাসের হাসি হাসলেন।

ডাক্তার রায় তবু ইতস্ততঃ করতে লাগলেন, বললেন, না রায়বাহাতুর, তার মতটা তবু জিজ্ঞাসা করা দরকার।

রায়বাহাতুর বললেন, বেশ, আজই জিজ্ঞাসা করুন। এ আর কি ।

অধরনাথ বাড়ীর ভিতরে এসে রাজলক্ষীর কাছে কথাটা পাড়লেন। শুনে রাজলক্ষার মুখ শুকিয়ে গেল।

- —বল কি দাদা। মঞ্জু বিয়ে করতে রাজী হবে ডাক্তার রায়কে!
  তুমি জিজ্ঞাসা করতে বল করছি, কিন্তু আমার মুখ ব্যথাই সার।
  - —কেন বলভো ? ওকি রাজী হবে না মনে হচ্ছে ?
- —চোধ থাকতে যদি দেখতে না পাও, আমি কি করবো! কদিন ধরে ওর ভাবগতিক লক্ষ্য করেছ ? হাসি নেই, মুখে কথা নেই; দিন-রাত যে-মেয়ে দন্সিগিরি করে বেড়াত, বাড়ী থেকে সে বা'র হয় না।

মঞ্জ, বাড়ী থেকে বেরোয় না, খেলাধ্লো ছেড়ে দিয়েছে। রায়বাহাত্বর উৎকণ্ঠিত হয়ে উঠলেন: কই, আমি তো কিছু জানি না। অস্তুধ বিশ্বুধ কিছু করলো নাকি?

'রাজ্লক্ষী একটা অন্তৃত মুখভঙ্গী করে বললেন, তুমি কোণা থেকে জানবে বল! এতো বাইরের অস্থুখ নয়। বুকের ব্যারাম গো, বুকের ব্যারাম।

—বুকের ব্যারাম! মঞ্র বুকের দোষ হয়েছে আর তোরা আমায় কিছু জানাস নি, একটা ডাক্তার পর্য্যস্ত ডাকান দরকার মনে করিস নি। ত্বশ্চিন্তার, উত্তেজনার রায়বাহাত্বর চটে উঠলেন।

যে ঘরে কথাবার্ত্তা হচ্ছিল, মঞ্জু আসছিল সেই ঘরেই। পিসিমার কথাগুলো বাইরে থেকেই তার কাণে গেল। তার মুখ গন্তীর হ'লো, ভিতরে না গিয়ে সে বাইরে দাঁড়িয়ে রইল। ভিতরে রাজলক্ষ্মী বলছিলেন, শোন কথা। ডাক্তার কি করবে। পারো তো সেই জোচোরটাকে ধরে আন – খাতির কবে যাকে ঘরে ঢুকিয়েছিলে। সে গিয়ে অবধি মেয়ে চোখে অদ্ধকার দেখছে। খাওয়া নেই, যুম নেই—

- তুই কা'র কথা বলছিস ? সেই স্থঞ্জিত ?
- —হঁ্যা গো হঁ্যা, তোমাব সেই পেয়ারের জালিয়াৎ স্থাজিত। মেয়ে তো তারি জ্বন্মে হেদিয়ে মবছে। ডাক্তার রায়কে বিয়ে করতে রাজী হবে ও ? ডাক্তার রায়ের সঙ্গে হেসে চুটো কথা কইতেও ভো এ পর্য্যস্ত দেখলাম না।

শেষ কথাটা রাজলক্ষ্মী অবশ্য একটু রং চড়িয়ে বললেন। মঞ্জুর কবল থেকে ডাক্তার রায় উদ্ধার পাক, এইটেই তার আন্তরিক ইচ্ছে, ভা হ'লে রমার এগোবার পথটা পরিকার হয়।

রায়বাহাত্ব চিস্তিত ভাবে পায়চারি করতে করতে বললেন, তাই তো, একথা তো ভাবতে পারি নি। আমি যে বড় আশা করেছিলাম ডাক্তার রায়ের হাতে মঞ্জুকে তুলে দিয়ে একটু নিশ্চিম্ন হব। কিন্তু ওর যদি এ বিয়েতে মন্ত না থাকে, ও যদি অস্থুখী হয়…

রায়বাহাতুর অধরনাথ যেন তুত্তর সমুদ্রের মাঝধানে হালহারা ভাঙ্গা নৌকোয় ভাসতে লাগলেন।

শাইরে থেকে মঞ্জ, সব কথাই শুনলে। এবার ধীরে ধীরে সেখান থেকে চলে গেল। ঘরের ভেতর মঞ্জুর পিসিমা আবার ঝন্ধার দিলেন: এখন বোঝ! বেয়াড়া আদর দিয়ে মঞ্জুর মাথাটি থেয়েছ—

—জাদর! আদর ! তোরা কেবল আদরই দেখছিস!—রায়-বাহাত্ত্ব জার রাগটা চাপতে পারলেন না : মা-মরা মেয়ে ফুটো একটু হেসে খেলে বেড়ায়, ভাতেও কি দোষ! কি শাসন ওদের করবো বলতে পারিস? নিজে মা হয়ে তুই ওদের ছঃখ বুঝিস না ?

রাজ্ঞলক্ষার মন আরও বিষিয়ে উঠলো, গলার স্থর আর এক-পর্দা চড়িয়ে দিয়ে ভিনি বললেন, তা আমি ওদের হুঃখ বুঝবো কি করে। বাপের বোন পিসি, তাও বিধব। হয়ে তোমার ঘাড়ে পড়ে আছি, আমি হলুম পর। বেশ তো, মেয়ের ছুঃখ ঘোচাতে আন না আদর করে সেই জোচ্চোরটাকে ডেকে—

রায়বাহাত্বর বললেন, জোচ্চোর কে নয়, অবস্থাগতিকে তাকে জোচ্চোর সাজতে হয়েছিল। আর সে যাই হোক না কেন, আমার মেয়ের স্বথের কাছে কোন বিচার আমার নেই, পারলে আমি তাকেই ডেকে আনতাম।…কিন্তু তার থোঁজ কি আর পাব।

রাজলক্ষ্মী আর কিছু বলবার আগেই বাইরে মঞ্জুর হাসির শব্দ শোনা গেল। পরমুহূর্ত্তেই দেখা গেল ডাক্তার রায়কে নিয়ে সে ঘরে ঢুকছে।

বাবা এবং পিসিমাকে কোন কথা বলবার অবকাশ না দিয়ে মঞ্জু বলতে লাগলো: জানো বাবা, ডাক্তার রায় এমনি কুণো, ঘর থেকে বেরুতে চান না।

বিব্রত, লঙ্ক্তিত ডাক্তার রায় বললেন, না, স্থামি—মানে—এই একটু—

মঞ্জু বললে, উনি একলা একখানা বই মুখে করে বসে ছিলেন, আমি জ্বোর করে ধরে এনেছি। ভাল করি নি বাবা ?

রায়বাহাতুর আশ্চর্য্য হয়েছিলেন যেমন, খুশীও হয়েছিলেন তেমনি। উৎসাহিত কণ্ঠে তিনি বললেন, নিশ্চয় ভাল করেছ, খুব ভাল করেছ। বুঝেছেন ডাক্তার রায়, রাতদিন বই মুখে করে বসে ধাকা অত্যস্ত অন্যায়, কি বলে—স্বাস্থ্যের পক্ষে অত্যস্ত ধারাপ।

মঞ্জুর চোখে-মুখে হাসি যেন উছলে উঠছিল, সে রায়বাহাছরের

কাছে এসে বললে, ওঁকে নিয়ে খুব খানিকটা বেড়িয়ে আসবো বাবা ? ; তোমার এখন গাড়ীর দরকার নেই তো ?

- কিছু না, কিছু না, গাড়ীর আবার কি দরকার। আঞ্চকাল গাড়ীর আমার দরকার হয় না
- —তা হ'লে আমরা কিন্তু সেই সন্ধ্যের আগে আর ফিরছি না, কি বলেন ডাক্তার রায় ?

মঞ্জ্ কৌতুকভরা চোথে ডাক্তার রায়ের দিকে চাইলো। তারপর তাচ্ছিল্যভরা একটা দৃষ্টি নিক্ষেপ করলো পিসিমার মুথের ওপর। ডাক্তার রায় বললেন, আর কিছু বলবার আছে বলে তো মনে হয় না।

মঞ্জ, আবার থিল থিল করে হেসে উঠলো এবং তারপর ডাক্তার রায়কে নিয়ে যেন একটা ঝড় তুলে ঘর থেকে বেরিরে গেল।

অধরনাথও একবার রাজলক্ষনীর দিকে চেয়ে ঘর থেকে চলে গেলেন। রাজলক্ষার বুকের ভেতরটা যেন জালা করছিল। মিনিট-খানেক চুপ করে দাঁড়িয়ে থেকে তিনি বললেন, জানি না বাবা, এ আবার কি ঢং!

সিঁ ড়ি দিয়ে নামতে নামতে মঞ্জু ডাক্তার রায়কে বলে, আপনাকে এমন হঠাৎ জোর করে টেনে আনলাম, আপনি কি মনে করছেন কে জানে!

ভাক্তার রায় উত্তর না দিয়ে হাসলেন। তুজনে নিচে নেমে এলো ! মঞ্জু হঠাৎ জিজ্ঞাসা করলে, আচ্ছা, আমার ব্যবহার দেখে আপনি খুব আশ্চর্য্য হচ্ছেন—নয় ?

-- ना ।

—অবাক হচ্ছেন না ? এ রকম অন্তুত ব্যবহার ! বলা নেই, কওয়া নেই, আপনাকে জুলুম করে ধরে নিয়ে এলাম—

ডাক্তার রার মঞ্র মুখের দিকে চেয়ে কি যেন ভাবছিলেন,

বললেন: দেখুন, এই ছদিনে এত কিছু অন্তুত ব্যপার আমার জীবনে ঘটেছে যে অবাক হ'তে একরকম ভূলেই গেছি!

—অর্থাৎ আমাকে অনেক আপদের মধ্যে আর একটা আপদ মনে করছেন। আমি আপনার কাছে আর একটা ত্রুটিনা মাত্র ?

মঞ্জু এমনভাবে ডাক্তারের মুখের দিকে চাইলো যে তিনি বিচলিত হয়ে পড়লেন। সত্যি, মেয়েদের সঙ্গে এমন ঘনিষ্ঠ ভাবে আলাপ করাটা তিনি প্রায় ভূলেই গেছেন; কোন রকমে নিজেকে সামলে নিয়ে তিনি বললেন: না, না, তা নয়। অনেক তুর্ঘটনার মধ্যে স্মরণীয় ঘটনা। তা যাক্, এখন সহরটা না ঘুরে চলুন বাগানটায় বেড়ান যাক…

## —বেশ, তাই চলুন।

তুজনে ওরা বাগানে এল। বাগানে এসে মঞ্ কিন্তু অস্বস্থি বোধ করতে লাগলো। ডাক্তার রায়ের সেটুকু চোধ এড়াল না। খানিক পরে হাসতে হাসতে তিনি বললেন, আমার সঙ্গে বেড়ানটা কিন্তু আপনার পক্ষে একটা খাস্তি। কেন যে এমন থেয়াল হ'ল আপনার!

- —বেডানটা শাস্তি কেন ?
- —এই জ্বন্যে যে কোন আনন্দই আমি আপনাকে দিতে পারবো না।
  ছটো চটকদার কথা বলে' আপনাকে মোহিত করে রাখবো সে
  ক্ষমতাও আমার নেই। এক যদি বলেন তো দাঁত সম্বন্ধে কিঞ্চিৎ
  দাঁত-ভালা আলাপ করতে পারি —

ডাক্তার রায় হাসবার চেন্টা করঙ্গেন।

মঞ্জু এবার সোজা ভাক্তারের চোথের দিকে চাইলো, তারপর জিজ্ঞাসা করলে, আপনি নিজেকে এত ছোট করে দেখেন কেন ?

ডাক্তার রায় জবাব না দিয়ে শুধু একটু হাসলেন।

মঞ্জ আবার বললে: কিম্বা আমাকেই এত থেলো ভাবেন বে মনে

করেন, বাইরের চটক দেখেই আমি মুগ্ধ হই, তার বেশী তালরে দেখবার ক্ষমতা আমার নেই ?

- —না, না, অমন কথা আমি মোটেই বলিনি। আমার প্রতি অবিচার করবেন না।
- —স্থবিচার করেই বলছি, বাজে লোকের বাজে কথা শোনার চেয়ে আপনার মন্ত লোকের নীরব সঙ্গ পাওয়াও আমি সৌভাগ্য মনে করি।

ভাক্তার রায় এবার রীতিমত আশ্চর্য্য হয়ে মঞ্জুর মুথের দিকে চাইলেন। ব্যাপার কি ? জাবনে নানা জ্ঞাতের, নানা ধরণের মেয়ের কথা জানবার শ্বযোগ হয়েছে, কিন্তু তাদের কেউ তো এমন আকাশ্মকভাবে তাঁকে জ্ঞভাবার চেফ্টা করোন ? মঞ্জুর এই অতিরিক্ত সৌভাগ্য বোধের হেতুটা কোথায় ? একজনকে জ্ঞোর করে নিজের কাছে ছোট করবার জ্ঞান্তে আর একজনকে অহেতুক বড় করে ভোলার চেফ্টা নয় তো ? বাজে লোকেব বাজে কথা ! কিন্তু বাজে লোকটিই বা কে ?

এত মুহূর্ত্ত চুপ করে থেকে তিনি বললেন, শুনে অত্যন্ত বাধিত হলাম ৷ এরকম প্রশংসার খুব জুৎ-সই একটা জবাব দিয়ে কৃতজ্ঞতা প্রকাশ করা উচিত ছিল বুঝতে পারছি, কিন্তু....

'কিন্তু'—মঞ্জু কৌতুকছলে বললে, ভাষায় কুলোচ্ছে না বলছেন ? ভাষার খুব অভাব তো দেখছি না!

- —অনেক সময় বোবার মুখেও কথা জোটে, সেটা আপনার সঙ্গের গুণ।
  - —এবার বোধহয় আমার blush করা উচিত ?
- —না, না, পরিহাস করবেন না। সভ্যি আপনার প্রশংসার প্রশ্রেয় পেয়েই আজ আমার বেন সাহস বেড়ে গেছে এবং এই সাহস থাকতে থাকতেই আপনাকে একটা কথা জিজ্ঞাসা করতে চাই—

মঞ্ কিছু না বলে ওঁর মুখের দিকে চাইলো। ভারতার রায় কিন্তু ঘাবড়ে গেলেন। মঞ্ বললে, কি চুপ করে রইলেন যে? সাহস কি ফুরিয়ে গেল এর মধ্যে? ভারতার রায় একটা ঢোঁক গিললেন।

— না, না, কি করে কথাটা পাড়বো ঠিক বুঝতে পারছি না। অথচ এ-বিষয়ে আপনার মতামত জানা আমার একাস্ত দরকার!

মঞ্জুর মুখ গন্তীর হয়ে উঠোছিল। সে মুহূর্ত্তের জন্মে ডাক্তার রায়ের মুখের দিকে চেয়ে স্থির কণ্ঠে বললে, কথাটা পাড়বার চেষ্টায় আপনাকে আর বিত্রত হ'তে হবে না ডাক্তার রায়! আপনি কি বলতে চাইছেন আমি জানি।

ডাক্তার রায় বিশ্মিত হয়ে মঞ্জর দিকে চাইলেন।

মঞ্জু বললে, আমার মতামত যদি আপনার কাছে এত দামী হয় তা হ'লে শুমুন, আমার এ বিয়েতে সম্পূর্ণ মত আছে।

—মত আছে! আমার এ সৌভাগ্য যে আমি বিশ্বাস করতে পারছি না মিদ্ চ্যাটাভর্জী।

ডাক্তার রায় অকপট ভাবেই কথাটা বললেন, কিন্তু মঞ্ছঠাৎ বেন কেঁপে উঠলো।

—কেন বিশ্বাস করতে পারছেন না ? কেন বলতে পারেন ? আমার এ বিয়েতে মত দেওয়া কি এমন একটা আশ্চর্য্য ব্যাপার ? আমি কি এমন একটা অসাধারণ মেয়ে ঘে শুধু রূপকথার রাজপুত্রের আশাতেই পথ চেয়ে থাকবো ? রূপকথার রাজপুত্রদেরও আমি জাদি—সে আলেয়ার চেয়ে সামান্য একটু আলোর দাম আমার কাছে অনেক বেশী; অনেক বেশী!

শেষের দিকে মঞ্জুর গলার স্বর প্রায় কান্নার মত শোনাল এবং কথা শেষ করেই সে প্রায় ছুটতে ছুটতে বাগান থেকে বেরিয়ে বাড়ীর মধ্যে চলে গেল।

ডাক্তার রায় শুন্তিত হয়ে সেখানে দাঁড়িয়ে রইলেন।

বাজে লোকের বাজে কথা আর রূপকথার রাজপুত্রের আশার পথ চেয়ে থাকা! অত্যন্ত হঠাৎ, অন্ধকার রাত্রিছে বিহ্যুতের ঝিলিকের মন্ত ডাক্তার রায়ের মনে হোলো, এ চুটোর মধ্যে ঘনিষ্ঠ একটা যোগ রয়েছে। কথা যত বাজে হোক, রাজপুত্র নিশ্চয়ই। আলেয়া হোক, তবু আলোকচ্ছটা; তার কাছে সামান্ত আলোর দাম কত্টুকু।

রাজপুত্রকে চিনভে ডাক্তার রায়ের দেরী হলো না।

রায়বাহাতুব তাঁর ঘরে ডাক্তার রায়ের জ্বন্য উৎকন্তিত **আগ্রাহে** অপেকা করছিলেন।

ডাক্তার বায় ঘরে ঢুকতেই তিনি উঠে দাঁড়িয়ে উচ্ছুসিত কণ্ঠে বললেন, আমুন, আমুন। আজ আমাব কি আনন্দের দিন।

ডাক্তার রায় মনস্থির করেই ঘরে ঢুকেছিলেন, রায়বাহাতুরের কথার জবাবে একট হাসলেন মাত্র।

রায়বাহাত্রব আরও উৎসাহিত হয়ে উঠলেন: আমি তখনই বলেছিলাম মঞ্জুব মতেব জন্মে ভাবনা নেই, বলুন আর তাকে কিছু জিজ্ঞাসা করবার আছে ?

- —না, তাঁর মত আমি জেনেছি।
- জেনেছেন! তা হ'লে আর দেরী করবার দরকার তো নেই! ওঃ! কতবড় ভার যে আমার মন থেকে আজ্ঞা নেমে গেল। জ্ঞানেন না ডাক্তার রায়, আজ্ঞা আমার কি আনন্দের দিন•••

ডাক্তার রায় একটু ভেবে নিয়ে বললেন, কিন্তু একটু দেরী করতে হবে রায়বাহাত্তর। আমি একবার কলকাভায় বাচ্ছি।

- —বেশ তো। আমিও মঞ্জুদের নিয়ে কয়েক দিনের মধ্যেই বাছি। আমার তো ইচ্ছে সেইখানেই—
- —সে ভাল কথা। কিন্তু তার আগে আমার একটা কা<del>ল</del> না করলেই নয়।
  - —কি বলুন তো **?**

- স্বুঞ্জিতবাবুকে আমায় খুঁজে বা'র করতে হবে।
- স্থব্জিত কে ? সেই হতভাগা, অপদার্থ, ভবন্থরে—
- —হাঁ রায়বাহাতুর, সেই হডভাগা অপদার্থ ভ্রঘুরেটাকেই আমার খুঁজে বা'র করা একাস্ত দরকার। তাকে না পেলে আমাদের এই অমুষ্ঠান স্থসম্পন্ন হবে না।

রায়বাহাতুরকে আর কোন কথা বলবার অবকাশ না দিয়ে ডাক্তার রায় নিজের ঘরে চলে এলেন।

রাত্রিতে রায়বাহাদুর তাঁকে আরও চু' একটা দিন কাটিয়ে কলকাতায় ফেরবার জন্মে বারম্বার অমুরোধ করলেন। কিন্তু ডাক্তার রায়কে আর আটকে রাখা গেল না। পরদিন সকালের ট্রেনেই তিনি কলকাতা রওনা হলেন। কলকাতায় এসে ডাক্তার রায় বেকার সঞ্জের অফিসটা অতিকষ্টে খুঁজে বার করলেন। সেখানে কিন্তু স্থুজিত বা ফকিরকে পাওয়া গেল স্থুজিত কিছুকাল আগে সজ্বের মায়া কাটিয়েছে, তবে ফকির এখনও আসে যায়। ফকিরের নামে একখানা চিঠি লিখে রেখে ডাক্তার রায় হতাশ মনে ফিরে এলেন।

দিন তুই পরে ফকির, ডাক্তার রায়ের ক্লিনিকে এসে **তার** সঙ্গে দেখা করলে। কিন্তু তার কাছেও স্থাজিতের খোঁজ পাওয়া গেল না।

ভাক্তার রায় ভাবনায় পড়লেন; বললেন, কি আশ্চর্য্য ! আপনিও স্থাজিতবাবুর কোন থবর রাখেন না ?

- আজ্ঞে না, সেই বেকার সঙ্গ ছেড়ে যাওয়ার পর থেকেই একেবারে নিরুদ্দেশ। চেফী আমি কম করিনি মশাই, কিন্তু তার কোন পাত্তাই পেলাম না।
  - —আচ্ছা এরকম অজ্ঞাতবাসের কারণটা কি বলতে পারেন ?
- উহঁ। এডকাল মেলামেশা করছি, এরকম তো কখনও দেখি নি।

ডাক্তার রায় অন্থির ভাবে ঘরময় ঘুরে বেড়াতে লাগলেন।
তারপর গোবিন্দর দিকে চেয়ে বললেন,—তাই তো! বড় মুস্কিলই
তা হলে হোলো দেখছি। স্থাজিতবাবুকে খুঁজে বার করবার কোন
উপায়ই তো দেখছি না গোবিন্দ।

গোবিন্দও ভাববার চেন্টা করছিল, সে বললে, আজ্ঞে না। উপায় কিছু দেখছি না। ভাক্তার রায় বিরক্ত হয়ে তার মুখের দিকে চাইলেন, ভারপর বললেন, ভোমায় আমি উপায় খুঁন্দে বার করতে বলিনি বাপু।

- আজে ?
- —কোন পেশেণ্ট বাকী আছে দেখতে ? থাকে তো ডাক।
- গোবিন্দ বললে, আজ্ঞে হাঁ। আছে।
- —আছে তো নিয়ে এসো।

গোবিন্দ বেরিয়ে রোগীরা যেথানে অপেক্ষা করে সেই ঘরে গেল। ডাক্তার রায় তেমনি পায়চারী করতে লাগলেন। স্থাজিভকে না পেলে তাঁর সব চেফ্টাই যে মাটি হয়ে যাবে, কিন্তু তাকে খুঁজে বার ক্রবার আশাও আর আছে বলে মনে হয় না। তা হ'লে কি…

গোবিন্দ রোগী নিয়ে ফিরে এল।

ছেঁড়া ময়লা কাপড় পরা ক্ষীণকায় একটি লোক। লোকটি চুকলো হাত জ্বোড় করে, যেন কোন অনুগ্রহ চাইছে ডাক্তার রায়ের কাছে। ডাক্তার রায় নিজের চিস্তায় ডুবে ছিলেন, লোকটির দিকে ভাল করে লক্ষ্যও করলেন না, সোজা তাকে ধরে নিয়ে গিয়ে বসিয়ে দিলেন দাঁত ভোলার চেয়ারে।

লোকটি কি যেন বলবার চেফা করছিল, ডাক্তার রায় চেয়ারের সল্পে ভার মাণাটা ঠিক করে সেট্ করে, মাণার উপরের আলোটা খানিকটা নামিয়ে এনে বললেন, হাঁ করুন।

লোকটি বিনা বাক্যব্যয়ে হাঁ করলো। ডাক্তার রায় অভিনিবেশ সহকারে ভাকে পরীক্ষা করলেন, কিন্তু কোন উপসর্গ ই চোথে পড়লো না। বেশ একটু আশ্চর্য্য হয়ে তিনি জ্বিজ্ঞাসা করলেন, কি হয়েছে আপনার ? বত্রিশ পাটি দাঁতই ভো পরিপাটি রয়েছে দেখছি।

লোকটিও বেশ বিত্রত এবং আশ্চর্য্য হয়েছিল, সে প্রায় দমবন্ধ করে। জবাব দিলে, আজ্ঞে হাা।

—আভে হাঁ৷ মানে ? দাঁতে ব্যথা-টেথা আছে ?

## —আছে না।

ডাক্তার রায় আশ্চর্য্য এবং বিরক্ত হয়ে বললেন, তবে কি স্থ করে দাঁত দেখাতে এসেছেন !

লোকটি বললে, আজ্ঞে না, এসেছি জনেক হঃথে। দাঁভ আছে ভবু চিবোতে পারি না

—দাঁত আছে তবু চিবোতে পারেন না! বলেন কি?

সমস্ত দন্তচিকিৎসা-শাস্ত্র মনে মনে মন্থন করবার চেফী করলেন ডাক্তার রায়, কোথাও এরকম অস্তথের নজীর পাওয়া গেল না।

লোকটি খুব কুন্তিত ভাবে বললে, আজ্ঞে থেতে না পেলে চিবোঁই কি করে বলুন ? দয়া করে যদি একটা চাকরী দেন—

- —চাকরী ? আপনি দাঁত দেখাবার নামে চাকরী চাইতে এসেছেন ? আপনি চাকরী চান ?
- —আজে চাকরী কে না চায়! আর চাকরীর **জন্মে কি** না করা যায় বলুন!

লোকটার কথা শুনতে শুনতে ডাক্তার রায় যেন মুতন করে কি ভাবতে স্থান্ত করেছিলেন। তিনি কতকটা নিজের মনেই বললেন, চাকরী—চাকরী কে না চায়—ন। ?

হঠাৎ ফকিরের দিকে চেয়ে উৎসাহিত কণ্ঠে তিনি বলে উঠলেন: হয়েছে ফকিরবাবু, হয়েছে। এবার স্থঞ্জিতবাবুকে আমি নির্বাৎ খুঁজে পেয়েছি।

ফকির কিছুই ভাল করে বুঝতে পারছিল না, এর মধ্যে স্থঞ্জিত চক্রবর্ত্তী এল কখন! সে জিজ্ঞাসা করলে, কোথায় ?

ডাক্তার রায় বললেন, কোথায় আবার। এইথানে, এইথানে।

রোগীকে ছেড়ে তিনি নিজের টেবলে এসে বসলেন, প্যাড্টা টেনে নিয়ে কলম বা'র করে খস্ খস্ করে কি লিখতে লাগলেন। ফাঁকর কৌতুহল চাপতে না পেরে উকি মেরে দেখতে লাগলো।
দেখলো ডাক্তার রায় লিখছেন: কর্মাখালি—বিশেষ কাজের জন্ম
শিক্ষিত, কর্মাঠ একজন ভদ্র যুব্ক দরকার—ধোগ্যভামুসারে উপযুক্ত
বৈতন দেওয়া হইবে। নিম্নলিখিত ঠিকানায় দরখাস্ত করুন।

বিশ্বায়ে ফকিরের চোধ বড় বড় হয়ে উঠেছিল, সে বললে, এ ত বিজ্ঞাপন।

—হ্যা, হ্যা, কর্ম্মথালির বিজ্ঞাপন বুঝতে পারছেন না, স্থব্জিত-বাবুর যদি সভ্যি চাকরীব দরকার থাকে তা হলে এ বিজ্ঞাপনে তাঁকে সাড়া দিতেই হবে, তাঁর একথানা দরখান্ত আমি পাবই।

কথামত কাজ করতে ডাক্তার রায় দেরী করলেন না। সেইদিনই গোবিন্দকে দিয়ে খবরের কাগজগুলোয় বিজ্ঞাপন পাঠিয়ে
দিলেন। পরদিন থেকে কাগজে কাগজে বিজ্ঞাপন ছাপা হ'তে লাগলো
এবং তার দিন তুই পর থেকে হুক হলো দরখাস্ত আসতে। রাশি
রাশি লেফাফায় দেরাজ, টেবিল সব ভর্তি হ'বার উপক্রম হোলো।
ব্যাপার দেখে ডাক্তার রায় বললেন, এ যে গোটা বাংলা দেশটাই
দরশাস্ত করে ফেলেছে দেখছি।

গোবিন্দ বললে, আজ্ঞে হ্যা, তা হবে বই-কি।

ফকির আর গোবিন্দর সাহায্যে ডাক্তার রায় চিঠিগুলো বাছাই স্থুরু করলেন। নান। জায়গা থেকে নানা লোকের দরখান্ত। কিন্তু যার জন্মে টাকা খরচ করে বিজ্ঞাপন দেওয়া তার নামটা কোন দরখান্তের নীচে খুঁজে পাওয়া গেল না।

ভাক্তার রায় বললেন, না, আর কোন আশা নেই। তুমি কিছু পেলে হে গোবিন্দ ?

গোবিন্দ বললে, আজে ই্যা পেয়েছি। স্থঞ্জিত বোস, স্থঞ্জিত দাস—
ডাক্তার রায় বিরক্ত কণ্ঠে বললেন, দাস-বোস দিয়ে কি করবো।
চক্তবর্ত্তী চাই।

ফাঁকর বললে, আজ্ঞে আমি চক্রবর্ত্তী পেয়েছি। এই বে—হরিপদ চক্রবর্ত্তী।

ভাক্তার রায় বললেন, তবে আর কি! ল্যাঙ্গা-মুড়ো কেটে একসঙ্গে জুড়ে দাও, সব ঝঞ্চাট চুকে যাক্।

নিরাশ হয়ে তিনি উঠে পড়লেন। একথানা থাম তার শার্টের হাজার সঙ্গে কি রকম করে লেপটে গিয়েছিল, তিনি উঠে দাঁড়াতেই সেটা ঠক্ করে টেবিলের উপর পড়লো। এথানা আগে চোথে পড়েনি, ডাক্তার রায় খুলে পড়তে লাগলেন। পড়তে পড়তে তার চোখ-মুখ উজ্জ্বল হয়ে উঠলো। তিনি প্রায় চীৎকার করে উঠলেন: পেয়েছি, পেয়েছি!

সবাই আশ্চর্য্য হয়ে তাঁর দিকে চাইলো। তিনি **আ**বার বললেন, এই তো পেয়ে গেছি।

কি পেয়েছেন, কাকে পেয়েছেন, এসব প্রশ্নের মীমাংসা হবার আগেই মঞ্জুকে নিয়ে রায়বাহাত্বর সেথানে উপস্থিত হ'লেন। ডাক্তার রায়ের কথাটা রায়বাহাত্ত্বের কাণে গিয়েছিল, তিনি জ্বিজ্ঞাসা করলেন, কি পেয়েছেন ডাক্তার রায় ?

ডাক্তার রায় বিব্রস্তভাবে বললেন, এই যে আপনারা এসেছেন। আমি দেখতে পাইনি।

মঞ্জু হাসতে হাসতে বললেন, হাা, আপনি একটু উত্তেজিত ছিলেন।

—ব্যাপার কি ডাক্তার রায় ?—রায়বাহাতুর জিজ্ঞাসা করলেন। ডাক্তার রায় বললেন, ব্যাপার এমন কিছু নয়। ভারপর, আপনারা কলকাতায় এলেন কবে ?

জবাব দিলেন রায়বাহাত্ত্র: কাল এলাম মঞ্জে নিয়ে—আপনার, ভো কোন সাড়া শব্দ নেই। তাই বেড়াতে বেরিয়ে ভাবলাম একবার ধৌজটা নেওয়া দরকার—ভা আপনি ভ পুব ব্যস্ত দেখছি। না, মানে ব্যস্ত আর কি!

ভবু আমরা এখন চলি, কাল বিকেলে কিন্তু আমার ওখানে আপনার যাওয়া চাই। ওইখানেই চা খাবেন। এই আমাদের ঠিকানা—

রায়বাহাত্বর কার্ড বার করে ডাক্তারের হাতে দিলেন। ডাক্তার বায় কার্ডটা হাতে নিয়ে কি যেন ভাবলেন। ভাবছিলেন তিনি গোড়া থেকেই, মানে—মঞ্জু আব রায়বাহাত্নরের আবির্ভাবের পর থেকেই। এবার একটু বেশী করে ভাবলেন। তারপর বললেন, না রায়বাহাত্বর, কাল বিকেলে আপনাদেরই চায়ের নেমস্তন্ন রাখতে হবে আমার এখানে।

রায়বাহাত্তর বিস্মিত কঠে প্রশ্ন করলেন, কেন বলুন তো ?

ভাক্তার রায় বললেন, এখন কিছু জিজ্ঞাসা করবেন না, তবে একটা কিছু আশ্চর্য্য ঘটনার জন্ম প্রস্তুত থাকতে পারেন।

আশ্চর্য্য ঘটনাল যে কি হতে পারে সেটা রায়বাহাত্রর কিছুই ভেবে ঠিক করতে পারলেন না। একটু চুপ করে থেকে বললেন: আচ্ছা বেশ, তা হ'লে আমরা এখন চলি।

—এসেই চলে যাবেন ? একটু বোসবেন না ?—ডাক্তার রায় বললেন।

ক্সবাব দিলে মঞ্ছ আপনার এখানে বসা নিরাপদ মনে হচ্ছে না। হঠাৎ যদি দাঁত তুলে দেন।

হাসতে হাসতে সে রায়বাহাত্বরের সঙ্গে চলে গেল। ডাক্তার রায় ওদের দর্জা পর্যান্ত পৌছে দিয়ে এলেন। তারপর ফ্রকির চাদকে একপাশে টেনে নিয়ে গিয়ে উত্তেজিত ভাবে বললেন, এই ছাখ স্থানিত চক্রবর্তীর দরখান্ত। এখুনি তাকে চিঠি লিখে দাও। কাল বিকেলেই বেন চাকরীর জন্মে দেখা করতে আসে। ঠিক বিকেল চারটা— রায়বাহাত্রর ওই সময়েই আসছেন।

ক্ষকির চিঠি লিখতে বসলো।

পরদিন বিকাল। চারটে বাজতে আর মিনিট কয়েক বাকি।

ডাক্তার রায়ের ক্লিনিকে ভিজিটার্স-ক্লমে মঞ্জু আর রারবাহাত্তর বসে। চা-জলখাবার আগেই দেওয়া হয়েছে এবং সেগুলো শেষ হয়েও এসেছে। ডাক্তার রার কিছুক্ষণ থেকে একদৃষ্টিতে ঘড়ির দিকে চেরে কি ভাবছিলেন, হঠাৎ উঠে দাঁড়ালেন।

মঞ্জু জিজ্ঞাসা করলে, এত ঘন ঘন ঘড়ি দেখছেন কেন ডাক্তার রার ? ডাক্তার রায় প্রায় চমকে উঠে বললেন, ও! ঘড়ি দেখছি বুঝি! এই মানে দেখছিলাম কটা বাজে—

আমি কিন্তু ভাবলাম বুঝি আপনার আশ্চর্য্য ঘটনার সময় হয়ে এলো—মঞ্জু বললে।

হাঁা, হাা, আপনি কি যেন আশ্চর্য্য ব্যাপার দেখাবেন বলেছিলেন ডাঃ রায় ?—রায়বাহাতুরও কৌতুহলী হয়ে উঠলেন।

ডাক্তার রায় আরও বিচলিত হয়ে পড়লেন। তিনি এভকণ রুদ্ধ নিঃশাসে প্রতাকা করছিলেন স্থুজিত চক্রবর্তীর আবির্ভাবের জন্ত। স্থুজিতকে মঞ্জু আর রায়বাহাতুরের কাছে পৌছে দিতে পারলেই তাঁর দায়িত্ব শেষ হয়। কিন্তু কোথায় সেই বেকার, বাউণ্ডুলে স্থুজিত ? চাকরী নিশ্চিত জেনেও যে এলো না।

় রায়বাহাত্নের কথার জবাবে ডাক্তার রায় বললেন: ইঁয়া, ইঁয়া, বলেছিলাম। এখনও আশা করছি যে কথা রাখতে পারবো। ক্ষমা করবেন, আমি এখুনি আসছি····

বলতে বলভে ভিনি পাশের ঘরে চলে গেলেন।

সেখানে ফকিরচাঁদ অপেকা করছিল। ভাক্তার রায় বললেন, ব্যাপার কি বলুন ভো? চারটে বাজে, এখনও বে স্থান্ধিভবাবুর দেখা নেই! ফকির বললে, আমি একটু এগিয়ে দেখব নাকি ?

ভাক্তার রায় বিমর্থমুখে বললেন, এগিয়ে আর কি দেখবেন! ভিনি এগিয়ে না এলে দেখবেন কাকে ?

- —তবু আমি না হয় একটু বাইরে গিয়ে দাঁড়াই। বাড়ী চিনতে হয়তো ভূঙ্গ হ'তে পারে।
- —বেশ ভাই দাঁড়ান। কিন্তু আগে থাকতে যেন সব কথা তার কাছে ফাঁস করে ফেলবেন না, দেখবেন।

ষ্ঠাকির বিজ্ঞতার হাসি হেসে বললে, না, না, আপনি কিছু ভাববেন না, আমি অভটা আহাম্মুধ নই।

ফকির এসে রাস্তায় দাঁড়াল। ট্রাম-বাস্তার ধারেই ভাক্তার রায়ের ক্লিনিক।

ট্রাম থেকে লোক নামলেই ফকিরের বুক ধড়াস করে ওঠে, ওই বুঝি, স্থাজ্জিত এলো। পরমূহুর্ত্তেই নিরাশায় তার মুখ ফ্যাকাশে হয়ে যায়। এমনি মিনিট পনের অপেক্ষার পর সভ্যি স্থাজিতকে ট্রাম থেকে নামতে দেখা গেল। রাস্তা পার হয়ে ফুটপাতে উঠে স্থাজিত বাড়ীর নম্বর খুঁজতে লাগলো।

ফ্রকির তাকে দেখতে পেয়ে ছুইতে ছুইতে গিয়ে বললে, আর খুঁজতে হবে না. চলে এসো।

স্থাত ফাকরকে দেখে রাতিমত আশ্চর্য হয়েছিল; বললে, আহে ফাকিরটাদ যে ৷ তুমি এখানে কি করছো ?

ক্ষাকর একমুখ হেসে, বললে, এই তোমার জ্বান্তে হা-পিত্যেশ করে। দাঁড়িয়ে আছি।

- —আমার জন্মে 👯 বল কি ? তুমি জানলে কোণা থেকে ?
- —এত ফন্দি-ফিকির করে তোমায় বার করা হোলো আর আমি জানবো না!— ফকির বেশ মুফ্রবিরানার হুরে বললে: এখন চলো দেখি ভাডাভাড়ি, ওঁরা সবাই অপেকা করে বলে আছেন।

স্থুজিত আরও আশ্চর্য্য হয়ে গেল, বললে: ওরা আবার কে ছে ?
ক্ষির আবার একটু মুরুবিবয়ানার হাসি হেসে বললে, কে আবার !
জানো না যেন! আরে রায়বাহাতুর আর তাঁর মেয়ে। ডাক্তার রায়
আজ্র ও দের নেমস্তর্ম করে আনিয়েছেন যে, তোমায় হঠাৎ হাজির করে
ভাঁদের একেখারে অবাক করে দেবেন বলে।

বলতে বলতেই ফকিরের মনে পড়ে গেল যে ডাক্তার রায় তাকে এসব কথা স্থাজিতকে বলতে মানা করে দিয়েছিলেন। ফকিরের মুখ শুকিয়ে গেল, সে জিভ কা ডে বললে, ওই যা ।•••

- —কি হ'ল কি **?**
- —ভাক্তার রায়ের মানা ছিল, ভোমায় যে সব বলে ফেললাম। স্থিজিত সমস্ত ব্যাপারটা মনে মনে একবার ভাল করে ভেবে নিল। বেশ বোঝা যাচেছ যে, ভাক্তার রায় তাকে চাকরী দেবার লোভ দেখিয়ে এতদুর টেনে এনেছেন, চাকরী দেবার জন্মে নয়, মঞ্জুদের সঙ্গে দেখা করিয়ে দেবার জন্মে। তিনি ভেবেছেন, স্থজিত চক্রবর্তী মঞ্জু-বিহুল্লে মারা বেতে বসেছে! কিন্তু স্থজিত অত তুর্ববল প্রাণ নিয়ে জন্মায় নি। আগে তাকে আজা প্রতিষ্ঠা করতে হবে, তারপর ওসব স্বপ্ন দেখার সময় পাওয়া যাবে তের। কিন্তু ভাক্তার রায়ের যদি সভ্যিই তাকে চাকরী দেবার ইচ্ছা থাকে? এমনও তো হ'তে পারে যে মঞ্জুরা নিভান্তই হঠাৎ আজ এখানে এসেছে। স্থতরাং সামান্ত একটা মেয়েকে এড়াবার জন্মে বেকারত্ব মোচনের এত বড় একটা স্থযোগ ছাড়া কি উচিত হবে? ক্রিরকালের এভভেঞ্চার-প্রিয় মানুষটা বলে উঠলোঃ না, না, একবার লিয়ে আসল ব্যাপারটা দেখতে কভি কি? মঞ্জুকে এড়ানই যদি দরকার হয় ভা হ'লে সামান্ত একট্ট ছয়বেশই কি তার পক্ষে যথেষ্ট নয়?

একটু চুপ করে থেকে সে ফকিরের কানে কানে কি বললো। ভারপর ছুটে গিরে একটা চলস্ত ট্রাম ধরে তা'তে উঠে পড়লো।

ফকিরটাদ ফিরলো ক্লিনিকের দিকে।

এদিকে সেই আশ্চর্য্য ঘটনার অপেক্ষায় বসে থাকতে থাকতে রায়বাহাত্বর অন্থির হয়ে উঠেছিলেন, মঞ্জুও রীতিমত বিরক্ত হয়ে পড়েছিল। শেষ পর্য্যন্ত মঞ্জু বললে, নাঃ, আর অপেক্ষা করা যায় না ডাক্তার রায। আপনার আশ্চর্য্য ব্যাপার আশ্চর্য্য রকম 'লেট' বলতে হবে।

—আর একটু বস্তুন, আমার অনুরোধ।

ভাক্তার রায়ের কাতব কঠে রায়বাহাত্বর কুষ্ঠিত হয়ে পড়লেন, বললেন : না, অনুরোধ করবার কি দরকার। বেশতো আমরা বসে আছি, আরও না হয় ধানিক -কিন্তু ব্যপাবটা কি বলুন তো ?

মঞ্ হাসতে হাসতে বললে, ব্যাপারটা বলে ফেললে আর আশ্চর্য্য থাকবে না যে !

—তাই তো বটে। রায়বাহাতুব বললেন—আচ্ছা আর ধানিক বসাই যাক তা হ'লে, আমাদের কোন কফ তো আর নেই।

এই সময় গোবিন্দ এসে একটা 'শ্লিপ' দিল ডাক্তার রায়ের হাতে। কাগজ্ঞটা পড়তে পড়তে ডাক্তার রায় বিষম উত্তেজিত হয়ে উঠলেন। শ্লিপে স্থাজিত চক্রবর্ত্তীর সই! এতক্ষণে তার প্রভীকা সফল হোলো। স্থাজিতকে ভেতরে পাঠিয়ে দেবার নির্দেশ দিলেন তিনি গোবিন্দকে। তারপর মঞ্জ্র দিকে চেয়ে বললেন, হ্যা সেই আশ্চর্য্য ব্যপার এবার আপনারা সত্যি দেখতে পাবেন। জানেন কাকে এত দিনে খুঁজে বার করেছি? কে এখন দেখা করতে এসেছেন জানেন?

আসল ব্যাপারটা রায়বাহাত্তর বা মঞ্জু কেউই অনুমান করতে পারেনি। ওরা তজনেই প্রশ্ন করলে: কে ?

ডাব্রুনর রায় বিজয়গোরব-প্রদীগুকণ্ঠে ঘোষণা করলেন, স্থুজিত চক্রবর্ত্তী। রায়বাহাতুর বিষ্ময়-বিহবল কণ্ঠে বললেন, হুন্ধিত চক্রবর্তী। শন্ত্র্ কিছু বললেনা, শুধু একটা বাঁকা চাহনি নিক্ষেপ করলো ডাক্তারের দিকে।

ডাক্তার রায় উৎকণ্ঠিত আগ্রহে দরজার দিকে চেয়েছিলেন। কিন্তু
মিনিটখানেক পরে যে লোকটি দরজা দিয়ে ঘরে চুকলো তার দিকে চেয়ে
মাথা প্রায় ঘুরে গেল। স্থুজিত চক্রবর্তী নয়, দাড়ি গোঁফওলা একটা লোক—পাঞ্জাবী গোছের। ডাক্তার রায় যে মস্ত ভুল করেছেন সেটা বোঝাবাব জন্মেই মঞ্জু বোধহয় ব্যঙ্গের হাসি হেসে মুখটা অম্যুদিকে ফিরিয়ে নিল।

বিম্মায়েব ঘোৰটা একটু ফিকে হ'তে ডাক্তার বায় আগসম্ভকের দিকে চেয়ে বললেন, আপনি কে ? এখানে কি জ্বস্তো ?

স্থুজিত ধবা না দেবাব জন্মে সর্বব রকমে প্রাস্তুত হয়ে এসেছিল। সহজ্ঞভাবে কথা বললে পরিকল্পনা ব্যর্থ হ'তে পারে, তাই তোতলামী শুরু করলে: আজ্ঞে আ—আমি—স্থ—স্থ—স্থু—স্থুজিত— চ—
চক্কোত্তি। আ—আপনার চি—চিঠি পেয়ে দে—দে—দেখা কত্তে—

- —আপনি স্থঞ্জিত চক্রবর্তী ?
- —আ —আজ্ঞে, বরাবর ও—ওইটেই আ—আমার না—না— নাম। ভা—শ—পছন্দ না হয় ব—ব—ব—বদলে দেব।
  - --- ना, ना, नाम পाल्डाएं आमि विनि । किञ्च....

ডাক্তার রায়ের মনে হ'লো তিনি একটা ভাঙা নৌকোয় ভাসছিলেন, এবার সেটাও তলিয়ে যাচেছ! স্থলিত চক্রবর্ত্তী নামে সংসারে কভ লোক আছে, দরখাস্ত করলেই তাকে বেকার সজ্জের ভূতপূর্বব সেক্রেটারী বলে মনে করে নিতে হবে—এ কি কথা! এমন ভূল তাঁর হোল কি করে ?

মঞ্ উঠে দাঁড়িয়ে বললে, ধন্যবাদ ডাক্তার রায়! সভ্যি আশ্চর্য্য করে দিয়েছেন।—চল বাবা আমরা বাই। ডাক্তার রায় এখন বোধহয় ব্যস্ত থাকবেন। —ডাক্তার রার প্রার আর্ত্তকণ্ঠে বললেন, কিছু মনে করবের না
মিস্ চ্যাটার্জ্জী। ব্যাপারটা বে এরকম দাঁড়াবে ভা আমি করনাও
করতে পারি নি।

মঞ্ছ ব্যাপারটা কতকটা অমুমান করেছিল, রায়বাহাত্তর কিন্তু কিছুই অমুমান করতে পারেন নি। তিনি একবার ডাক্তার রায়ের মৃথের দিকে, একবার মেয়ের মৃথের দিকে চেয়ে বললেন, আমি থে এর কিছুই বুঝতে পারছি নে।

মঞ্জু বললে, বোঝবার চেন্টা করলে আরও আশচর্ঘ্য হবে বাবা। চলো আমরা যাই।

রায়বাহাতুর উঠতে উঠতে বললেন, বেশ, তাই চলো। আপনি কিন্তু ডাক্তার রায় আমাদের ওখানে আসচেন—

—আজ্ঞ হাা, তা যাব বই-কি।

ডাক্তার রায় যেন স্বপ্রের ঘোরে জ্বাব দিলেন।

রায়বাহাত্মকে নিয়ে মঞ্জু বেরিয়ে গেল। আব ত্রন্ধনের মন্ত মঞ্জুও স্থান্ধিতকে চিনতে পারেনি। ডাক্তার রায় দাঁড়িয়ে দাঁড়িয়ে ভাবতে লাগলেন, দাড়ি-গোঁফওলা এই লোকটাকে নিয়ে এখন কি করা যায়।

চেয়ারে বনে ড'ক্রাব রায় গালে হাত দিয়ে অ'কাশ-পাতলে। ভাবতে লাগলেন।

স্থানিত এগিয়ে এলো তার কাছে, বললে: খুব কি হতাশ হয়েছেন ডা: রায় ?

এবাব সে স্বাস্থাবিক কঠে, সহজ্ঞাবে কথা বলেছিল। ডাঞ্জার রায় চমকে উঠে তার মুখের দিকে চাইলেন, বললেন: আপনি !•••

স্থাজিত হাসতে হাসতে বললে, ই্যা আমিই আসল, আমিই নকল, আমিই সত্য, আমিই মায়া। কি রকম ছন্মবেশটা হয়েতে ব পুন পেৰি ? ডাক্তার রায় খুশী হতে পারলেন মা। রায়বাহাত্র আর মঞ্জুর কাছে খেলো হওরার রাগে তিনি ধেন দপ্করে জ্লে উঠলেন; বললেন, খাদা হয়েছে মশাই, খাসা হয়েছে। ঃকিন্তু এ ছদ্মবেশের মানে কি বলতে পারেন ? এ চালাকার জর্থ ?

- —তা হ'লে আমার সজে আপনার চালাকিটার অর্থ কি জানতে পারি ?
  - —আপনার সঙ্গে আমার চালাকি!
- চালাকি নয় ? চাকরীর চার ফেলে আমায় ধরে এনে সকলের সামনে হাস্তাম্পদ করতে চেয়েছিলেন। আপনার সেই ফন্দী আমি ব্যার্থ করেছি মাত্র।

ভাকার রায় ব্যথা পেলেন স্থান্ধিতের কথায়। ধাঁর জ্পন্থে তাঁর এত চেফা সেই তাঁকে ভুল ব্যালা। আঘাত গা তিনি নীরবেই সহথ করলেন, একটু চুপ করে থেকে বললেন, থুব ভাল কাজ করেছেন। কিন্তু এবকম চালাকি কবে ধরে আনায় আমাব কোন স্বার্থ আছে বলতে পারেন?

- —নিঃস্বার্থ উদ্দেশ্যটাও তো ঠিক বুঝতে পারছি না।
- —উদ্দেশ্য আপনাকে খুঁজে বার করা এবং তাও আমার নিজের স্বার্থের জন্মে নয়।

শুব্দিত আশ্চর্য্য হয়ে বললে, আমার মত হতভাগা বেকার বাউণ্ডুলেকে শুধু শুব্দু বার করার গরজ কার হ'তে পারে ?

--কার গরজ হ'তে পারে তাকি আপনি এখনও জ্বানেন না ? আপনি কি কিছু বোঝেন নি ?

ভারণর রায় স্থির দৃষ্টিতে স্থান্ধতের মুখের দিকে চাইলেন; ভারপর বলতে লাগলেন: শুমুন স্থান্ধিতবাবু, মিধ্যা অভিমানের বশে লোর করে জীবনে হংখ:টেনে আনবেন না। রায়বাহাত্তর আর মঞ্র দলে দেখা করিয়ে দেবার জন্মেই আপনাকে ফলা করে এখানে এনেছিলাম, ভাতে আপনি আমায় হাস্তাম্পদ ক্রিরছেন। ভাতে

আমার কোন ক্ষতি নেই। এখন তাঁদের সঙ্গে সহজভাবে দেখা করবেন চলুন।

- ক্ষমা করবেন, তাঁদের সঙ্গে দেখা করবার কোন প্রয়োজন আমি দেখি না।
- —কোন প্রয়োজন দেখেন না ? রায়বাহাত্ত্ব আপনাকে কত স্নেছ করেন জ্ঞানেন ! মঞ্জুর মনের কথা কি আপনি কিছুই বোঝেন নি ?

ভাদের চলে আসার ঠিক পূর্বব মুহূর্ত্তে রংপুর ফৌশনে মঞ্জুর আবির্ভাবের কথা মনে পড়লো স্থঞ্জিতের। ভবে কি ? • • • • • কিন্তু না, সে শুধু কল্পনা।

স্থৃঞ্জিত বললে, এসব কোন কথাই আমি বুঝতে চাই না ডাঃ রায় ! ও আকাশ-কুস্তমে আমার লোভ নেই।

ডা: রায় আর একটা আঘাত পেলেন। তার সব ধারণাই কি ভুল ? সত্যি যদি ভুলই হয় তা হলে সেটা পরীকা করে দেখতে ক্ষতি কি ? এতদূর যখন এগিয়েছি, তখন আরও একটু অগ্রসর হওয়া যাক। স্থুজিত বললে, আচছা নমস্কার, আমি চললুম।

— দাড়ান, যাচ্ছেন কোথায় ?

স্থান্তিত বেতে বেতে ফিরে দাঁড়াল। ডাক্তার রায়ের মুখ দেখে মনে হোলো তিনি কিছু একটা স্থির করে ফেলেছেন। তিনি বললেন, আসল কাজের কথাই যে বাকী।

- —আসল কাজ ? স্বজিত আশ্চর্য্য হোলো।
- —হাঁা, যার জন্মে আপনাকে আনা হয়েছিল।
- —ডাকা হয়েছিল তো চাকরীর নাম করে।
- —সেই চাকরীই আপনাকে দেওয়া হবে। আপনি করতে রাজী আছেন, না চাকরী থোঁজা আপনার একটা ভান ?
- —ভান হ'লে কি আমার দরখান্ত পেছেন ? একটা কান্ধ দিয়েই ভো পরীকা করে দেখতে পারেন। যে কোন কান্ধ দিয়ে দেখুন—

বড় বা ছোট বে কোন কাব্দ, ভাতে বদি আমার গাফিলতি দেখেন তথন বা খুশী-তাই বলতে পারেন।

- —বে কোন কা**জ** করতে তা হ'লে আপনি প্রস্তুত ?
- —- নিশ্চয় ।
- —তা হ'লে যে কোন কান্ধ আপনাকে দেওয়া যেতে পারে। কি বলুন ?····আচ্ছা, আপনি গাড়ী চালাতে পারেন ?
  - --পারি।
- —বেশ, আজ্ব থেকে আপনার কাজ্ব আমার গাড়ী চালাবেন। আপত্তি আছে ?
  - -কিছু মাত্ৰ না

ডাক্তার রায় একটু চুপ করে থেকে আরও কি ধেন মনে মনে স্থির করে ফেললেন তারপর বললেন : শুমুন, আর একটা কথা। আপনাকে এই চেহারাভেই ড্রাইভারী করতে হ'বে। ছন্মবেশটা বুদলালে চলবে না।

- এই চেহারায় ?—স্থঞ্জিত আরও বেশী আশ্চর্য্য হো**র্লো**।
- —হাঁ এই চেহারায়। যে চেহারা নিয়ে আর্পনি চাক্দী খুঁজতে এসেছেন আমি শুধু সেই চেহারাই চিনি। আপনার অহ্য কোন চেহারা আমি মানবা কেন? স্থুজিত ভাক্তার রায়ের মতলবটা ঠিক ধরতে পারলো না। কিন্তু লোকটিকে সে মনে মনে শ্রাদ্ধা করতো, খুব খারাপ কোন উদ্দেশ্য যে তাঁর থাকতে পারে এ কথা সে বিশ্বাদ করতে পারলো না। তা ছাড়া, অভাবটা তার বর্ত্তমানে একেবারে চর্ম্বন্দ সীমায় পৌছেচে। এ সময় যদি সত্যই একটা চাকরী পাওয়া বায় সেটা সে ছাড়বে কোন্ সাহসে? ছল্মবেশে থাকতে তার স্থবিধেও তো কম নয়, জানাশুনো লোকের কাছে অন্তভঃ চক্ষুলজ্জায় পড়তে হবে না!

স্থান্ধিত ডাক্টার রায়ের প্রস্তাবে রাজী হয়ে গেল।
ভাক্তার রায় বললেন, আপনার কাজ কিন্তু আজু থেকেই শুরু ;

प्माक মানে এখনই। যান, গ্যারেকে গিয়ে গাড়ী বা'র করুন। রায়বাহাছরের বাড়ী যেতে ইবে।

## —রায়বাহাছুরের বাড়ী ?

না, না, স্থাজিতের পক্ষে সেটা অসম্ভব। ডাক্টার রার বদি মঞ্জুকে নিয়ে হাওয়া থেতে যান তা হ'লেও কি স্থাজিতকে গাড়ী চালাতে হবে না-কি ? অসম্ভব।

স্থান্ধিত প্রতিবাদ করতে যাচ্ছিল। ডাক্তার রায় গস্তীর মুখে বললেন, স্থান্ধিতবাবু strict obedience। চাকরী করতে এসে প্রশ্ন প্রতিবাদ চলবে না। আমি ওগুলো পছন্দ করি না।

মহাসমস্থায় পড়লো স্থব্জিত। একদিকে মান-মর্য্যাদা, হৃদয়ঘটিত দুর্ববলতা, আর একদিকে জীবনে প্রথম বেকারত্ব মোচনের স্থযোগ।

জ্ঞলের 6েয়ে রক্ত গাঢ়। চাকরীর মোহ স্থঞ্জিত ছাড়তে পা**রলো** না। ডাক্তার রায়ের কাছ থেকে চাবি নিয়ে গাড়ী বা'র করতে গেল। ডাক্তার রায় মনে মনে হাসলেন।

কলকাতায় মঞ্চুর কিছুই ভাল লাগছিল না। রংপুরের বাড়ীতে তবু দিবারাত্র ছুটোছুটি, মায়ার সঙ্গে খুনস্থটি, ঘোড়ায় চড়া এবং আরও পাঁচটা বাজে কাজ নিয়ে সময় কাটাবার উপায় ছিল, কিন্তু এখানে হয় চুপ করে বাড়ীতে বসে থাকা, নয়তো বড় জোর মোটরে চড়ে সিনেমায় যাওয়া, এ ছাড়া কিছুই করবার নেই। মঞ্চু ইাফিয়ে উঠলো। রায়বাহাছরকে বললে, আর কভদিন কলকাতায় থাকবে বাবা ? আমার ভাল লাগছে না।

রায়বাহাতুর বললেন, সে কি মা ? এই ভো সবে এসেছি, এর মধ্যে ভাল লাগছে না কি ? তা ছাড়া ওখানেও তো ভোর ভাল লাগছিল না।
——এখানেও লাগছে না। এমন একা একা থাকা যায়! মায়াকে
স্মানলেও তো পারতে।

- —রাশ্ববাহাতুর হাসতে হাসতে বঙ্গলেন, তারা সবাই আসবে মা, সবাই আসবে।
  - —সবাই আসবে! কবে <u>?</u>
  - —এই তোৰ বিয়েৰ দিনটা ঠিক হয়ে গেলেই।

মঞ্জুর মুখ আরও গম্ভীর হয়ে উঠলো, বললে, ও: বিয়ে! বিয়ে কি না করলেই নয় বাবা ?

রায়বাহাতুর সবিম্ময়ে মেয়ের মুধের দিকে চাইলেন: কেন রে ? এ বিয়েতে তোর তো কোন অমত নেই মা!

—কই আমি কি তা বলেছি ? বাইরে মোটরের শব্দ পাওয়া গেল।

রায়বাহার্ত্রর বললেন, বোধহয় ডাক্তার রায় এলেন। আমি এখনি আসছি, তুই ততক্ষণ আলাপ কর।

রায়বাহাত্বর ব্যস্ত ভাবে বেরিয়ে গেলেন। মঞ্জু ড্রেসিং টেবলের সামনে গিয়ে প্রসাধনে মন দিল। প্রসাধন শেষ করে চললো ডুয়িং রুমে।

ভাক্তার রায়কে নামিয়ে দিয়ে স্থঞ্জিত গাড়ী নিয়ে বাড়ীর বাইরে অপেক্ষা করছিল। মনে নানা চিস্তার ঝড়। জীবনে অনেক অভূত অবস্থায় পড়েছে, কিন্তু এমন বেকায়দায় পড়েনি কখনও। নিরুপায় স্থঞ্জিত চক্রবর্ত্তী গাড়ীর ষ্টিরারিং এ মাথা বেথে ঘুমোবার ভান করে রইলো।

ডাক্তার রায় ডুয়িংরুমে অপেক্ষা করছিলেন।

মঞ্জু ঘরে ঢুকে বললে, নমস্কার। আর কোন নতুন surprise এনেছেন নাকি ?

- —surprise! না: surprise আর কোথার হোলো। শুধু শুধু আপনাকে কন্ট দেওয়ার জন্মে কমা চাইছি।
- কফ কিসের! এক হিসেবে আমাদের তো **অবাকই** করে দিয়েছিলেন। বা একটা আবিকার দেখালেন!

- স্পার লজা দেবেন না। স্থামারই বোকামী! স্থান্ধত চক্রবর্তী নামটা দেখেই স্থামি নেচে উঠেছি, ও নামে বে আরও পাঁচ হাজার লোক থাকতে পারে সে থেয়াল আমার হয়নি।
- কিন্তু হঠাৎ আপনার স্থঞ্জিত চক্রবর্ত্তীকে থোঁজ্ববার থেয়াল হোলো কেন? এ ধারণা আপনার হোলো কি কারণে যে ভার থোঁজ পেলেই আমরা অবাক ও আহলাদে আট্থানা হয়ে যাব!

ভাক্তার রায় মার দিকে ভালো করে চাইলেন, তার চোখে চোখ রেখে বললেন, সে-ধারণাটা কি একেবাবেই ভূল মিস্ চ্যাটাড্জী ?
— নিশ্চয়ই ভূল। শুধু ভুল নয়, এ রকম ধারণা করা আপনার অস্থায়।

ভাক্তার রায় জবাব না দিয়ে মৃত্র হাসলেন।

মঞ্জু বলতে লাগলো : স্থজিত চক্রবর্তী কে এমন একটা লোক, কে তিনি আমাদের যে তাব জন্মে আমরা দিনরাত ভেবে মরছি ভাবছেন! তাঁকে খুঁজে পাওয়া না পাওয়ায় আমাদের কি আসে যায়!

ডাক্তার রায় বললেন, একটা সহজ কথা এবার সহজ ভাবে বলব মিস্ চ্যাটার্ল্জী, রাগ করবেন না। মিথ্যে অভিমানের বশে নিজের মনকে ফাঁকি দিয়ে সাধ করে অস্থবী হবেন না।

ডাক্তার রায়ের কথা শুনে মঞ্জু এক মূহুর্ত্ত স্তব্ধ হয়ে রইলো, ভারপর হঠাৎ যেন জলে উঠলো আগুনের শিখার মত: তার মানে ? আপনি কি বলতে চান ? স্থজিত চক্রবর্ত্তীর জন্মে আমি ভেবে মরছি, ভাঁকে—তাঁকে আমি ভালবেসেছি।

ডাক্তার রায় বললেন, সেটা কি এমন কিছু স্বায়া বা অসম্ভব! স্থাজিতবাবুকে ঈর্ঘা করলেও তার স্বাকর্যণ তো অস্বীকার করতে পারি না।

—আপনি কি স্থাজিত বাবুর জয়েট আজ এখানে এসেছেন?
মঞ্ বসেছিল, উঠে দাঁড়িয়ে বলতে লাগলো: আপনার সঙ্গেই আমার

বিষের ঠিক হয়েছে জানতাম। সেটা বদি জাপনার কাছে দায় বলেই মনে হয় তা হ'লে আর কারও কাঁধে আমায় নামাবার চেন্টা না করে স্পান্ট বললেই তো পারেন। স্থজিতবাবুকে বদলী দেবার চেন্টা না করেও ছাড়া পারেন।

ডাক্তার রায়ও উঠে দাঁড়িয়ে বললেন, যাক বাঁচলাম। কি খুশী যে আমায় করলেন মিসু চ্যাটাড্জী তা বলতে পারি না।

## —- খুনী ?

—খুশী নয। আব আমাদের বিষের কোন বাধাই রইলো না।
জানেন না সেই হতভাগা বাউণ্ডলেটাকে আপনি ভালবাসেন ভেবে
এই ক'দিন কি তু:খটাই না পেয়েছি। ষে কাঁটাটা রাতদিন মনের
মধ্যে খচ খচ করছিল সেটা একেবারে:•••

রায়বাহাতুর এই দিকেই আসছিলেন। দবজার বাহির থেকে কাঁটা কথাটা তাঁর কানে গেল। হস্তদন্ত হয়ে ঘরে চুকতে চুকতে তিনি বললেন, কাঁটা। কাব গলায় কাঁটা ফূটলো। ওরে এক গ্লাস জল, না, না একটা পাকা কলা—না, না, কী বলে…

তিনি জ্বিজ্ঞাস্থ দৃষ্টিতে ডাক্তারের দিকে চাইলেন।

ছাক্তার রায় হাসতে হাসতে বললেন, তার চেয়ে একটা পাঁজি চেয়ে আনতে বলুন।

- —পাঁজি! পাঁজি দেখে কাঁটা তোলাটা····
- —না, না, কাঁটা তুলতে নয় রায়বাহাতুর, পাঁজি দরকার বিয়ের ভারিথ ঠিক করতে।

রায়বাহাতুর প্রথমে যেন নিজের কানটাকেই বিশ্বাস করতে পারবেন না। ডাক্তার নিজে পাঁজি চাইছে····ভা হ'লে···

ব্যাপারটা বোধগম্য হ'তে ভিনি আহলাদে অন্থির হরে পড়লেন। ওঃ হো, বিয়ের তারিব। তারিব তা হ'লে এবার ঠিক করা বেভে পারে। দেরী করবার কোম দরকার নেই তা হ'লে ?

'—কিছু মাত্র না।' বলে ডাক্তার রায় মঞ্চুর দিকে এগিয়ে গেলেন, তারপর বললেন, শুধু আমার একটা অসুরোধ আছে মিস্ চ্যাটার্জ্জী। আপনি আমায় রংপুর দেখাতে চেয়েছিলেন—কাল সন্ধ্যায় আমি আপনাকে কলকাতায় ঘুরিয়ে সেই ঋণ একটু শোধ করতে চাই—

রংপুরের পূর্ণিমা পিয়েটারে অভিনয় করতে নেমে ডাক্তার রায় যথেষ্ট ভড়কে গিয়েছিলেন বটে, কিন্তু কলকাতায় নিজের অভিনয় শক্তি দেখে তিনি নিজেই মনে মনে মুগ্ধ হ'লেন।

রায়বাহাত্বর তাব প্রস্তাবে আপত্তির কোন কাবণ দেখতে পেলেন না, উৎসাহিত কঠে বললেন, বেশ ভো, বেশ ভো! সে আর এমন কি কথা! আক্ষই ভো যেতে পারে মঞ্জু।

- না, আজ নয় রায়বাহাত্ব । এতথানি সৌভাগ্যের জ্বন্থে আজ ঠিক প্রস্তুত নই। তা ছাড়া একেবারে ন চুন ড্রাইভার, তাকে তু একদিন পরাক্ষা না করে মিস্ চ্যাটাভ্র্তীকে নিয়ে বার হ'তে সাহস হয় না।
- আপনি আবার নতুন ড্রাইভার রাখলেন নাকি ? রায়-বাহাত্রর প্রশ্ন করলেন।

ভাক্তার রায় হাসতে হাসতে বললেন, একেবারে নতুন। তবে আমার ভরসা আছে, তু-একদিনের মধ্যে সে পাকা হাতের পরিচয় দিতে পারবে। রীতিমত একটা আবিকার বলা যায়।

মঞ্জুর দিকে চেয়ে তিনি ঘর থেকে বেরিয়ে গেলেন।

পরদিন বিকেলে বাড়ী থেকে বা'র হ'বার সময় ডাক্তার রাক্ষ একটা বেতের বাস্কেট দিলেন স্থান্ধিতের হাতে, বললেন, বতু করে রাখবেন। যখন চাইবো তথন এটা জামার হাতে দেবেন বুঝলেন ?

স্থাজিত ঘাড় নাড়লো।

রায়বাহাচুরের বাড়ীতে এসে মঞ্জুকে ধবর দেবার জন্মে ডাক্তার রায় ভিতরে চলে গেলেন। স্থান্ধিত কোডুহলী হয়ে বেতের বাক্ষেটটা পুলে দেবলো —ভিতরে একটা মদের বোভল, একটা গ্লাস এবং গোটা তুই সোডার বোতল। ডাজার রায় মদ খান! স্থজিতের বিম্ময়ের সামা-পরিসীমা রইলো না। এতদিন মামুষ চেনে বলে তার একটা অহঙ্কার ছিল, কিন্তু এখন মনে হ'তে লাগলো মূখ দেখে মামুষ ষাচাই করার মত ভুল আর নেই!

স্থান্ধিত তথনও অবাক হয়ে মদের বোতলটার দিকে চেয়ে ছিল, ডাক্তার রায় বেরিয়ে এলেন।

স্থাজিত বললে, এ আবার কি ব্যাপার মশাই। আপনার এসব রোগ আছে বলে তো জানতাম ন।

ভাক্তার রায় দিব্য সপ্রতিভ কঠে ইন্তর দিলেন: কিছুদিন চাকরী, করলে ক্রমশঃ সবই জানতে পারবেন। কিন্তু মনিবেব সগালোচনাটা কি তার সামনে করা উচিৎ। ডিসিপ্লিন, ডিসিপ্লিন মিঃ চক্রবর্ত্তী - ভুলবেন না আমি ডিসিপ্লিন চাই।

স্থাজিত বললেন, ডিসিপ্লিন আমি ভুলিনি, ছন্মবেশই তার প্রমাণ বিস্তু মিস চ্যাটাড্জী এগুলো দেখলে কি ভাববেন ?

ভাক্তাব রায় বললেন: তার চেয়ে আপনার এমন সহ**জ সভেজ গলা** শুনে তিনি কি ভাববেন তাই ভাবুন। আপনার চাকরীর qualification-এর মধ্যে তোতলামীটাও একটা গুণ, 'টা আপনার ভোলা উচিৎ দুয়া।

স্থাজিত মনে মনে ডাক্তার রায়ের উপর রীতিমত অপ্রসম ক্রিয়া উঠেছিল। এতক্ষণ আশা ছিল যে মদেব বোতল প্রভৃতির একটা সন্তোষজনক কৈফিয়ৎ হয়তো তিনি দেবেন, কিয়া তার নির্লভ্জ কথাগুলোর পর সে-আশাও রইল না। স্থাজিত বেশ ক্রুদ্ধভাবে বলে উঠলো, নেপুন, আপনার কাছে চাকরী নিয়েছি বলে আপনি যদি মনে করে থাকেন—

কথাটা শেষ করা হোলো না; দেখা গেল মঞ্ বাড়ী থেকে বেরিয়ে গাড়ীর দিকে আসছে। ডাক্তার রার সেদিকে ভার দৃষ্টি আকর্ষণু করে বললেন, এমন পরিকার গলা শুনলে মিস্ মঞ্চু আপনাকে চিনে ফেলতে পারেন, অবশ্য তাই বদি আপনার মন্তলব হয়---

মঞ্জ, এসে পড়লো গাড়ীর কাছে।

স্থৃঞ্জিত তাড়াতাড়ি বাস্কেটটা সরিয়ে ফেলে বললেঃ আ—আমার তা—তাই ম—মতলব। আমার য —যদি তা—তা—

ডাক্তার রায় বললেন, হাঁা, তারপর---?

মঞ্জ কিছু বুঝতে না পেরে বললে, ব্যাপার কি ডাক্তার রায় ?

- কিছু না। এই আমার ড্রাইভারকে একটু তাতাচ্ছিলাম।
- —তাতাচ্ছিলেন। মঞ্জু আশ্চর্য্য হয়ে চাইলো ডাক্তান্ত্রের দিকে। ডাক্তার রায় বললেন, হাা, মোটরের মতই আমার ড্রাইভারকে মাঝে মাঝে ভাতিয়ে নিতে হয় নইলে চলে না। নিন্ উঠে প্রভুন, জার দেরী করবেন না।

মঞ্জু গাড়ীতে উঠলো, ডাক্তার রায় তার পাশে গিয়ে বসলেন। স্থজিত গম্ভার মুখে গাড়িতে ফার্ট দিল।

সন্ধ্যা হয়েছে। ডাক্তার রায়ের গাড়ী এসে থামলো লেকের একটা জনবিরল অংশে। স্থজিত গাড়ী থেকে নেমে দরজা খুলে দিশা মঞ্জুকে নিয়ে ডাক্তার রায় নামলেন। মঞ্জু, বললে, সহর দেখাতে বেরিয়ে এখানে নামলেন যে বড ?

—সহর দেখানটা একটা ছল।—বলে ডাক্তার রায় স্থাঞ্জিতের দিকে চেয়ে হাসলেন। স্থাঞ্জিত যথাসম্ভব গাম্ভীর্য্য বজায় রেখে নিজের সাটের কাছে গিয়ে দাঁড়াল।

মঞ্জ, যেতে যেতে বললে, কেন বলুন তো, হঠাৎ এমন থেয়াল ? ডাক্তার রায় মঞ্জুর একেবারে কাছ ঘেঁসে যাচ্ছিলেন, হঠাৎ ভার হাত ধরে ফেলে বললেন, থেয়াল তো হঠাৎই হয় মিস্ চ্যাটার্জী। ভা ছাড়া এমন কিছু অগ্যায় থেয়াল তো নর, দু'দিন বাদে যার সলে বিয়ে হবে ভার সঙ্গে এই নির্জ্জনে একটু হাত-ধরাধরি করে চলবার সাধ কার না হয়।

সামনেই একটা বেঞ্চ পাওয়া গেল। মঞ্জুকে এক রকম জোর করেই ভার উপর বসিয়ে দিলেন। দূর থেকে স্থঞ্জিত জ্বলম্ভ দৃষ্টি দিয়ে ওদেব তুজনকে দেখতে লাগলো।

মঞ্জু বেঞ্চের উপর বসে বললে, আপনার মধ্যে এত কবিত্ব ছিল ডাক্তার রায় ৷

ডাক্তার রায় মঞ্জুর পাশটিতে বসতে বসতে বললেন, আমার ভেতর কত কি যে ছিল তা আবিকাব করে আমি নিজেই অবাক হয়ে ' বাচিছ মিস চ্যাটাজ্জী। অবশ্য এসবই আপনার গুণ, চকমকি না ঠকলে এ মরা কাঠে আগুন জ্লতো না।

ডাক্তার রায়ের আজকের ব্যবহারে মঞ্জুর রীতিমত ধট্কা লাগছিল, এই শাস্ত শিষ্ট মানুষটির এই আকস্মিক ছেলেমানুষীর সঠিক একটা কারণ হাজার চেফ্টা করেও সে খুঁজে পাচ্ছিল না। একটু চুপ করে থেকে সে বললে, অপনি কি আজ এখানে এই সব কথাই শোনাবেন ?

শুধু এই সব ? ডাক্তার রায় তার গাড়ীটার দিকে একবার চেয়ে নিয়ে কণ্ঠত্বর আর এক পর্দা চড়িয়ে দিয়ে বলতে লাগলেন: এর চেরে ভালো ভালো অক্তস্ত্র কথা আমি আপনাকে শোনাব, একটু ধৈর্য ধরুন। ডাইভার, এই ডাইভার—

ডাক্তার রায়ের ডাক শুনে হুঞ্জিড বেঞ্চের দিকে এগিয়ে এলো— মূখে-চোখে স্পন্ট বিরক্তি।

মঞ্জু ড্রাইভারকে আগতে দেখে বললে, একটু সরে বস্থন ডাক্টার বার, আগনার ড্রাইভার আগছে, কি ভাববে—

ভাক্তার রায় সবে বসবার আগেই হুন্ধিত এসে পড়লো। ভাক্তার রায় কিছুমাত্র বিব্রত বোধ না করে মঞ্জুর দিকে চেয়ে রইলের। বেন স্থান্তিকে দেখতেই পান নি। রাগে স্থান্তিরে কানের ডগা পর্যান্ত লাল হয়ে উঠেছিল, ইচ্ছে করছিল এক থাপ্পর মেরে বেরসিক ডাক্তারকে সেখান থেকে হটিয়ে দেয়; কিন্তু কিছুই সে করলো না। প্রাণপণে নিজেকে সংঘত করে মনিবের হুকুমের অপেক্ষায় দাঁড়িয়ে রইলো। ডাক্তার রায় কিন্তু ডাইভারকে তথনই কোন আদেশ দেওয়া দরকার মনে করলেন না, বরং তাকে শুনিয়ে শুনিয়ে বলতে লাগলেন, হাঁ;, ডাইভার আবার একটা মামুষ, তার আবার মনে করা! তান কিন্তু তোমায় মিদ্ চ্যাটাজা বলে আরু কত ডাকবো বল তো?

বলতে বলতে মঞ্জুর একটা হাত তিনি নিজের হাতের মধ্যে টেনে নিলেন। তৃতীয় ব্যক্তির উপস্থিতির ফলে মঞ্জু রীতিমত বিরক্তি বোধ করছিল, হাতটা ছাড়িয়ে নিতে নিতে সে আড়ফ ভাবে বললে, বেশ তাই বলবেন, কিন্তু—

স্থৃঞ্জিত কি করবে স্থির করতে না পেরে হঠাৎ কেসে ডাক্তার রায়ের দৃষ্টি আকর্ষণের চেন্টা করলো। ডাক্তার রায় এতক্ষণে ডাইভারের অন্তিত্ব সম্বন্ধে সচেতন হবার স্থাবোগ পেলেন যেন, বললেন: ওঃ, এই যে ডাইভার! গাড়ী থেকে বাস্কেটটা নিয়ে এসো দেখি।

এবার সত্যিই স্থব্জিতের গায়ের সমস্ত রক্ত যেন মাথায় উঠে গেল। বলে কি লোকটা ? ভদ্রমহিলার সামনে মদের বোতল বা'র করবে নাকি ?

ডাক্তার রায় আবার বললেন, শুনতে পাচছ না, আমার বাস্কেটটা নিয়ে এসো।

স্থুজিত বললে, দেখুন, এখনও আমি •••••

আরও কি যেন বলতে যাচ্ছিল স্থান্ধিত, ডাক্তার রায় তাকে ইন্সিডে নিষেধ করলেন। অর্থাৎ স্মরণ করিয়ে দিলেন যে সে প্রথমতঃ ড্রাইভার, দ্বিতীয়তঃ তোৎলা। স্থানি সা<del>/</del> ·

তার বলার উদ্দেশ্য ছিল আপনাকে আমি সাবধান করে দিচ্ছি, কিন্তু তার কথা শেষ হবার আগেই ডাক্তার রায় বললেন, সা রে গা মা সাধতে বলিনি, বাস্কেটটা আনতে বলেছি। চাকর-বাকরদের যদি একটু ডিসিপ্লিন জ্ঞান থাকে!

ক্ষুৰ্ন, মৰ্ম্মাহত স্থুজিত ফিরে গেল মোটরের দিকে বাস্কেটটা আনবার জন্মে।

ভাক্তাব রায় মনে মনে খুশী হয়ে উঠছিলেন। স্থাঞ্জিত চটেছে। অর্থাৎ ওমুধ ধবতে শুফ করেছে। দেখা যাক, আর কতক্ষণ সে আত্মসংখনের মহিমা প্রচার করতে পারে।

মঞ্জুর দিকে ফিরে ডাক্তার রায় বললেন, তারপর কি বলছিলাম তথ্য ?

মঞ্জ, বিরক্ত ভাবে বললে, আমি মুখস্থ করে রাখিনি, কিন্তু এখান থেকে উঠলে হয় না ?

- সে কি। এরই মধ্যে উঠবে কি। এখনও ভো চাঁদই উঠে নি!
- —আপনি কি চাঁদ দেখে এখান থেকে উঠবেন না কি ?
- —ভাইত ওঠা উচিৎ! সেই যে কবি কালিদাস বলে গেছেন—
- কি বলেছেন কবি কালিদাস ?
- —সেই বে—ঘরে যদি থাকো ত চাদ না উঠলে বাইরে ষেও না, বাইরে যদি থাকো ভো চাদ না দেখে ঘরে ফিরো না।

চাদ সম্বন্ধে চট্কদার কোন কথা শোনবার ধৈর্য্য মঞ্জুর ছিল না, কৃষ্ণ পক্ষের রাত—চাদ উঠতে এখনও অনেক দেরী, এই ভেবেই সে অম্বির হয়ে উঠেছিল; ডাক্তার রায়ের কথা শেষ হ'ডেই সে ঝক্কার দিয়ে উঠলো: কালিদাস ও-রকম কথা কখনও বলেন নি। ---বেশেন নি ? না বলে থাকলে অত্যস্ত অস্থায় করেছেন, বলা উচিত ছিল।

ইভিমধ্যে স্থঞ্জিত বাস্কেটটা নিয়ে ফিরে এসেছিল, ওটা সে বেঞ্চের উপর নামিরে রেথে একটু সরে দাঁভাল। ডাক্তার রায় বাস্কেট থেকে মদের বোতল আর গ্লাস বার কবলেন, তারপব সোডার বোতলটা খুলতে খুলতে মঞ্চর দিকে চেয়ে বলতে লাগলেন, তা ছাড়া----এমন জারগা ছেড়ে তোমার বাড়ী ফিরতে ইচ্ছে করে মঞ্জু ? মনে কবো এ জামাদের অভিসার রাত্রি—

্বলতে বলতে ডাক্তার রায় স্বজ্বতেব দিকে একটা চোরা চাহনি নিক্ষেপ করলেন; স্বজ্বিত বিবক্ত হয়ে আরও কয়েক পা পিছিয়ে গেঙ্গ।

ডাক্তার রায় এবার কণ্ঠস্বরে আরও একটু উচ্ছাস ঢেলে বলতে সাগদেন, এই নির্জ্জন প্রান্তরে শুধু তুমি স্বার আমি------

মঞ্জু আর সহু করতে পারলো না, উঠে দাঁড়িয়ে ভীত্র, ভীক্ষ কণ্ঠে বললে, আপনি ক্রমশঃ অত্যস্ত বাড়াবাড়ি করছেন ডাক্তার রায়।

'বাড়াবাড়ি।'—ডাক্তার রায় বোভল থেকে খানিকটা তরল পদার্থ গ্লাসে ঢেলে সোডা মিশিয়ে চুমুক দিলেন, ভারপর আবার বলভে শুরু করলেন: তুমি একে বাড়াবাড়ি বল মঞ্ছ। আমার ভালবাসার উচ্ছাসকে তুমি এমনি করে অপমান করছো। তুমি এত নিষ্ঠুর!

ভাক্তার রায় একটা দীর্ঘখাস ফেলে আবার মদের গ্রাসে চুমুক দিলেন। নিজের অন্তৃত অভিনয়-দক্ষতায় ভিনি হাসবেন না কাঁদবেন, ঠিক বুরতে পারছিলেন না।

মঞ্ বললে, আপনি ভদ্রলোক বলে আমার বিশাস ছিল। কিন্তু •••এটা কি হচ্ছে আপনার ?

—এটা ? ডাক্টার রারের কথাগুলো এবার একটু জড়িত হরে এলো —কেন, একটু drink করছি, কালিদাস বলেছেন, তুমি আমার পালে আর হাতে এই স্থরার পাত্র—

- —Hang your Kalidas! এই জন্মে আমায় এখানে এনেছেন, এইভাবে আমায় অপমান করবার জন্মে ?
- কি বলছ মশ্লু ? একটু drink করেছি বলে তুমি অপমান বোধ করছ ? আমাদের আমেরিকায় necking party-তে drink লা করলে মেয়েরা অপমান বোধ করতো —
- আমি আপনাদের আমেরিকার necking party-র মেয়ে নই।
  আমায় বাড়ী পৌছে দিন, আমি আর এক মুহূর্ত্ত এখানে থাক**ভে চাই** না।

ডাক্তার রায় গ্লাসে আরও খানিকটা মদ ঢেলে এক চুমুকে থেয়ে ফেললেন; তারপর মঞ্জুর হাভটা ধরে ফেলে বললেন, তুমি—তুমি রাগ করছ dearie! লক্ষ্মীটি, রাগ করো না — সারা জীবন বার সঙ্গে ঘর কর্ত্তে হবে তার ওপর এত তুচ্ছ কারণে রাগ করতে আছে।

স্থঞ্জিত অদূরে উত্তোজিত ভাবে পায়চারি করছিল; তাকে দেখে মনে হচ্ছিল, বুনো বাঘকে কে যেন খাঁচায় আটকে রেখেছে!

ভাক্তার রায়ের কথার জবাবে মঞ্জু বঙ্গলে, আপনার সঙ্গে সারা জীবন ঘর করতে হবে ? আপনাকে এভদিন চিনতে পারি নি ভাই— এখন বঙ্গছি, আমায় ছেড়ে দিন।

মঞ্জু সঞ্জোরে তার হাতটা ডাক্তার রায়ের হাত থেকে ছাড়িয়ে নিল। ডাক্তার রায় তাকে ধরবার জন্মে হাত বাড়াতে বাড়াতে বললেন, ভা কি হয় dearie! অভিসার-লগ্ন কি রুণা যাবে?

মঞ্জুর হাতটা তিনি আবার চেপে ধরলেন।

মঞ্জু বলতে লাগলো: ছাডুন, আমায় ছেড়ে দিন—আ**মায় ছেড়ে** দিন।…

স্থৃজিতের পক্ষে আর নিজ্রিয় দর্শকের ভূমিকায় অভিনয় করা সম্ভব হোলো না। মঞ্জু, তার মঞ্জু—এমনি ভাবে একটা মাডালের হাতে লাঞ্ছিত হবে, সে কি দাঁড়িয়ে দাঁড়িয়ে দেখতে পারে ? সে কিরে এলে। ওদের কাছে। ভাক্তার রায় ধমকে উঠলেন : তুম্—তুম্কোকোন্ বোলায়া ? বাও— স্থান্ধিত বললে, না।

- —না! এতদূর স্পর্জা?
- ---আপনাকে আমি ভাল কথায়--
- —ভাল কথায় ? what the devil you mean ? তুমি ভুল করছো, তুমি একটা ড্রাইভার। গেটু আউটু—

স্থাজিত মারবার জন্মে ঘূসি তুলেছিল, কিন্তু পারলো না, ভদ্রতা এসে বাধা দিল। রাগে, ছঃখে, অপমানে মাথা হেঁট করে সরে গেল।

্ ভাক্তার রায় বললেন, কিছু মনে করো না মঞ্জু, বেয়াদপ ড্রাইভারটাকে আমি কালই ভাড়িয়ে দেব।

ভিনি আবার মঞ্জুর দিকে এগিয়ে যাচ্ছিলেন, মঞ্জু তার কাছ থেকে সরে এসে ডাকলো, ডাইভার, ডাইভার—

স্থঞ্জিত থমকে দাঁড়াল।

মঞ্জু তার কাছে গিয়ে বললে, তুমি—তুমি আমায় একটু দয়া করে বাড়ী পৌঁছে দাও। আমি তোমায় যা চাও বখশিস্ দেব।

ডাক্তার রায় নাটকীয় ভঙ্গীতে হাততালি দিয়ে উঠলেন: বাঃ চমৎকার। শেষে ওই বেয়াদপ ড্রাইভারটা তোমার বিশ্বাসের পাত্র হ'লো মঞ্জু, ? কিন্তু তুমি ভূলে যেও না যে ও আমার ড্রাইভার—

মঞ্জু বললে, আপনার ড্রাইভার হ'তে পারে, কিন্তু আপনার মত মাতাল, বদমায়েস, ইতর নয়। ওর ভেতর আপনার চেয়ে হয়ত মনুষ্যুত্ব বেশী আছে—

ডাক্তার রায় মনে মনে উৎফুল্ল হয়ে উঠলেন। এমনি একটি মুহূর্ত্তের জম্মই তো তাঁর এত আয়োজন, এত চেফ্টা! চরম অভিনয়-প্রতিভার পরিচয় দেবার সময়ও তো এই।

মঞ্জুর দিকে চেয়ে তিনি বললেন, ডাই নাকি! কিন্তু তবু ওর সঙ্গে ভোমায় আমি বেতে দিতে পারি না। ভোমাকে এধানেই থাকতে হবে। ডাক্তার রায় এবার হাত বাড়িয়ে মঞ্চুকে প্রায় নিব্দের বুকের কাছে টেনে নেবার চেফ্টা করলেন।

স্থানি কাল, পাত্র ভুলে গেল। টান মেরে খুলে ফেললো মুখের গোঁফ-দাড়ি আর মাধার পাগড়িটা। তারপর গর্জ্জে উঠলো:
Lay off your hand!

ডাক্তার রায় চমকে ওঠার ভঙ্গী করে বললেন, ও বাবা! এতো ড্রাইভারের বুলি নয়। এ যে জন্ম চেহারা—

বেঞ্চ থেকে মদের বোতলটা তুলে নিয়ে তিনি এক ঢোক থেরে ফেললেন।

স্থঞ্জিত তার সামনে এসে বললে, স্থা, বাধ্য হয়েই এই চেহারা দেখাতে হোলো।

ডাক্তার রায় বিম্ময়-বিহ্বল কণ্ঠে বললেন, আরে এ বে বেকার বাউণ্ডুলে স্থজিত চক্রবর্ত্তী দেখছি! একেবারে নাটকীয় আবির্ভাব!

মঞ্জ্ বিহ্বল হয়ে পড়েছিল, স্থান্ধতের মুখের দিকে চেয়ে শুধু বললে, তুমি !····

স্থুজিত হাসতে হাসতে বললে, তুমি কি ভেবেছিলে ?

মঞ্জ, বললে, ভেবেছিলাম আমায় হয় তো ভুল বুঝেছ। হয় তো আর আমাসবে না—

স্থাজিত মঞ্জুর হাত ধরে বললে, সেই ভুলই স্মার একটু হলে করতে বাচ্ছিলাম।

ডাক্তাব রায় আবার হাততালি দিতে দিতে মত্ত কঠে বলে উঠলেন: বা:! চমৎকার মিলন দৃশ্য। কিন্তু এ দৃশ্যে আমার স্থানটা কোণায় জানতে পারি— ?

—আপনার স্থান আপাততঃ এইখানেই--এই মাঠের মার্রখানে। চল মঞ্জ — মঞ্জুকে নিয়ে স্থঞ্জিভ গাড়ীর দিকে চললো।

ডাক্তার রায় ভাদের দিকে চেয়ে দাঁড়িয়ে রইলেন। 'মুখে হানি!
মঞ্চ কে মোটরে তুলে স্থজিত গাড়ীতে ফার্ট দিল। ডাক্তার রায়
শ্বলিত পায়ে প্রায় ছুটতে ছুটতে গিয়ে গাড়ীতে ওঠবার চেফা
করলেন। স্থজিত তাকে ধাকা দিয়ে নামিয়ে দিয়ে বললে, তা হয়
না ডাক্তার রায়। এ গাড়িতে ছুজনের বেশী ঠাই নেই।

····কিন্তু গাড়ীটা কি আমার নয় ?—ডাক্তার রায় যেন শেষ চেষ্টা করলেন:

স্থৃঞ্জিত গাড়ী ছেড়ে দিয়ে বললে: ভয় নেই, গাড়ী ধ্থাসমক্ষে ক্ষেত্ৰৎ পাবেন।

অন্ধকার চারিদিকে গাড় হয়ে এসেছিল, তারমধ্যে গাড়ীটা হারিয়ে যেতে দেরী হ'লো না।

ডাক্তার বায় মদের বোতলটা ফেলে দিয়ে হাঁটতে শুরু করলেন।

হঠাৎ বড় ক্লাস্ত, বড় একা মনে হচ্ছিল। কিন্তু জীবনে এত ভাল অভিনয় তিনি কথনও করেন নি। রংপুরের পূর্ণিমা থিয়েটারের ম্যানেজার ভাগ্যে জোর করে তাঁকে স্টেজে ঠেলে দিয়েছিল, নইলে তাঁর এত বড় স্থপ্ত প্রতিভার কথা তিনি বোধহয় জানতেও পারতেন না। এই ভেবে তিনি খুশী হবার চেক্টা করছিলেন, কিন্তু হঠাৎ মনে হোলো চোখে কি পড়েছে। জল আসবে নাকি ?

হাসবার চেন্টা করলেন তিনি। দুটি লোক ভূল করে উপ্টোপথে চলে যাচ্ছিল, ভাদের তিনি ষথাস্থানে এনে মিলিয়ে দিয়েছেন। আজকের শ্বেচ্ছাকৃত ট্রাক্তেডির মধ্যে এইটুকুই তো ষথেষ্ট সাস্তুনা।

ভাক্তার রায় কোর করে পা তুটোকে টেনে নিয়ে চললেন…